NARSINGHA

# একদিন

EKDIN

ই-পেপার: www.ekdin-epaper.com

এগিয়ে চলার সঙ্গী

কলকাতা ১০ মার্চ ২০২৬ ২৫ ফাল্গুন ১৪৩২ মঙ্গলবার উনবিংশ বর্ষ ২৬৭ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 10.03.2026, Vol.19, Issue No. 267, 8 Pages, Price 3.00




'ইভিএমে কারচুপি করবে', চক্রান্তের নয়া তত্ত্ব মমতার

পৃঃ ৩


এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ

একদিন

Website : www.ekdinnews.com

http://youtube.com/@dailyekdin2165

Epaper : ekdin-epaper.com

দেখুন

শেয়ার এবং সাবস্ক্রাইব করুন



ভারত সরকার



## পশ্চিমবঙ্গে সুনিশ্চিত কৃষক কল্যাণ

প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির আওতায় প্রায় ১৩,০০০ কোটি টাকার আয় সহায়তা প্রদান করা হয়েছে, যার ফলে ৫৪ লক্ষ কৃষক উপকৃত হয়েছেন

কৃষি পরিকাঠামো তহবিলের মাধ্যমে ২৮০০ কোটিরও বেশি টাকা প্রদান করা হয়েছে, ফলে কৃষিজ পণ্য সংরক্ষণ এবং বাজারের সঙ্গে সংযোগ আরও শক্তিশালী হয়েছে

মৎসজীবিদের জীবিকা সহায়তার লক্ষ্যে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় ৫৪০ কোটি টাকারও বেশি বিনিয়োগ করা হয়েছে

কিষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে প্রায় ৫৮০ কোটি টাকার ঋণ প্রদান করা হয়েছে, ফলে ৮৮ হাজারেরও বেশি পশুপালক ও মৎস্য চাষি উপকৃত হয়েছেন

পার ড্রপ মোর ক্রপ উদ্যোগের আওতায় ১.২৫ লক্ষ হেক্টর জমিকে মাইক্রো সেচ ব্যবস্থার অন্তর্ভুক্ত করা হয়েছে

১ কোটিরও বেশি সয়েল হেলথ কার্ড প্রদান করা হয়েছে, ফলে কৃষি উৎপাদনশীলতা উন্নত হয়েছে

প্রায় ৩৮০টি কৃষক উৎপাদক সংগঠনের মাধ্যমে কৃষকদের উন্নত বাজারে প্রবেশের সুযোগ সৃষ্টি হয়েছে

কাঁচা পাটের ন্যূনতম সহায়ক মূল্য ২.৩৫ গুণ বৃদ্ধি করা হয়েছে, ফলে সরাসরি ৪০ লক্ষ কৃষক পরিবার উপকৃত হয়েছে



বিকশিত বাংলা
বিকশিত ভারত
প্রধানমন্ত্রী মোদীর সংকল্প

"ভারত সরকারের অব্যাহত প্রয়াস পশ্চিমবঙ্গের উন্নয়নের ভিত্তিকে আরও সুদৃঢ় করছে এবং রাজ্যের উন্নত ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।"

— প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

CBC 01101/13/0026/2526

# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## নাম-পদবী

গত ০৬/০৩/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, পূর্ব বর্ধমান, কোর্টে ৯০৫ নং এফিডেভিট বলে আমি Abdul Sayed Bora S/o. Late Abdul Salam Bora সাং গোলামপাড়া, বোহার, মেমারি, পূর্ব বর্ধমান-৭১৩৪২২, ঘোষণা করিয়াছি যে, ২০০২ সালের ভোটার লিস্টে (২৭৫ মেমারি বিধানসভা, অংশ নাম্বার ৬৯, ক্রমিক নাম্বার ১৯০, বর্ধমান) আমার ও আমার পিতার সঠিক নাম Abdul Sayed Bora S/o. Late Abdul Salam Bora-এর পরিবর্তে Aha Sayed Bora S/o. Aha Salam Bora এবং মাধ্যমিক (WBBSE) ডকুমেন্টে Abdul Syed Bora S/o. Abdul Salam Bora লিপিবদ্ধ আছে। আমি ও আমার পিতা Abdul Sayed Bora S/o. Late Abdul Salam Bora, Aha Sayed Bora S/o. Aha Salam Bora ও Abdul Syed Bora S/o. Abdul Salam Bora একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৫/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ৫৩২৪ নং এফিডেভিট বলে আমি Ayan Bandyopadhyay S/o. Biirendra Nath Bandyopadhyay ও Ayan Banerjee S/o. B. Banerjee সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৬/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ৫৫৮৩ নং এফিডেভিট বলে আমি Anita Singha Roy C/o. Debashis Singha Roy ও Anita Saren C/o. Somnath Saren সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।




## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ১০ই মার্চ। ২৫শে ফাল্গুন, মঙ্গল বার। সপ্তমী তিথি। জন্মে বৃশ্চিক রাশি। অষ্টোত্তরী ও বিংশোত্তোরী শনির মহাদশা কাল। মৃতে দ্বিপাদ দোষ।**

**মেষ রাশি :** শুভ। বাণিজ্যে অর্থ বৃদ্ধির সম্ভাবনা। লৌহ মেশিনারি বা ইমারতির দ্রব্য ব্যাবসায়ীদের শুভ। ছাত্র ছাত্রীদের জন্য ও শুভ। নতুন ব্যবসা বৃদ্ধির সম্ভাবনা। পরিবারে শান্তির বাতাবরণ। কোনো সুখবর নিয়ে বান্ধব বা স্বজন পরিবারে আসবে। প্রতিবেশীর দ্বারা সুখ বৃদ্ধি। জল, তরল পদার্থ, কেমিক্যালের এর ব্যবসা যারা করছেন তারা লাভবান হবেন। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ দিক পূর্ব। শুভ রং সাদা।

**বৃষ রাশি :** শশুর বাড়ির স্বজন আত্মীয় দ্বারা ছোট ভ্রমণের সুযোগ এবং তাদের দাঁড়ায় সম্মান বৃদ্ধির যোগ। আজ বিপদ মুক্ত। পরিবারে দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ বেরোবে। গুপ্ত শক্রর ষড়যন্ত্র থাকবে, তবে ক্ষতির সম্ভবনা নেই। নারীর দ্বারা সম্মান বৃদ্ধি। পুরাতন বান্ধব দ্বারা আর্থিক সুযোগ বৃদ্ধি। প্রবীণ প্রতিবেশি কিছুদিন আগেও যার সাথে বিবাদ ছিল তার দ্বারা সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের শুভ। মন্ত্র ওম গণ গণেশায় নমো। শুভ দিক উত্তর। শুভ রং ঘিয়ে।

**মিথুন রাশি :** পরিবারের কনিষ্ঠ সদস্য হতে সতর্ক থাকুন। আজকের দিনটা ভালো হলেও খুব সতর্ক থাকা ভালো। একসাথে পড়াশুনা করতেন এরকম বান্ধব দ্বারা সুখ বৃদ্ধি। বাড়িতে তালা দেওয়ার সময় তাড়াহুড়ো করবেন না, আপনার তাড়াহুড়োর কারণে মূল্যবান দ্রব্য কিছু দিন আগে ক্ষতি হয়েছে। ঋণ নি গ্রহণ করতে পারেন। মন্ত্র দুর্গে দুর্গে রক্ষিণী স্বাহা। শুভ দিক পূর্ব। শুভ রং সবুজ।

**কর্কট রাশি :** আজ ধনপ্রাপ্তি, অর্থপ্রাপ্তি, সম্পদপ্রাপ্তির প্রভূত সম্ভাবনা। বফন্ধু বান্ধব দ্বারা সুখ বৃদ্ধি। জলের মিস্ত্রি বাড়িতে আসলে আধার কার্ড বা পরিচয় পত্র নিতে ভুলবেন না। স্বামী-স্ত্রীর মধ্যে বিশেষ আলোচনায় পরিবারে নতুন কোনো জিনিস আসতে পারে। প্রতিবেশীর দ্বারা শুভ। বিদ্যার্থীদের শুভ। প্রবীণ নাগরিকদের সঙ্গে কথা বলার সময়ে প্রতিউত্তর না দেওয়া ভালো। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ রং সাদা। শুভ দিক পূর্ব।

**সিংহ রাশি :** ইলেকট্রিকাল দ্রব্য এসি, টিভি ফ্রিজ কেনার জন্য মনস্থির করছিলেন আজ শুভ দিন। পরিবারের আট বছরের নিচের কোনো শিশুর দ্বারা আনন্দ বৃদ্ধি গ্রোভবতী মায়েরা একটু সচেতন থাকুন। বিদেশ যাওয়ার পরিকল্পনা থাকলে একটু ভেবে নিন। বাড়ি-ঘর, জমি সংক্রান্ত সমস্যার নি সমাধানের পথ খুঁজে পাবেন। দীর্ঘদিন ধরে চলে আসা সমস্যার পথ এক বন্ধুর সহযোগিতায় মুক্ত হবে। বিদ্যার্থীদের পক্ষে শুভ। প্রেমিক যুগল সতর্ক থাকুন তাড়াহুড়ো করে কোনো সিদ্ধান্ত নেবেন না। মন্ত্র ওম নমঃ গণেশায়। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

**কন্যা রাশি :** সচেতনতা মূলক শান্তি। স্বামী স্ত্রী র গভীর আলোচনায় কেন তৃতীয় ব্যাক্তিকে টানছেন? লিভার, তলপেট, গলব্লাডার, নিয়ে যে সমস্যা তৈরি হয়েছিল তার থেকে মুক্তি। এক কৃষ্ণবর্ণ বান্ধব দ্বারা শুভ। পরিশ্রমের দ্বারা সফলতা কথাটা ভুলে গেলে আজ ক্ষতি। দূর ভ্রমণে না যাওয়া ভালো। স্পষ্ট কথা বলা ভালো তবে অন্যকে কষ্ট না দিয়ে। মন্ত্র নমঃ শিবায় / কৃষ্ণায়। শুভ রং সবুজ। শুভ দিক দক্ষিণ।

**তুলা রাশি :** বিষয় আসায় বিশেষ করে মৃত পিতার সম্প্রতি বা মৃত দাদুর সম্পত্তি থেকে আয় বৃদ্ধির নতুন পথ দেখা যাবে। আজ দাম্পত্য সুখ নিশ্চিত। পরিবারে ধন বৃদ্ধি, ব্যবসা বৃদ্ধি। গুপ্ত শত্রু প্রতিবেশী সেজে দুশ্চিন্তা বৃদ্ধি করবে। মায়েদের প্রসূতি রোগে কষ্ট বৃদ্ধি। স্বজন-পরিজন থেকেও না থাকার মতন। একটি সুখবর আসবে সান্ধ্যকালীন। প্রেমিক যুগল বিবাহের কথা পাকা করতে পারেন। মন্ত্র নমঃ শ্রী বিষ্ণু। শুভ রং সাদা। শুভ দিক পশ্চিম।

**বৃশ্চিক রাশি :** মনে এক আর মুখে এক, এই করলে বিপদ। প্রাণের বন্ধু আপনি যাকে ভাবতেন তিনি আপনাকে কেন এড়িয়ে চলছে? এক প্রভাব শালী রাজনৈতিক ব্যাক্তির দ্বারা ক্ষতির আশংকা। প্রেমিক যুগল সতর্ক থাকুন হঠাৎ বিবাদ-বিতর্ক শুরু হতে পারে। নষ্ট হয়ে যাওয়া সম্পর্ক থেকে দুঃখ প্রাপ্তি। পরিবারে গুরুজনের শরীর নিয়ে দুশ্চিন্তা। নিজ নাম এ নয় অন্যের সম্পত্তি থেকে লাভ প্রপ্তি। প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক শুভ হবে। মন্ত্র সং শনি দেবায় নমঃ। শুভ রং লাল। শুভ দিক পশ্চিম।

**ধনু রাশি :** কিছু শুভ। যাকে এতদিন শত্রু মনে করতেন আজ তিনি আপনার বন্ধু রূপে বিশেষ কোনো উপকার করবে। পরিবারের নাবালক আত্মীয় দ্বারা সুখ বৃদ্ধি। বান্ধব সহযোগে ভ্রমণের দ্বারা অতীব শুভ। বাড়ির পোষ্য কুকুর বা বেড়াল থেকে সমস্যা তৈরী হবে। অর্থ বৃদ্ধি নাহলেও শুভ সংকেত আগামীকাল দেখা যাবে। সন্ধ্যার পর কোনো নিমন্ত্রনে গেলে লাভ প্রাপ্তি। মন্ত্র দুর্গা মন্ত্র। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

**মকর রাশি :** এক প্রিয়জনের সহযোগিতায় নৈরাশ্য হতাশা কাটবে আনন্দ প্রাপ্তি। গুরুর মন্ত্র নিলেন কিন্তু পুজোপাঠ জপ-তপ এ আপনার মন নেই, তাহলে দৈব কৃপা কেমন করে পাবেন। গ্রহ স্থিতি অনুসারে বান্ধব দ্বারা বা মোবাইল ফোন দ্বারা কোনো স্বজন সম্পর্কে শুভ সংবাদ প্রাপ্তি হবে। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং কালো। শুভ দিক পশ্চিম।

**কুম্ভ রাশি :** স্বজন বান্ধব সহ আনন্দ প্রাপ্তি। পরিবারে শান্তির বাতাবরণ। আপনার মনে সেবা মূলক ভাব ঈশ্বরের প্রতি বিশ্বাস, সমাজে কোনো শুভ কিছু করার চিন্তা আজ আপনার রাশির উপ অতীব শুভ যোগ তৈরি করছে। হঠাৎ করে অর্থ প্রাপ্তি। প্রেমিক যুগল ধৈর্য ধরুন শুভ হবে। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং নীল। শুভ দিক পশ্চিম।

**মীন রাশি :** সতর্ক থাকুন। আজ ছোট ঘটনা নিয়ে যদি অধৈর্য হয়ে পড়েন পরিবারে বিবাদ বিতর্ক সৃষ্টি হয় তাহলে সুখ কি করে আসবে? আজ সতর্ক বি থাকার দিন। প্রেমিক যুগল আজ কথা না রক্ষার জন্য ছোট বিবাদ বড় আকার নেবে। কোর্ট কেসে যে মামলাটি আছে আজ সেই বিষয় দুঃখ প্রাপ্তি হবে। গৌড় বর্ণের শত্রু থেকে সতর্ক থাকুন।। মন্ত্র শিব মন্ত্র। শুভ রং হালকা হলুদ। শুভ দিক উত্তর।

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

## নাম-পদবী

গত ২৮/১/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, চন্দননগর, হুগলী, কোর্টে ১১২৪ নং এফিডেভিড বলে আমি Megha Biswas D/o. Mrinal Majumder, W/o. Anupam Biswas, R/o. Surerpukur, Bisoharitala, Chandannagar, Hooghly, ঘোষণা করিয়াছি যে, আমার পিতার ভোটার কার্ডে (Epic no. WB/27/182/441411) আমার পিতার সঠিক নাম Mrinal Majumder-এর পরিবর্তে Majumder Babu লিপিবদ্ধ আছে। আমার পিতা Mrinal Majumder S/o. Late Chinmoy Majumder & Majumder Babu S/o. Late Chinmoy Majumder সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

আমি, Mangala Soren D/o. Shyamcharan Soren গত ইংরাজীর ২৫/০২/২০২৬ তারিখে ইসলাম ধর্ম গ্রহন করিয়া ও নাম পরিবর্তন করিয়া Mangala Soren হইতে Mangala Babi নামে পরিচিত হইয়াছি। গত ইংরাজীর ০৯/০৩/২০২৬ তারিখে নোটারী পাবলিক, সদর হুগলী কোর্টে ১০৬০ নং এফিডেভিট বলে Mangala Babi ও Mangala Soren R/o. Kalapukur, Madpur, Tarakeswar, Hooghly-712410, W.B. এক ও অভিন্ন ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ২৮/১/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, চন্দননগর, হুগলী, কোর্টে ১১২৩ নং এফিডেভিড বলে আমি Mrinal Majumder S/o. Late Chinmoy Majumder, R/o. Dinemardanga Colony, Gondalpara, Chandannagar, Hooghly-712137, ঘোষণা করিয়াছি যে, আমার ভোটার কার্ডে (Epic no. WB/27/182/441411) আমার সঠিক নাম Mrinal Majumder-এর পরিবর্তে Majumder Babu লিপিবদ্ধ আছে। আমি Mrinal Majumder S/o. Late Chinmoy Majumder & Majumder Babu S/o. Late Chinmoy Majumder সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৬/০৩/২০২৬, S.D.E.M., সদর, হুগলী, কোর্টে ৪২ নং এফিডেভিট বলে আমি Abdul Halim Haldar ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Islam Haldar ও I Haldar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

## নাম-পদবী

গত ২৬/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ৫৫৮০ নং এফিডেভিট বলে আমি Ajoy Kumar Nath S/o. Dulal Chandra Nath ও Ajay Nath S/o. D. Nath সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## নাম-পদবী

গত ০৯/০৩/২০২৬, S.D.E.M., সদর, হুগলী, কোর্টে ১৪ নং এফিডেভিট বলে আমি Tejo Yadav ও Teju Yadav S/o. Habaldar Yadav সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

## আমমোক্তারনামা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **১)শ্রী মৃত্যুঞ্জয় ঘোষ** পিতা ৺লক্ষ্মীকান্ত ঘোষ, **২)শ্রী দেবদুলাল ঘোষ, ৩)শ্রী দিপঙ্কর ঘোষ,** ২-৩ পিতা শ্রী মৃত্যুঞ্জয় ঘোষ, সকলের সাকিম দমদমা, আয়মা-নবাবপুর, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯, মহাশয়গণ বিগত ইং ১৬/০৬/২০২৩ তারিখে এ.ডি.এস.আর., পান্ডুয়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত I-03106/2023 নং আমমোক্তারনামা দলিল মূলে আমাকে **(সৌরভ আলি** পিতা সওকত আলি, সাকিম কুলিপুকুর, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯) ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত আমমোক্তারনামা দলিল মূলে আমি তপশীল- জেলা হুগলী, থানা পান্ডুয়া, মৌজা আয়মা-নবাবপুর, ৮৪ নং জে.এল ভুক্ত, হাল এল.আর. ৪১৫, ৮৭৬ ও ৮৮২ নং খতিয়ান হইতে আর.এস. তথা হাল এল.আর. ৭৬৪ নং দাগে শুনা জমি ষোল আনায় ৪৩ শতকের মধ্যে ৫ কাঠা বা ৮.২৫ শতক সম্পত্তি বিগত ইং ১২/০৮/২০২৪ তারিখে এ.ডি.এস.আর., পান্ডুয়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত I-04314/2024 নং বিক্রয় কোবালা দলিল মূলে **সেখ সফিকুল ইসলাম** পিতা মরহুম নুর আলম, সাকিম দাঁপুর, চাঁদপুর, পান্ডুয়া, হুগলী-৭১২১৫২, মহাশয়কে বিক্রয় করিয়াছি। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতা সেখ সফিকুল ইসলাম পিতা মরহুম নুর আলম, তাহার উক্ত খরিদা সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও পান্ডুয়া ব্লক অফিসে আবেদন করিয়াছেন/করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি - সৌরভ আলি (আমমোক্তার)

## CHANGE OF NAME

I, **Sabir Ahamed Khan,** S/O Late Ismail Khan,residing at Vill: Champatala Road, P.O.-Joynagar Mozilpur, P.S.- Joynagar, Dist.- South 24 Parganas, Pin- 743337, W.B., do hereby declare that in my Aadhaar Card, Pan Card & Voter Card my correct name has been recorded as **"Sabir Ahamed Khan"** but in Driving License my name has been wrongly recorded as **"Sabir Khan"** in place of **"Sabir Ahamed Khan". "Sabir Ahamed Khan"** and **"Sabir Khan"** are the same and one identical parson through an affidavit 1st class Judicial Magistrate Alipur Court, Kolkata, dt. 02.02.2026.

### বিজ্ঞপ্তি

আমার মক্কেল শ্রীমতি রাধাদেবী বর্মা বিগত ইং ২০২১ সালে DSR II হুগলীতে রেজেস্ট্রীকৃত ২০৫০২৬/২০২১ নং. সাফ কোবালা দলিল মূলে চাতরা মৌজায় জে.এল. নং. ১০, আর.এস. দাগ নং. ১৫৭৯, এল.আর. দাগ নং. ১৮৭৩, এল.আর. খতিয়ান নং. ১৪৪০৮, ১৪৪০৯, ১৪৪১০, ১৪৪১১, ১৩৫৭, ১৪৪২ থেকে মোট ১কাঠা ০৪ ছটাক ডোবা বিক্রয় কোবালা মূলে খরিদ করেন। যাহার বিক্রেতা গীতারানী দেবী দীং গন, তারা উক্ত দলিলে ধনঞ্জয় দত্তকে আমমোক্তার নিযুক্ত করেন। যাহার নং. ০৮৩৩৩/২০১৩, ARA III কলকাতা থেকে রেজেস্ট্রী হয়। উক্ত আমমোক্তার নামাটি অদ্যাবধি বলবৎ আছে। আমার মক্কেল মিউটেশন এর জন্য বি এল আর ও শ্রীরামপুরে আবেদন করিবেন। যদি এই বিষয়ে কাহারো কোন রূপ আপত্তি থাকে তবে বিজ্ঞপ্তি প্রকাশের ২১ দিনের মধ্যে সংশ্লিষ্ট বি এল আর ও অফিসে আপত্তি দাখিল করিবেন।

আশীষ কুমার চ্যাটার্জী
এ্যাডভোকেট, জজ কোর্ট, হুগলী

## আমমোক্তারনামা বিজ্ঞপ্তি

পঃ বঃ সরকারের ভূমি দপ্তরের গত ইং ২৭/০২/২০২৪ তারিখের আদেশ অনুসারে আমমোক্তারনামা সংক্রান্ত বিজ্ঞপ্তি। এতদ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, আমি সীমা রানী সরকার গত ইং ২৪/০৫/২০১৯ তারিখে A.D.S.R কৃষ্ণনগর অফিসে ৪৬০৬/২০১৯ নম্বর দলিল বলে ইন্দ্রজিৎ সরকার মহাশয়ের নিকট হইতে কৃষ্ণনগর ০৯২ নং মৌজায় L.R- 15721 দাগে L.R-16225 নং খতিয়ানে ৩.৩০ শতক সম্পত্তি খরিদ করিয়াছি, যাহা ইন্দ্রজিৎ সরকার A.D.S.R কৃষ্ণনগর অফিসে IV-51/2015 নম্বর আমমোক্তারনামা বলে জীবন বিশ্বাস দীগের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার পম্পা চ্যাটার্জ্জী (ঘোষ) এর নিকট হইতে খরিদ করিয়াছিল। উপরোক্ত বিষয়ে কারো কোনো আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে B.L.&L.R.O কৃষ্ণনগর-I ও A.D.S.R কৃষ্ণনগর অফিসে যোগাযোগ করুন। অন্যথায় আমার মক্কেল দ্বারা সমস্ত আইন মোতাবেক সকলপ্রকার কার্যক্রম হইবে।

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, আমার মক্কেল **সন্ধ্যা মান্ডি ওরফে সন্ধ্যা মান্ডি বৈদ্যনাথ** স্বামী বৈদ্যনাথ মান্ডি, পিতা সুমায় টুডু, সাকিম রাজিপুর, কানানদী, ধনিয়াখালী, হুগলী-৭১২৩০২, মহাশয়া তাহার তফশিলি উপজাতি সাঁওতাল সম্প্রদায় ভুক্ত সম্পত্তি যাহা জেলা হুগলী, থানা ধনিয়াখালী এর সামীল, ৫৮ নং জে. এল. ভুক্ত, পারাম্বুয়া মৌজায়, হাল এল.আর. ১২৯২ নং খতিয়ানে, এল.আর. ২৫১৪, ২৫৪১, ২৫৪২ ও ২৫৪৪ নং দাগে শুনা জমি, ৩৫ শতক সম্পত্তি তফশিলি উপজাতি সম্প্রদায়ের মধ্যে বিক্রয় করিবেন। ইচ্ছুক তফশিলি উপজাতি ব্যক্তি ১৫ দিনের মধ্যে উপরোক্ত ঠিকানায় যোগাযোগ করিবেন। প্রকাশ থাকে যে, যদি কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের উক্ত সম্পত্তির ওপর কোনো দাবী, অংশ, স্বত্ব, অধিকার বা অন্য কোনো আপত্তি থাকে, তবে তারা এই নোটিশ প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে যথাযথ প্রামাণ্য নথিসহ আমার মক্কেলের সহিত (ফোন নং-৭০৬৩৭০৫৮৮৪) যোগাযোগ করবেন। উল্লিখিত সময়সীমার মধ্যে কোনো আপত্তি বা দাবী উত্থাপিত না হলে, তা পরিত্যক্ত বলে গণ্য হবে এবং ভবিষ্যতে কোনো দাবী গ্রহণযোগ্য হবে না। অতঃপর আমার মক্কেল নির্ধারিত বিক্রয় লেনদেন সম্পন্ন করবেন।

**ইতি- মীর মহঃ কলিমুদ্দিন (উকিলবাবু), চন্দননগর কোর্ট, হুগলী**

### বিজ্ঞপ্তি

**In the Court of Ld. District Judge, Purba Medinipur at Tamluk**

**ACT VIII CASE NO- 11/2025**

মমতাজ বিবি দীং ....... দরখাস্তকারীগন
বনাম
সেক সাফিল দীং..... ..... প্রতিপক্ষ।

এতদ্বারা সর্ব সাধারনকে জানানো যাইতেছে যে, ১নং দরখাস্তকারিনী তাহার নাবালিকা কন্যা **আরফিন খাতুন, আহেদা খাতুন** ও নাবালক পুত্র **সেক আরাবুল ইসলাম** এর Guardian নিযুক্ত হইবার ও তাহার পক্ষে পূর্ব্ব মেদিনীপুর জেলার এগরা থানার অন্তর্গত হামারজিতা মৌজার, জে. এল. নং ৪২, খতিয়ান নং ১০১৭,১০১৮,১০১৯, দাগ নং ২৫৮ বাস্তু ৪.৫৮৬ ডেসিমল সম্পত্তি বিক্রয়ের অনুমতি প্রার্থনায় উপরোক্ত আদালতে উক্ত মোকদ্দমা উত্থাপন করিয়াছে।

উপরোক্ত সম্পত্তি বিক্রয় সম্বন্ধে ও Guardian নিযুক্ত হইবার বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে তাহারা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে অত্র আদালতে উপস্থিত হইয়া এ্যাডভোকেট বাবুর দ্বারা আপত্তি দাখিল করিবেন। অন্যথায় আইন মোতাবেক কার্য্য করা হইবে।

অদ্য সন ২০২৬ সালের ২১/০১ তারিখে আমার স্বাক্ষর ও মোহর যুক্ত মতে দেওয়া গেল।

অনুমত্যানুসারে
**শ্রী মধুসূদন হাঁসদা (সেরেস্তাদার)**
পূর্ব মেদিনীপুর জেলা ও দায়রা জজ আদালত তমলুক।

## নোটিশ

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে **অরূপ কুমার দত্ত ওরফে অপরূপ দত্ত** পিতা- হরিলাল দত্ত-৩৯৪ লেক গার্ডেন, কলকাতা-৭০০০৪৫, দক্ষিণ ২৪ পরগনা - তাহার নিম্ন তপশীল সম্পত্তি **শ্যামল দত্ত** পিতা-মৃত বিভূতি ভূষণ দত্ত ,সাং- ফ্ল্যাট নং-৪বি, ১৭৬/১৪/পি-১৬, রিজেন্ট স্টেট, কলকাতা-৭০০০৯২, মহাশয়কে আমমোক্তার নামা যাহার নং-৩৯১১/২০২৩, তাং-২৩/০৩/২০২৩ এ আর এ-২, কলকাতা মূলে হস্তান্তর করার অনুমতি সহ সমস্ত ক্ষমতা প্রদান করিয়াছেন।

তাহাতে কারো যদি কোনো আপত্তি থাকে, তাহা হইলে অত্র নোটিশের ৭ দিনের মধ্যে বি এল এল আর ও-গড়বেতা-৩ মোকামে সমস্ত কাগজপত্র সহ জানাইবার জন্য আহ্বান করা হইতেছে।

তপশীল:- জেলা-পশ্চিম মেদিনীপুর, মৌজা-লোছনগড়, জে এল -৭২৭, খতিয়ান-০২,০৯, দাগ নং- ৬৬১, ৭৪৩, ৭৪৪, ৭৪৫, ৭৫৩, ৮০৫, ৮০৬, ৮২৬ পরিমান-৪১ ডেঃ।

**Susanta Kumar Jana**
**Advocate**
Enro. No.- F 886/2007
Midnapore Judges' Court

### বিজ্ঞপ্তি

আমার মক্কেল সেখ সবুর হোসেন, পিতা- মৃত লোকমান হোসেন, ইংরাজী- ১৩/০২/২৩ সালের A.D.S.R. Bankura রেজিষ্ট্রি আফিসে 493 দলিল মূলে মৌজা বারবাকড়া জে.এল নং ১১০, এল.আর. মাপের ১১৪৮ নং খতিয়ানে সাবেক ও হাল ১০৩ নং দাগে কানালী ০.০০৫ একর, সাবেক ও হাল ২০১ নং দাগে কানালী ০.০২৫ একর, সাবেক ও হাল ২০৫ নং দাগে কানালী ০.০০৫ একর, সাবেক ও হাল ২১০ নং দাগে কানালী ০.০০০১ একর, সাবেক ও হাল ২১৮ নং দাগে কানালী ০.০০৫ একর, সাবেক ও হাল ২১৯ নং দাগে কানালী ০.০১ একর, সাবেক ও হাল ২২২ নং দাগে শোল ০.০১৫ একর, সাবেক ও হাল ২২৪ নং দাগে শোল ০.০৩ একর, সাবেক ও হাল ২৪৯ নং দাগে শোল ০.০১৫ একর, সাবেক ও হাল ২৫১ নং দাগে শোল ০.০০৫ একর, সাবেক ও হাল ২৫৭ নং দাগে শোল ০.০১ একর, সাবেক ও হাল ২৫৮ নং দাগে শোল ০.০০৫ একর, সাবেক ও হাল ২৬২ নং দাগে শোল ০.০১৫ একর, সাবেক ও হাল ২২৭/১১৩৮ নং দাগে শোল ০.০১৫ একর, সর্বমোট ০.১৬০১ একর বা ১৬.০১ শতক ফাঁকা জমি সেখ আলি হোসেন মহাশয়ের নিকট ক্রয় করিয়া মিউটেশানের জন্য আবেদন করেন। উক্ত জমি সেখ আলী হোসেন মহাশয় বিগত ইং ৩০/১০/২০১৪ সালের উক্ত অফিসে রেজিষ্ট্রিকৃত ৩৪১/২০১৪ নং পাওয়ার দলিল মূলে আমমোক্তার সামেদা বিবি মহাশয়কে বিক্রয় ক্ষমতা অর্পন করেন। উক্ত বিষয়ে যদি কাহারো কোন আপত্তি থাকে তাহলে ছাতনা BL & LRO অফিসে ১৫ দিনের মধ্যে আপত্তিসহ যোগাযোগ করিবেন।

Submitted by
Madhu Sudan Chatterjee, Advocate,
Judge Court Bankura

## আমমোক্তারনামা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে, **১)আনোয়ারা খাতুন** স্বামী সেখ ইয়াসিন আলী, সাকিম দাঁপুর, চাঁদপুর, পান্ডুয়া, হুগলী-৭১২১৫২, **২)আঙ্গুরা বিবি** স্বামী সেখ আব্দুল রহিম, সাকিম মাগুড়া উত্তর, মাগুরা, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯, **৩)মনোয়ারা খাতুন** স্বামী ইমতিয়াজ হোসেন মন্ডল, **৪)সাহেরা খাতুন ওরফে সাহেরা বেগম** স্বামী সেখ নাসিরুল্ল ইসলাম, ৩-৪ সাকিম নমাজগ্রাম দক্ষিণপাড়া, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯, **৫)জাহেরা বেগম** সেখ আব্দুর রহমান স্বামী সেখ আবু তালেক ওরফে আবু তালেব, সাকিম পোঁটবা, ভিটাসিন, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯, সকলের পিতা মরহুম সেখ আব্বাস আলি, মহাশয়াগণ বিগত ইং ২২/০৯/২০২১ তারিখে এ.ডি.এস.আর., পান্ডুয়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত IV-00101/2021 নং আমমোক্তারনামা দলিল মূলে আমাকে **(৬)সেখ আনোয়ার আলী** পিতা মরহুম সেখ আব্বাস আলি, সাকিম নমাজগ্রাম দক্ষিণপাড়া, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯,) ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন এবং **৭)সেখ সাজাহান, ৮)সেখ ওসমান আলি,** উভয়ের পিতা মরহুম সেখ আব্বাস আলি, **৯)আরজু বানু** স্বামী মরহুম সেখ আক্কাস আলি, **১০)সেখ আসিফ ইকবাল, ১১)আজিজা ইয়াসমিন,** ১০-১১ পিতা মরহুম সেখ আক্কাস আলি, সকলের সাকিম নমাজগ্রাম দক্ষিণপাড়া, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯, মহাশয়/মহাশয়াগণ বিগত ইং ০৮/০৮/২০২৩ তারিখে এ.ডি.এস.আর., পান্ডুয়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত I-04224/2023 নং আমমোক্তারনামা দলিল মূলে আমাকে **(১২)সেখ আব্দুর রহমান** পিতা মরহুম সেখ আব্বাস আলি, সাকিম নমাজগ্রাম দক্ষিণপাড়া, পান্ডুয়া, হুগলী-৭১২১৪৯,) ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন। প্রকাশ থাকে যে, উক্ত দুইটি আমমোক্তারনামা দলিল মূলে ও স্বয়ং ক্ষমতা বলে আমরা আমমোক্তার গ্রহীতাদ্বয় তপশীল- জেলা হুগলী, থানা পান্ডুয়া, মৌজা নমাজগ্রাম, ১০৪ নং জে.এল ভুক্ত, হাল এল.আর. ৬৮ নং খতিয়ান হইতে আর.এস. তথা হাল এল.আর. ১০০৪ নং দাগে শালি বর্তমানে ভিটি জমি ষোল আনায় ৫৪ শতকের মধ্যে ১৫১৫ বর্গফুট বা ২.১০ কাঠা বা ৩.৪৮ শতক সম্পত্তি বিগত ইং ২৫/১১/২০২৫ তারিখে এ.ডি.এস.আর., পান্ডুয়া, হুগলী, অফিসে রেজিষ্ট্রীকৃত I-06371/2025 নং বিক্রয় কোবালা দলিল মূলে **সেখ ফিরোজ** পিতা মরহুম সেখ রকিম, সাকিম পান্ডুয়া রওজাপাড়া, পান্ডুয়া, হুগলী-৭২১৪৯, মহাশয়কে বিক্রয় করিয়াছি।

এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে, বর্তমান ক্রেতা সেখ ফিরোজ পিতা মরহুম সেখ রকিম, তাহার উক্ত খরিদা সম্পত্তি নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল এ্যান্ড এল.আর.ও পান্ডুয়া ব্লক অফিসে আবেদন করিয়াছেন/করিতেছেন। ইহাতে কাহারও কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার হইবার আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন, অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য করা হইবে।

ইতি - ১) সেখ আনোয়ার আলী
২) সেখ আব্দুর রহমান, (আমমোক্তারদ্বয়)

### বিজ্ঞপ্তি

**In the 2nd Court of Civil Judge (Sr. Division), Midnapore, Paschim Medinipur.**

**Title Suit- 313/2019**

শম্ভুনাথ বাগ ......... বাদী
বনাম
শক্তিপদ বাগ দিং .... বিবাদীগণ

এতদ্বারা জানানো যাইতেছে যে, পশ্চিম মেদিনীপুর জেলার আনন্দপুর থানার অন্তর্গত আনন্দপুর মৌজায় নিম্নলিখিত তপশীল বর্ণিত সম্পত্তি লইয়া বাদী **শম্ভুনাথ বাগ শক্তিপদ বাগ** দিং বিবাদীগণের বিরুদ্ধে T.S. -313/19 নং চিহ্নিত বিভাগ বন্টন প্রার্থনায় দ্বিতীয় সিভিল জর্জ (সিনিয়র ডিভিশন) আদালতে মেদিনীপুর - এ উপরোক্ত নং মোকর্দ্দমা উত্থাপন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমা ১(খ) **সুমন বাগ** পরলোকগমন করিলে তাহার ওয়ারিশনগণ পত্নী ১(খ) (১) **শ্রীমত্যা শর্মিলা বাগ,** স্বামী - সুমন বাগ ও তাঁহার কন্যা ১ (খ) (২) **কুমারী সোনাক্ষী বাগ,** পিতা- ৺সুমন বাগ উভয় সাং+ পোঃ+ থানা- আনন্দপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর বিবাদী শ্রেণীভুক্ত হইয়াছেন। উক্ত মোকর্দ্দমায় **শর্মিলা বাগ ও সোনাক্ষী বাগের** কোনো আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি জারির ১ মাসের মধ্যে হুজুর আদালতে স্বয়ং বা উপযুক্ত উকিলবাবু নিযুক্ত করিয়া কাগজপত্র লইয়া উপস্থিত হইবেন। নতুবা আপনাদিগের বিরুদ্ধে আইন মোতাবেক কার্য্য করা হইবে।

**নালিশী সম্পত্তির বিবরণ**

জেলা- পশ্চিম মেদিনীপুর, থানা- ও মৌজা- আনন্দপুর।

| এল.আর. খতিয়ান নং | আর.এল. দাগ নং | এল.আর. দাগ নং | পরিমাণ |
|---|---|---|---|
| ৪৩৬৪ | ২২৭৬ | ৩৩৫৮ | ০.০৭৪০ |
| ৪৩৯১ | ২২৭৬/৩০২২ | ৩৩৬৬ | ০.০২০১ |
| ৪৫৯৮ | ২২৭৪ | ৩৩৬১ | ০.০২২৯ |
| ৪৩৬৪ | ২২৭৩ | ৩৩৬২ | ০.০১৭৪ |
| ৪৩৯১ | ২২৭৬/৩০২৩ | ৩৩৬৪ | ০.০০৫৬ |
| ৪৩৯১ | ২১৯৪ | ৩৩৭২ | ০.০৭৫০ |
| | | ২১৯৩ | ০.০৭৫০ |

**মোট - ০.১৬৬৩৩ একর**

ইতি- **সুপ্রিয় পাত্র (সেরেস্তাদার)**
মেদিনীপুর দ্বিতীয় সিভিল জজ (সিনিয়র ডিভিশন) আদালত
মেদিনীপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর।

## সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসমক্ষে অবগত করানো যাইতেছে যে, আমরা অর্থাৎ ১) শ্রীমত্যা পদ্মারানী পাল, স্বামী- মৃত দিলীপ কুমার পাল, ২) শ্রীমত্যা রাধারাণী ভট্টাচার্য, স্বামী- মৃত সঞ্জয় ভট্টাচার্য এবং ৩) শ্রী প্রসেনজিৎ ভট্টাচার্য, পিতা- মৃত সঞ্জয় ভট্টাচার্য; নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তির আইনানুগ ভোগদখলিকার ও স্বত্ত্ববান মালিকগণ হইতেছি। কিন্তু বর্তমানে, আমরা তিনজন তাহার উত্তরাধিকারগণ নানাবিধ অসুবিধা হেতু এই সুবিশাল সম্পত্তি রক্ষণাবেক্ষণ তথা সুষ্ঠু পরিচালনার দায়ভার পালনে অক্ষম হইয়া পড়িতেছি।এক্ষণে, এই সম্পত্তি বিক্রয় করিবার নিমিত্তে আগামী ইংরেজি ২০২৬ সালের সেপ্টেম্বর মাস এর মধ্যে উক্ত সম্পত্তির হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হবে এই আশা রাখি। এমতাবস্থায়, ভাড়াটেগণ মধ্যে কারোর এই সম্পত্তি হস্তান্তর বিষয়ে যদি কোন বক্তব্য থাকে তবে এই নোটিশ প্রকাশের অনূর্দ্ধ ১৫ দিনের মধ্যে লিখিত আকারে ডাকযোগে আমাদিগের নিজস্ব ঠিকানায় জাহির করিতে পারেন।

-::তপশীল::- জেলা- নদীয়া, থানা- কোতোয়ালী, সাব-রেজিস্ট্রি অফিস- কৃষ্ণনগর, পরগনা- উখড়া, হাল ৭ নং তৌজির মহাল ৯২ নং কৃষ্ণনগর মৌজায় বর্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর পক্ষে নিযুক্ত নদীয়া জেলা কালেক্টর সাহেবের সেরেস্তার অধীন লিখিত আর. এস. ২৫৬৮২ নং এল. আর. ৪৮৪২ নং দাগে আর. এস. ৭৮০২ নং এল. আর. ১৯৫২৯ নং এবং ১৯৫৩০ নং খতিয়ানে লিখিত চার (৪) শতক জমি এবং তদুপরিস্থিত তিন তলা বাড়ি, যাহা কৃষ্ণনগর পৌরসভার ২৩ নং ওয়ার্ডের এম. এম. ঘোষ লেনস্থিত ১৪৩ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে।

Soumik Chakraborty, Advocate
District Judge's Court, Nadia

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, আমার মক্কেল **শ্রীমতী টুডু ওরফে স্বপন টুডু** স্বামী স্বপন টুডু, সাকিম উত্তর পাড়া, নিমডাঙ্গা, ধনিয়াখালী, হুগলী-৭১২৪০২, মহাশয়া তাহার তফশিলি উপজাতি সাঁওতাল সম্প্রদায় ভুক্ত সম্পত্তি যাহা জেলা হুগলী, থানা ধনিয়াখালী এর সামীল, ৫৮ নং জে. এল. ভুক্ত, পারাম্বুয়া মৌজায়, হাল এল.আর. ৯১৭ নং খতিয়ানে, এল.আর. ২৫১৪, ২৫৪১, ২৫৪২, ২৫৪৩ ও ২৫৪৪ নং দাগে শুনা জমি, ৩৭ শতক সম্পত্তি তফশিলি উপজাতি সম্প্রদায়ের মধ্যে বিক্রয় করিবেন। প্রকাশ থাকে যে, যদি কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গের উক্ত সম্পত্তির ওপর কোনো দাবী, অংশ, স্বত্ব, অধিকার বা অন্য কোনো আপত্তি থাকে, তবে তারা এই নোটিশ প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে যথাযথ প্রামাণ্য নথিসহ আমার মক্কেলের সহিত (ফোন নং-৭৬০২৪৭১১৬৬) যোগাযোগ করবেন। উল্লিখিত সময়সীমার মধ্যে কোনো আপত্তি বা দাবী উত্থাপিত না হলে, তা পরিত্যক্ত বলে গণ্য হবে এবং ভবিষ্যতে কোনো দাবী গ্রহণযোগ্য হবে না। অতঃপর আমার মক্কেল নির্ধারিত বিক্রয় লেনদেন সম্পন্ন করবেন।

**ইতি- মীর মহঃ কলিমুদ্দিন (উকিলবাবু), চন্দননগর কোর্ট, হুগলী**

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

**অ্যাড কানেক্সন**
**সন্তোষ কুমার সিং**
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা,
**ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১**
ইমেইল- **adconnexon@gmail.com**

**এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র**
**সেখ আজাহার উদ্দিন,** বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, **মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬**

হুগলি

**মা লক্ষ্মী জেরক্স সেন্টার,**
**সবাণী চ্যাটার্জি,** ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, **মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।**

**জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,**
**প্রসেনজিৎ সামন্ত,** ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, **মোঃ ৯৮৩১৬৯৯২৪৪**

নদিয়া

**টাইপ কর্ণার,**
**নিরঞ্জন পাল,** ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, **মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮**

**রাজ টেলিকম,**
**অমিতাভ বিশ্বাস,** ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, **মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।**

**সুজয়া উদ্যোগ সমূহ,**
**শ্রীধর অঙ্গন,** বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, **মোঃ ৯৩৩৩২২০৬৫৯।**

**অবসর,**
ডি. বালা, চাকদহ, নদিয়া। **মোঃ ৭৪০৭৪৮০১০৮।**

**সবিতা কমিউনিকেশন,**
**প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার,** ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, **মো-৮১০১৩ ৭৩৫৮১**

পূর্ব মেদিনীপুর

**আইনক্স অ্যাড এজেন্সি**
**সুরজিৎ মাইতি,** পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, **মোঃ ৯৭৩২৬৬৬০৫২**

**শ্যাম কমিউনিকেশন,**
**দেবব্রত পাঁজা,** দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, **মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬**

**মানসী অ্যাড এজেন্সি,**
**শশধর মান্না, মেচেদা ও তমলুক,** ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, **মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭**

পশ্চিম মেদিনীপুর

**মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি**
দুর্গেশ চন্দ্র শুক্লা, ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১ **মোঃ ৮৯১৮০৬৩৪৪৬**

**শিলাবতী অ্যাড এজেন্সী,**
**রেখা দাস,** নিউ মার্কেট (খিরিশ তলা), ঘাটাল, পশ্চিম মেদিনীপুর, **মোঃ ৯৯৩৩৩৫০৫৩৩**

মুর্শিদাবাদ

**পি' অ্যাডস্ সলিউশন,**
**অমিত কুমার দাস,** ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন-৭৪২১০৩। **মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/ ৮৪৩৬৯৯৩০১৯।**

বীরভূম

**সংবাদ সারাদিন,**
**মৃণালজিৎ গোস্বামী,** সিউড়ি, নিউ জঙ্গলপাড়া, বীরভূম-৭৩১১০১। **মোঃ ৯৬৭৪১৭০২২৪, ৯৭৭৫২৭৬০২১।**

**মিডিয়া হাউস,**
**প্রঃ- পরিতোষ দাস,** কীর্ণাহার স্টেশন রোড, থানা- নানুর, বীরভূম। **মোঃ ৯৪৩৪৩৪৮৮১৯, ৯১৫৩০৬০২০৯।**

**লক্ষ্মী অনুষ্ঠান ভবন,**
**প্রযত্নে দীপক কুমার মণ্ডল,** নতুন বাসস্ট্যান্ড, রামপুরহাট, বীরভূম। **মোঃ ৯৯৩৩০০২৭৩১/ ৯৩৩৩৩১২৬৭১।**

# সংবিধান রক্ষায় সরকার বদলের ডাক শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যের রাজনৈতিক পরিস্থিতি এবং প্রশাসনের ভূমিকা নিয়ে তীব্র আক্রমণ শানালেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সোমবার সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে তিনি রাজ্য সরকারের বিরুদ্ধে পক্ষপাতিত্ব, প্রশাসনিক অপব্যবহার এবং সাম্প্রদায়িক রাজনীতির অভিযোগ তোলেন। তাঁর বক্তব্য, বর্তমান পরিস্থিতিতে গণতন্ত্র ও সংবিধানের মর্যাদা রক্ষা করতে হলে সরকারের পরিবর্তনই একমাত্র পথ।

বক্তৃতায় শুভেন্দু দাবি করেন, রাজ্যের প্রশাসনের একটি অংশ নিরপেক্ষতা হারিয়ে শাসকদলের স্বার্থে কাজ করছে। তাঁর কথায়, আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব যাদের, তাদেরই অনেককে দলীয় প্রভাবের অধীনে কাজ করতে দেখা যাচ্ছে। এতে গণতন্ত্রের ভিত্তিই দুর্বল হয়ে পড়ছে। তিনি আরও বলেন, রাজনৈতিক সুবিধা নিতে সমাজকে বিভাজনের চেষ্টা করা হচ্ছে। তাঁর অভিযোগ, ভোটের সময় নির্দিষ্ট সম্প্রদায়ের আবেগকে কাজে লাগিয়ে রাজনৈতিক লাভ তোলার চেষ্টা করা হচ্ছে। এই ধরনের রাজনীতি বাংলার ঐতিহ্যের পরিপন্থী। বিরোধী দলনেতা প্রশাসনিক সিদ্ধান্ত নিয়েও প্রশ্ন তোলেন। তাঁর বক্তব্য, কিছু ক্ষেত্রে সরকারি কর্তাদের বিরুদ্ধে অভিযোগ উঠলেও ব্যবস্থা নেওয়া হয়নি। প্রশাসন যদি সত্যিই নিরপেক্ষ হয়, তবে সংশ্লিষ্ট আধিকারিকদের বিরুদ্ধে এখনও কেন পদক্ষেপ হয়নি, তার উত্তর রাজ্য সরকারকেই দিতে হবে, বলেন তিনি। সুপ্রিম কোর্টের সাম্প্রতিক পর্যবেক্ষণের প্রসঙ্গ টেনেও তিনি সরকারের সমালোচনা করেন। শুভেন্দুর দাবি, দেশের সর্বোচ্চ আদালতের মন্তব্যেও বর্তমান প্রশাসনের কার্যপ্রণালী নিয়ে প্রশ্ন উঠেছে। আসন্ন নির্বাচনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, মানুষ সব দেখছেন। যদি সংবিধানের মর্যাদা ও গণতন্ত্রকে শক্তিশালী রাখতে হয়, তবে আগামী ভোটে পরিবর্তনের সিদ্ধান্ত জনগণকেই নিতে হবে।




*মেট্রো রেলে উদযাপিত হল আন্তর্জাতিক নারী দিবস।*





*বিধানসভায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষিত হলেন রাজ্যসভার ৫ প্রতিনিধি। তৃণমূল থেকে রাজ্যসভায় গেলেন রাজীব কুমার, বাবুল সুপ্রিয়, কোয়েল মল্লিক, মেনকা গুরুস্বামী। বিজেপি থেকে রাজ্যসভাতে গেলেন বিজেপি নেতা রাহুল সিনহা। সোমবার বেলা ৩টের পর সবাই নিজেদের সার্টিফিকেট গ্রহণ করেন বিধানসভার সেক্রেটারি থেকে। মেনকা গুরুস্বামীর হয়ে সার্টিফিকেট নেন মন্ত্রী অরূপ বিশ্বাস। চিত্র—অর্পিতা বেরা*

# ভোটের দিন মার খেয়েও বুথ আগলে পড়ে থাকতে হবে: অর্জুন সিং



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** ভোটের দিন মার খেয়েও বুথ আগলে দলীয় কর্মীদের পড়ে থাকার পরামর্শ দিলেন ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং। সোমবার পরিবর্তন যাত্রা শেষে নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রের দেবপুকুর ইউনিভার্সাল ময়দানে সভায় বক্তব্য রাখতে গিয়ে দলীয় কর্মীদের উদ্দেশ্য তাঁর পরামর্শ, ভোটের দিন কেউ বুথ ছেড়ে পালাবেন না। মার খেয়ে বুথ আগলে পড়ে থাকতে হবে। কেউ মোবাইল ফোন বন্ধ রাখবেন না। সনাতনীদের একজোট হওয়ার বার্তা দিয়ে পদ্ম শিবিরের লড়াকু নেতা বলেন, ২০২৬ সালের বিধানসভা নির্বাচন সনাতনীদের পক্ষে শেষ নির্বাচন। এই নির্বাচনে তাঁদের জিততেই হবে। কিন্তু তৃণমূল যদি ফের ক্ষমতায় আসে। তাহলে বাংলায় সনাতনীরা টিকতে পারবে না। প্রসঙ্গত, কলকাতা সফরে এসে দেশের দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে দফায় দফায় বিক্ষোভের মুখে পড়তে হয়েছে। এপ্রসঙ্গে তিনি বলেন, বাংলার সংস্কৃতিকে পুরো নষ্ট করে দিয়েছেন মমতা ব্যানার্জি। এখানে রাষ্ট্রপতিকে যেমন অপমান করা হয়। তেমনি নির্বাচন কমিশনারকে কালো পতাকা দেখানো হয় এবং নির্বাচন কমিশনারকে বিক্ষোভও দেখানো হয়। এটাই তো এখন বাংলার সংস্কৃতি।




NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী








৫ আলুর ন্যায্য দামের দাবিতে কৃষক বিক্ষোভ

এসআইআরের জেরে বধূর 'মৃত্যু', অনাথ হল দুই সন্তান ৫



কলকাতা ১০ মার্চ ২০২৬ ২৫ ফাল্গুন ১৪৩২ মঙ্গলবার উনবিংশ বর্ষ ২৬৭ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 10.03.2026, Vol.19, Issue No. 267, 8 Pages, Price 3.00


# কড়া মেজাজেই ভোটের পাঠ

## বাদ বৈধ ভোটার, ফের শীর্ষ আদালতে দরবার

**নয়াদিল্লি, ৯ মার্চ:** এসআইআর নিয়ে ফের মামলা। সোমবার একদিকে যখন কলকাতায় বলে দফায় দফায় বৈঠকে ব্যস্ত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ঠিক তখনই সুপ্রিম কোর্টে নতুন মামলা হল এসআইআর নিয়ে। যাঁদের নাম চূড়ান্ত তালিকায় বাদ পড়েছে, তাঁদের তরফে মামলা করা হয়েছে। তাঁদের পক্ষে আইনজীবী হিসেবে আবেদন করেছেন মেনকা গুরুস্বামী। দ্রুত শুনানির আর্জি জানান তিনি।

এদিকে গত ২৮ ফেব্রুয়ারি নির্বাচন কমিশন চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার পর নজরে আসে ৬০ লক্ষের বেশি নাম বিচারাধীন। খসড়া তালিকাতে বাদ পড়েছিল প্রায় ৬০ লক্ষের নাম। তা নিয়ে সরব হতে দেখা যায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এর প্রতিবাদে ধর্মতলায় ধরনাতেও বসেছেন তিনি। এই পরিস্থিতিতে সুপ্রিম কোর্টে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়া হয়েছে বলেই অভিযোগ তুলতে দেখা গেল আইনজীবী তথা তৃণমূলের রাজ্যসভার প্রার্থী মেনকা গুরুস্বামীকে। তিনি এদিন আদালতে দাবি করেন, আগে ভোট দিয়েছেন এমন বহু নাগরিকের নাম বাদ দেওয়া হয়েছে। তাঁদের নথি নেওয়াই নাকি হয়নি। তাতে বিচারপতি জানান, তিনি এভাবে এই মামলা শুনতে পারেন না। বিচারবিভাগীয় আধিকারিকদের সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করা যায় না বলে উল্লেখ করেণ প্রধান বিচারপতি। এরপরই আইনজীবী মেনকা গুরুস্বামী প্রধান বিচারপতির বেঞ্চে ব্যাখ্যা করেন যে আবেদনকারীদের নাম ভোটার তালিকা থেকে বাদ পড়েছে এবং তাঁদের নথিও নেওয়া হচ্ছে না। সূত্রে খবর, মঙ্গলবার মূল মামলার সঙ্গেই এটি শুনবেন প্রধান বিচারপতি সূর্য কান্ত। আদালতে আইনজীবী দাবি করেন, আগে ভোট দিয়েছেন এমন বহু নাগরিকের নাম বাদ দেওয়া হয়েছে। তাঁদের নথি নেওয়াই নাকি হয়নি। তাতে বিচারপতি জানান, তিনি এভাবে এই মামলা শুনতে পারেন না।

## গাফিলতি রেয়াত নয়, সাফ বার্তা জ্ঞানেশের

**নিজস্ব প্রতিবেদন:** নির্দেশ না-মানলে বিভাগীয় তদন্তের মুখে পড়তে হতে পারে। এ বার তা নিয়ে সকল জেলাশাসক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপারকে সতর্ক করে দিল নির্বাচন কমিশন। নির্বাচনের সময়ে যেন কোনও বোমা বা পিস্তলের খবর না-পাওয়া যায়, তা নিয়েও সতর্ক করে দেওয়া হয়েছে বলে সূত্রের খবর। জানা গিয়েছে, বোমা এবং পিস্তল যথাসম্ভব বাজেয়াপ্ত করার জন্য নির্দেশ দিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার।

এদিন রাজ্য পুলিশের ডিজি (আইনশৃঙ্খলা) বিনীত গোয়েলকে ভর্ৎসনা করেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। সোমবার দুপুরে প্রশাসনের আধিকারিকদের নিয়ে কমিশনের ফুল বেঞ্চের বৈঠকে 'ধমক' খান রাজ্য এবং কেন্দ্রের বিভিন্ন আধিকারিক। সূত্রের খবর, কমিশনের বার্তা, প্রত্যেকের কাজের 'ডিজিটাল ফুটপ্রিন্ট' আছে। জেলাশাসক হোন বা পুলিশ কমিশনার, গাফিলতি দেখলে কাউকে রেয়াত করা হবে না।

জানা গিয়েছে, রাজ্যে এসআইআরের কাজে কয়েক জন আধিকারিকের ভূমিকায় অসন্তুষ্ট কমিশন। 'সভ্য সমাজে ভোটের সময় কেন গুলি-বোমা?' ৬ ঘণ্টার ম্যারাথন বৈঠকে ক্ষুব্ধ কমিশনের প্রশ্ন। কমিশনের একটি সূত্রের দাবি, রাজ্য এবং কেন্দ্রের ২৪টি সংস্থার আধিকারিকদের বৈঠকে জ্ঞানেশের হুঁশিয়ারি, 'পদক্ষেপ করুন। না হলে শুধু চা নিয়েই বসে থাকতে হবে।' কমিশনের ওই সূত্রের দাবি, বৈঠকে রাজ্যের আধিকারিকদের উদ্দেশে বার্তা দেওয়া হয়েছে, যদি কেউ ভাবেন, দেড় মাসের জন্য কমিশন সক্রিয়, তার পরে আর নয়, তা হলে সেটা একেবারে ভুল ভাবনা। অন্য দিকে, নামপ্রকাশে অনিচ্ছুক এক জেলা আধিকারিক বলেন, 'কমিশন বলেছে, ইচ্ছাকৃত গরমিল বা গাফিলতি প্রমাণ হলে, এমন জায়গায় দাঁড় করিয়ে দেওয়া হবে, যেখান থেকে ফেরার সুযোগ থাকবে না।'

একই সঙ্গে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই), বিমানবন্দর কর্তৃপক্ষ, আবগারি, মাদক নিয়ন্ত্রক সংস্থাও (নার্কোটিক্স) কমিশনের ভর্ৎসনার মুখে পড়ে। ওই সময় কলকাতার প্রাক্তন সিপি এবং বর্তমান ডিজি (আইনশৃঙ্খলা) বিনীতও মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশের 'কোপে পড়েন।' সূত্রের দাবি, 'নার্কোটিক্স অ্যাডভাইসরি কমিটি' একমাত্র এ রাজ্যে কেন নেই, তা নিয়ে প্রশ্ন তুলেছিলেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ। ওই বিষয়ে পদক্ষেপ করা হবে বলে রাজ্য দাবি করলেও, তা সন্তুষ্ট করতে পারেনি কমিশনকে। তা নিয়ে বলতে উঠতেই জ্ঞানেশের ধমক খান বিনীত। কমিশনের পর্যবেক্ষণ, পশ্চিমবঙ্গ ব্যতীত অন্যান্য রাজ্যে অনেক আগে পদক্ষেপ করা হয়েছে। এত দিনেও এ রাজ্যে তা কেন করা হয়নি? সে নিয়ে বিনীত ব্যাখ্যা দিতে গেলে, তাঁকে বসতে বলা হয়। জ্ঞানেশ জানান, কমিশন সব তথ্য রেখেছে।

এর পর আবগারি দপ্তরকে কমিশন নির্দেশ দিয়েছে, মদের উৎপাদন যাতে স্বাভাবিকের থেকে বেশি না-হয়, তা নিশ্চিত করতে হবে উৎপাদক সংস্থাগুলির সঙ্গে কথা বলে। সীমান্ত এলাকায় মদ উৎপাদন বন্ধ করতে বলা হয়েছে। পাশাপাশি, অবৈধ অর্থ উদ্ধারে আরবিআই কেন তৎপর হতে পারছে না, তা নয়েও প্রশ্ন তোলে কমিশন। জ্ঞানেশ জানান, কেন্দ্র বা রাজ্য, 'ভুল করলে' কোনও সংস্থাকেও রেয়াত করা হবে না। গাফিলতি হলে জবাব দিতে হবে। করা হবে পদক্ষেপও।




## ষোল দফা দাবি পেশ বিজেপির, তালিকায় সরব তৃণমূল-সিপিএম

**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গে এসে রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠক করেছে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বাধীন নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। বৈঠকে সব দলই রাজ্যে এক বা সর্বোচ্চ দু'দফায় ভোট করানোর আর্জি জানিয়েছে। সঙ্গে অবাধ, সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে কমিশনকে সহযোগিতার আশ্বাসও দিয়েছে। তবে কমিশনের বৈঠকে রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) নিয়ে সরব হয় তৃণমূল এবং সিপিএম। বিজেপি তোলে তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের 'কাটা আঙুল' সংক্রান্ত মন্তব্যের প্রসঙ্গ।

তৃণমূলের তরফে কমিশনের বৈঠকে চন্দ্রিমা ছাড়াও ছিলেন ফিরহাদ হাকিম, রাজীব কুমার। ওই হোটেল থেকে বেরিয়ে চন্দ্রিমা বলেন, 'এসআইআর নিয়ে যা-ই বলি, ওঁরা বলছেন, মামলা সুপ্রিম কোর্টে আছে। তা হলে আর আমাদের ডাকলেন কেন? ডেকেছেন যখন, আমাদের কথা তো শুনতে হবে। সুপ্রিম কোর্টে যাওয়াটা কি আমাদের অন্যায় হয়েছে? বেশ করেছি সুপ্রিম কোর্টে গিয়েছি। যাব না কেন? মানুষকে রক্ষা করা আমাদের দায়িত্ব।' এর পরেই জ্ঞানেশের আচরণে ক্ষোভ উগরে দেন তিনি। বলেন, 'আমি মহিলা, আমাকে বলছেন ডোন্ট শাউট! মহিলাদের প্রতি আসলে ওঁদের শ্রদ্ধা নেই। তাই মহিলাদের নামও কেটে দিচ্ছে। আমার নাম না থাকলে সেটা প্রমাণ করার দায়িত্ব তো আপনার! কেন আমাকে লাইনে দাঁড়াতে হবে? মহিলাদের উপর চেঁচানোটা আপনাদের কাজ নয়।'

পাশাপাশি কোনও বৈধ ভোটার যাতে বাদ না পড়ে তা নির্বাচন কমিশনকে নিশ্চিত করতে হবে বলেও জ্ঞানেশ কুমারকে জানিয়ে এসেছেন বলেও জানিয়েছেন চন্দ্রিমা ভট্টাচার্য।

অন্যদিকে, বৈঠকে জগন্নাথ চট্টোপাধ্যায় তাপস রায় প্রমুখ বিজেপি প্রতিনিধিরা কমিশনের কাছে একাধিক দাবি ও অভিযোগ তুলে ধরেন। পরে সাংবাদিক বৈঠকে বিজেপি জানায়, ২০২৬ সালের বিধানসভা নির্বাচন হিংসা ও ভয়মুক্ত করতে কমিশনের কাছে ১৬ দফা দাবি পেশ করা হয়েছে। তাদের দাবি, ভোটাররা যাতে কোনও ধরনের ভয় বা চাপ ছাড়াই ভোট দিতে পারেন, সেই পরিবেশ নিশ্চিত করতে হবে। বিজেপির অভিযোগ, রাজ্য পুলিশ যেভাবে কেন্দ্রীয় বাহিনীকে ব্যবহার করছে, তাতে বাহিনীর কার্যকারিতা ব্যাহত হচ্ছে। তাই কেন্দ্রীয় বাহিনীকে আরও স্বাধীনভাবে ও কার্যকরভাবে কাজে লাগানোর দাবি জানানো হয়েছে কমিশনের কাছে। পাশাপাশি ভোটের দফা কমানোর দাবিও জানানো হয়েছে।

## জ্বালানি উদ্বেগে আশ্বাসের বার্তা

**নয়াদিল্লি, ৯ মার্চ:** মধ্যপ্রাচ্যের যুদ্ধে ক্ষতিগ্রস্ত হরমুজ প্রণালী। ভয়াবহ এই পরিস্থিতিতে ভারতের জ্বালানি নিরাপত্তা নিয়ে সিঁদুরে মেঘ দেখছে কূটনৈতিক মহল। ২০২০ সালের পর প্রথমবার অপরিশোধিত তেলের দাম ১১০ টাকা পেরিয়ে গিয়েছে। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে সোমবার রাজ্যসভায় ভারতের অবস্থান ব্যাখ্যা করলেন বিদেশমন্ত্রী এস জয়শংকর। জ্বালানি তেল ইস্যুতে তিনি জানালেন, 'ভারতের উপভোক্তাদের স্বার্থরক্ষাই আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার।'



সোমবার রাজ্যসভায় বক্তব্য রাখতে গিয়ে জয়শংকর বলেন, 'পশ্চিম এশিয়া ভারতের জ্বালানি নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ক্রমবর্ধমান সংঘাতে সরবরাহে কোপ পড়ার পাশাপাশি অস্থিরতা তৈরি করতে পারে। বলার অপেক্ষা রাখে না ভারতের জন্য এই সংঘাত যথেষ্ট উদ্বেগের।' পাশাপাশি সতর্কবার্তা দিয়ে বলেন, 'এই যুদ্ধে সরবরাহ শৃঙ্খল ব্যাহত হতে পারে, যা অর্থনৈতিক ভাবে একটি গুরুতর সমস্যা।' তবে দেশবাসীকে আশ্বস্ত করে তিনি বলেন, 'সরকার গোটা পরিস্থিতির উপর নজর রেখেছে এবং এই পরিস্থিতির সম্ভাব্য যাবতীয় প্রভাব মূল্যায়ন করছে।' জয়শংকর আরও জানান, 'ভারতের জাতীয় স্বার্থ, যার মধ্যে জ্বালানি নিরাপত্তা ও দেশের মানুষের কল্যাণই অগ্রাধিকার পাবে।'

এছাড়াও যুদ্ধ প্রসঙ্গে ভারতের অবস্থান আরও একবার স্পষ্ট করে জয়শংকর বলেন, 'আলোচনা ও কূটনীতি দুই তরফের উত্তেজনা হ্রাসের একমাত্র পথ। আমাদের সরকার গত ২৮ ফেব্রুয়ারি বিবৃতি জারি করে এই যুদ্ধ নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে সব পক্ষকে সংযম প্রদর্শনের আহ্বান জানিয়েছিল। আমরা বিশ্বাস করি উত্তেজনা কমাতে সকলেরই সংলাপ ও কূটনৈতিক পথ অনুসরণ করা উচিত।' ইরান যুদ্ধের জেরে তৈরি হওয়া যাবতীয় সংকট পর্যালোচনার জন্য ১ মার্চ প্রধানমন্ত্রী নেতৃত্বে নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিএস) বৈঠকের কথাও তুলে ধরেন তিনি।

ইরানের যুদ্ধ জাহাজকে ভারতের বন্দরে আশ্রয় দেওয়ার বিষয়টিও এদিন তুলে ধরে জয়শংকর বলেন, গত ১ মার্চ ভারতের তরফে ইরানের তিনটি জাহাজকে ভারতীয় বন্দরে ঢোকার অনুমতি দেওয়া হয়েছে। তিনটি ইরানি জাহাজের মধ্যে একটি কেরলের কোচি বন্দরে রয়েছে। উল্লেখ্য, ইরানি জাহাজকে ভারতের তরফে আশ্রয় দেওয়ার জন্য দিল্লিকে ধন্যবাদ জানিয়েছেন ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি।

## 'ইভিএমে কারচুপি করবে', চক্রান্তের নয়া তত্ত্ব মমতার

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে ভোটের আগে পরিস্থিতি খতিয়ে দেখতে দিল্লি থেকে এসেছে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। সোমবার দিনভর রাজ্যের রাজনৈতির দল এবং পুলিশ প্রশাসনের সঙ্গে বৈঠক করেছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। কলকাতায় তাঁদের উপস্থিতির মাঝেই ধর্মতলার ধরনামঞ্চ থেকে একের পর এক তোপ দাগলেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। বিজেপি এবং কমিশনের বিরুদ্ধে একযোগে বড় অভিযোগ তুললেন তিনি। মমতার অভিযোগ, 'এরা রাজনৈতিকভাবে কিছু করতে পারেনি বাংলায়। তাই চক্রান্ত করে এসআইআর করে বৈধ ভোটারদের নাম বাদ দিয়েছে। ইভিএম-এ কারচুপি করবে বলে আমি খবর পেয়েছি। আমরা সেইমতো আগাম সতর্কতা নেব।' বিজেপিকে নিশানা করে তাঁর আরও কটাক্ষ, 'গণতন্ত্রে গ্রহণ লাগিয়েছে এরা।' তুললেন নয়া স্লোগান, 'যতই ডাকো ইডি সিবিআই, ছাব্বিশে ভোটে হবে বাই বাই।'



মমতার অভিযোগ, 'এরা রাজনৈতিকভাবে কিছু করতে পারেনি বাংলায়। তাই চক্রান্ত করে এসআইআর করে বৈধ ভোটারদের নাম বাদ দিয়েছে। ইভিএম-এ কারচুপি করবে বলে আমি খবর পেয়েছি। আমরা সেইমতো আগাম সতর্কতা নেব।'

সোমবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের উদ্দেশে মমতার আক্রমণ, 'বেচারা ভ্যানিশ কুমার। ভ্যানিশ করে দেবে সব! ভ্যানিশিং পাউডার। অনেককে ধমকেছে। বলছেন, মে মাসের পরও অ্যাকশন নেবেন। আমি বলি, মে মাসের পর আপনি থাকবেন তো চেয়ারে? শুনলাম, আজ নাকি বৈঠকে বাংলার অফিসারদের থ্রেট করেছেন।'

মমতার আরও বক্তব্য, 'অনেকে মারা গিয়েছেন। তাঁদের জন্য একটা কথাও বলেননি। মৃত আত্মাগুলো ঘুরে বেড়াচ্ছে। এর জবাব নিজের মধ্যে পাবেন। ভোটের আগে আপনারা ভোট কেড়েছেন। কেন করছেন? এআই দিয়ে ভোটারদের নাম-ঠিকানা কেটেছেন। আপনার ব্রেনও ওই এআই খাবে।' এরপর সতর্ক করে তৃণমূল সুপ্রিমো বলেন, 'কয়েকটা বিষয় দেখতে হবে। ভোটারদের নাম কাটা যাচ্ছে কি না, ইভিএম মেশিন কারচুপি। সিরিয়াসলি দেখতে হবে। ইভিএমে কারচুপি করবে বলে খবর পেয়েছি। আগে ওদের রেজাল্ট দেখাবে। মানুষের কাছে ভুল বার্তা যাতে যায়, আর অফিসারদের ম্যানিপুলেশন করতে পারে। বিজেপিকে চ্যালেঞ্জ করছি, মানুষের ভোটে যদি জিততে চান মানুষের ভোটাধিকার ফিরিয়ে দিন। আর আমাদের কিছু চাই না। একটাই কথা , যাঁদের ভোটাধিকার কেড়ে নিয়েছেন তাঁরা সবাই ভারতীয়, ভোটাধিকার তাঁদের ফিরিয়ে দিন।'

অন্যদিকে, এদিন, ভোটার তালিকা নিয়ে প্রতিবাদের মধ্যে ধর্মতলার ধরনামঞ্চে নতুন বিতর্কের সূত্রপাত হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেন, আন্দোলনের পরিবেশ নষ্ট করতে বিরোধী দল বিজেপি নাকি লোক ঢুকিয়ে লিফলেট বিলি করাচ্ছে। যদিও এই অভিযোগের পক্ষে কোনও স্পষ্ট প্রমাণ সামনে আসেনি বলেই রাজনৈতিক মহলের একাংশের মত।

ধরনামঞ্চ থেকে বক্তব্য রাখতে গিয়ে ক্ষোভ উগরে দেন মুখ্যমন্ত্রী। দলীয় কর্মীদের উদ্দেশে তিনি বলেন, 'বিজেপি এজেন্সি ব্যবহার করে ধরনার জায়গায় লিফলেট বিলি করানোর চেষ্টা করছে। এদের হাতেনাতে ধরতে হবে। অন্যায় করলে চুপ করে থাকলে চলবে না। শশী পাঁজাকে বলছি, এদের বিরুদ্ধে এফআইআর করতে।' মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের পরই ঘটনাস্থলে উত্তেজনা বাড়ে। তৃণমূল কর্মী-সমর্থকেরা আশপাশে নজরদারি শুরু করেন এবং দু'জনকে সন্দেহভাজন হিসেবে আটক করে পুলিশের হাতে তুলে দেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই দুই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

তৃণমূলের দাবি, ওই ব্যক্তিরা এলাকায় লিফলেট বিলি করে পরিস্থিতি উত্তপ্ত করার চেষ্টা করছিলেন। তবে বিরোধী শিবিরের তরফে পাল্টা দাবি, অভিযোগের পক্ষে কোনও নির্দিষ্ট তথ্য সামনে আনা হয়নি। এদিকে মুখ্যমন্ত্রী ধরনামঞ্চ থেকেই কর্মীদের সতর্ক করে বলেন, 'সবাই নজর রাখুন। কে কোথা থেকে ঢুকছে খেয়াল করুন। ভোট এলেই নানা এজেন্সি সক্রিয় হয়ে ওঠে।'

## যুদ্ধের জেরে তেলের দাম ১১০ ডলার পার

**নয়াদিল্লি, ৯ মার্চ:** যুদ্ধের আগুনে পুড়ছে গোটা মধ্যপ্রাচ্য। ভয়াবহ এই যুদ্ধের জেরে লাফিয়ে বাড়তে শুরু করেছে তেলের দাম। হরমুজ প্রণালী দিয়ে তেল সরবরাহ ব্যহত হওয়ায় বর্তমানে অপরিশোধিত তেলের দাম ব্যারেল পিছু ১১০ ডলার পার করেছে। ২০২০ সালের পর দ্বিতীয়বার এমন অস্বাভাবিক দাম বেড়েছে জ্বালানি তেলের। সরকার অবশ্য জানিয়ে দিয়েছে বিকল্প রাস্তা থেকে ভারত তেল আমদানি অব্যাহত রাখবে। তবে এই যুদ্ধে সিঁদুরে মেঘ দেখছেন বিশেষজ্ঞরা। আশঙ্কা করা হচ্ছে, যুদ্ধ বেশিদিন স্থায়ী হলে পেট্রোলের দাম বৃদ্ধির পাশাপাশি বিমান ও যানবাহন ভাড়া ব্যাপকভাবে বাড়বে। যার ফল মুদ্রাস্ফীতি। অর্থাৎ মধ্যপ্রাচ্যের যুদ্ধের কোপ সরাসরি সাধারণ মানুষের পকেটে পড়তে চলেছে বলে আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা।




বিবিসির রিপোর্ট অনুযায়ী জানা যাচ্ছে, সোমবার সকালে এশিয়ায় ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ২৪ শতাংশ বেড়ে ১১৪.৭৪ ডলারে পৌঁছেছে। অন্যদিকে, নাইমেক্স লাইট সুইটের দাম ২৬ শতাংশের বেশি বেড়ে ১১৪.৭৮ ডলার হয়েছে। জ্বালানি তেলের দাম যেভাবে বাড়ছে তাতে খুব শীঘ্রই ব্যারেল পিছু জ্বালানি তেলের দাম ১৫০ ডলার পেরিয়ে যাবে বলে আশঙ্কা করা হচ্ছে। ভারত সরকার অবশ্য জানিয়ে দিয়েছে বিশ্ব বাজারে তেলের দাম বাড়লেও তার বিশেষ প্রভাব ভারতে পড়বে না। দেশে পেট্রোল ডিজেলের দাম বাড়বে না বলে আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী। এমনকী আগে যেখানে ২৭ দেশ থেকে ভারত তেল আমদানি করত তা বেড়ে এখন ৪০এ পৌঁছেছে। যার অর্থ, ৬৫ থেকে ৭০ শতাংশ আমদানি এখন হরমুজ ক্ষেত্রের বাইরে থেকে আসবে।

সরকার আশ্বস্ত করলেও কূটনৈতিক মহলের দাবি, যুদ্ধ যদি বেশিদিন স্থায়ী হয় তেলের দাম সমস্ত রেকর্ডকে ছাপিয়ে যাবে। ভারত তাদের মোট তেলের প্রয়োজনের ৮৫ শতাংশই মেটায় আমদানি মারফত। তেলের দাম বাড়লে তেল বিপণন সংস্থাগুলি পেট্রোল এবং ডিজেলের দাম বাড়ানোর জন্য চাপ তৈরি করবে। ফলে ব্যয়বহুল হবে পরিবহণ ক্ষেত্র। বিমান ও পণ্য পরিবহণের খরচ বাড়বে। দেশের সমস্ত ক্ষেত্রের পাশাপাশি রং, টায়ার, রাসায়নিক কারখানাতেও এর সরাসরি প্রভাব পড়বে। উৎপাদনের খরচ বাড়লে তা সাধারণ মানুষের উপর চাপাতে বাধ্য হবে সংস্থাগুলি। যার জেরে মুদ্রাস্ফীতি গুরুতর আকার নিতে পারে।

## সম্পাদকীয়

### খোদ রাষ্ট্রপতিকেও এবার ছাড়ল না তৃণমূল কংগ্রেস

তিনি দেশের সাংবিধানিক প্রধান। উচ্চশিক্ষিত মহিলা ও আদিবাসী সমাজের প্রতিনিধি। দ্রৌপদী মুর্মুর কথাই বলছি। এবার খোদ রাষ্ট্রপতিকেই প্রকাশ্য মঞ্চ থেকে কদর্য ও কুৎসিত ভাষায় আক্রমণ করলেন দেশেরই এক অঙ্গ রাজ্যের প্রশাসনিক প্রধান অর্থাৎ মুখ্যমন্ত্রী। মজার কথা তিনিও একজন মহিলা। যা নিয়ে আপাতত সরগরম দেশের রাজনীতি। বাংলায় রাষ্ট্রপতি এলেও তাঁর অনুষ্ঠানে যাননি মুখ্যমন্ত্রী। কারণ, তখন তিনি ধরনা মঞ্চে পুরোপুরি একটি রাজনৈতিক কর্মসূচিতে ছিলেন। কোনও সরকারি কাজে নয়। তাঁর না যাওয়া নিয়ে খোদ রাষ্ট্রপতির তরফে কোনও অভিযোগ ওঠেনি। উল্টে তিনি নিজেকে বাংলার মেয়ে এবং বাংলার মুখ্যমন্ত্রীকে নিজের বোনের মতো বলেও বর্ণনা করেন। কিন্তু এরপরই যাবতীয় প্রথা ভেঙে ধরনা মঞ্চ থেকে বেনজির ভাষায় রাষ্ট্রপতিকে আক্রমণ করে বসলেন মুখ্যমন্ত্রী। শুধু বললেই মিটে যেত, নিজের দোষ ঢাকতে ধরনা মঞ্চে তিনি একটি ছবি সামনে আনেন। তারপরই এই বিতর্ক অন্যমাত্রা পেয়েছে। মজার কথা এই ইস্যুতে কিন্তু এখনও পর্যন্ত কোনও বিরোধী দল অথবা তৃণমূল কংগ্রেসের বন্ধুরা তাঁদের সপক্ষে একটি শব্দও উচ্চারণ করেনি। ফলে এই ইস্যুতে একটু তুলে খেলতে গিয়ে এখন বেকায়দায় পড়ে ঘাসফুল শিবির। তৃণমূলনেত্রীর ওভার কনফিডেন্সই এবার ডুবিয়ে দিয়েছে দলকে। এটা ওনার পুরনো অভ্যেস। সব বিষয়েই প্রথম থেকে চালিয়ে খেলতে যান। সেটা সবসময় ক্লিক করে না। যেমন এবার হয়েছে। সোজা কথা স্বীকার করে নেওয়া ভালো। কিন্তু তিনি তো মমতা বন্দ্যোপাধ্যায়। ভাঙবেন তবু মচকাবেন না। তাই রাষ্ট্রপতিকে কে কখন অসম্মান করেছেন তা প্রমাণ করতে বের করেন একটি ছবি। যে ছবি দেখিয়ে তিনি প্রধানমন্ত্রীকে পাল্টা নিশানা করেন। ভেবেছিলেন এই ছবি দিয়েই মাত করে দেবেন। কিন্তু এখন সেই ছবির সত্যতাই প্রশ্নের মুখে পড়ে গিয়েছে। ছবি আসল কি নকল সে অনেক দূরের বিষয়। মূল প্রশ্নটা হল, একদিকে তিনি প্রোটোকল ভাঙলেন, আর অভিযোগ উঠতেই উল্টে নিজের দোষ ঢাকতে আবার অন্যের ভুল খোঁজার দায়িত্ব নিয়ে নিলেন। খোদ দেশের রাষ্ট্রপতিকে যিনি আবার কিনা একজন মহিলা, তাঁকে নিয়ে এই অবাঞ্ছিত বিতর্ক কোনও ভাবেই কাম্য নয়। সমবেত নিন্দার মুখে দাঁড়িয়ে এখন সেটা হাড়ে হাড়ে টের পাচ্ছে তৃণমূল।

### শব্দছক ৯৫

রবি দাস



**পাশাপাশি:** ১. চিনি ৩. বারবার ডাক পাঠানো ৬. যে খায় ৭. কণ্ঠালঙ্কার ৮. গাছের ছাল ১০. রোগীর তরল পথ্য ১২. দয়মন্তীর দোসর ১৩. জ্বালানী ছাড়া দ্বিচক্র যান ১৫. মরুভূমির ভূমি-পৃষ্ঠে ১৭. যষ্ঠি ২০. বিশ্বের হেলতে থাকা মন্দির ২১. পুরুষ ঘোড়া ২২. খুড়ো ২৪. পশ্চিমবঙ্গের মালদা জেলার লোকনৃত্য ২৫. হিন্দী ভাষায় শনিবার ২৬. নাকে পড়ার অলঙ্কার

**ওপর-নিচ:** ১. শব্দযুক্ত শর ২. গরু চড়ায় যে বালক ৩. অতি প্রসিদ্ধ ৪. সম্পূর্ণ ৫. আলোকচ্ছটা ৯. পেন ১১. বক্ষদেশে ১৩. সবক'টি সাগর ১৪. কপাল ১৬. টাকা ১৮. বেঠিক নয় ১৯. মুক্তিপ্রাপ্ত ২১. ঘুরিয়ে ঘুরিয়ে অবস্থান ২৩. ক্ষীণদৃষ্টিসম্পন্না নারী

**সমাধান ৯৪ — পাশাপাশি:** ১. বর্ম ২. বিচক্ষণ ৪. হার ৬. মালবাহী ৮. কসাই ১০. সজ্জা ১১. গরজ ১২. হীরক ১৪. ঘট ১৬. সনাক্ত ১৭. মনোরম ১৯. ধুনা ২০. অজগর ২১. আম

**ওপর-নিচ :** ১. বদমাস ২. বিরহী ৩. ক্ষতিকর ৪. হাবা ৫. বই ৭. লজ্জাহীনা ৯. সাজঘর ১৩. রক্তবীজ ১৫. টমটম ১৬. সপ্ত ১৭. মধুর ১৮. নোনা

### আজকের দিন

- **১৯০৬** — ইউরোপের সবচেয়ে খারাপ খনির দুর্ঘটনা, কুরিয়েরেস খনি দুর্ঘটনায় ফ্রান্সে ১,০৯৯ জন নিহত হয়।
- **১৯২২** — মহাত্মা গান্ধীকে ভারতে রাষ্ট্রদ্রোহের অভিযোগে গ্রেপ্তার করা হয়।
- **২০১০** — ভারতের রাজ্যসভায় নারী সংরক্ষণ বিল পাস হয়।



### জন্মদিন



- **১৯৪৫** *বিশিষ্ট রাজনীতিবিদ মাধবরাও সিন্ধিয়ার জন্মদিন।*
- **১৯৪৯** *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী পদ্মা খান্নার জন্মদিন।*
- **১৯৭০** *বিশিষ্ট রাজনীতিবিদ ওমর আবদুল্লার জন্মদিন।*

মাধবরাও সিন্ধিয়া

# হবিবপুরে তোলা না দেওয়ায় মারধর, কাঠগড়ায় চার সিভিক ভলান্টিয়ার

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** চারজন সিভিক ভলান্টিয়ারের বিরুদ্ধে গাড়ি আটকে টাকা আদায়ের অভিযোগকে ঘিরে চরম উত্তেজনা ছড়ালো হবিবপুরে। এক কৃষক-সহ বিজেপি দলের দুই পঞ্চায়েত সদস্যকে হেনস্তার পাশাপাশি মারধর করে ওই চার সিভিক ভলান্টিয়ার বলে অভিযোগ। আর এই ঘটনার প্রতিবাদ জানিয়ে সংশ্লিষ্ট এলাকার রাজ্য সড়ক অবরোধ করে সোচ্চার হন আদিবাসী থেকে শুরু করে সংশ্লিষ্ট এলাকার সাধারণ মানুষ। সোমবার সকাল সাড়ে এগারোটা নাগাদ ঘটনাটি ঘটেছে হবিবপুর থানার রাইস মিল এলাকায়। প্রায় দুই ঘণ্টা ধরে চলে মালদা-নালাগোলা রাজ্য সড়ক অবরোধ। দীর্ঘ অবরোধের জেরেই যানজটের সৃষ্টি হয় ওই এলাকার রাজ্য সড়কে। পরে ঘটনার খবর পেয়ে হবিবপুরে বিজেপি দলের বিধায়ক থেকে শুরু করে পঞ্চায়েতের অন্যান্য জনপ্রতিনিধিরাও ছুটে আসেন। তারাও



এই ঘটনার প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ দেখান। এরপর হবিবপুর থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে এসে পৌঁছায়। পরে পুলিশে হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন হবিবপুর রাইস মিল এলাকার জয়দেব পান্ডে নামে এক চাষি তার জমির সরষে কাটাই এবং ঝাড়াই-বাছাই করার পর একটি চার চাকার গাড়িতে বোঝাই করে হাটে নিয়ে যাচ্ছিলেন। অভিযোগ, ওই সময় হবিবপুর রাইসমিল এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্বে থাকা চার সিভিক ভলান্টিয়ার মিলে ওই গাড়ি আটকে ২০০ টাকা দাবি করে। পাশাপাশি টাকা না দিলে হাটে সেইসব সামগ্রী নিয়ে যেতে দেওয়া হবে না বলেও হুমকি দেওয়া হয়। ওই সময় পাশ দিয়েই যাচ্ছিলেন বিজেপির দুই স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য। তাঁদের কাছে এই বিষয়ে নালিশ জানান সরষে চাষি জয়দেব পান্ডে। যা শুনে বিজেপির দুই গ্রাম পঞ্চায়েত সদস্য সিভিক ভলান্টিয়ারের কাছে জানতে চান কেন টাকা চাওয়া হচ্ছে? আর এই জানতে চাওয়ার কারণেই চার সিভিক ভলান্টিয়ার মিলে বিজেপির দুই গ্রাম পঞ্চায়েত সদস্যদের কলার ধরে টানা হেঁচড়া করে এবং মারধর করা হয় বলে অভিযোগ। যার প্রতিবাদে স্থানীয় আদিবাসীরা একজোট হয়ে পথ অবরোধ করেন। হবিবপুর পঞ্চায়েত সমিতির সভাপতি সুখিরানি মন্ডল ঘটনাস্থলে পৌঁছান। তাদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। আক্রান্ত দুই পঞ্চায়েত সদস্য অঞ্চল টুডু এবং সুশান্ত প্রামাণিক বলেন, 'এরকমভাবে হবিবপুরে যেখানে যখন হাটবার বসছে সেখানে অন্যায় ভাবে গাড়ি চালকদের কাছে তোলা আদায় করা হয়। এদিন ওই কৃষকের গাড়ির সমস্ত কাগজপত্র ঠিক থাকলেও ২০০ টাকা কেন চাওয়া হবে সে কথা বলতে গেলেই কোনও কিছু না বুঝেই ওই চার সিভিক ভলান্টিয়ার আমাদের ওপর ঝাঁপিয়ে পড়ে এবং মারধর করে। যখন জানতে পারে আমরা পঞ্চায়েতের জনপ্রতিনিধি। তখন ওরা এলাকা থেকে পালিয়ে যায়।' হবিবপুর পঞ্চায়েত সমিতির সভাপতি সুখরানি মন্ডল বলেন, 'এব্যাপারে আমরা হবিবপুর থানার আইসিকেও জানিয়েছি।' হবিবপুর থানার পুলিশ জানিয়েছে, প্রকৃত কি ঘটনা ঘটেছে, অবশ্যই বিষয়টি তদারকি করে দেখা হচ্ছে।

## 'পাল্টানো দরকার, চাই বিজেপি সরকার'

# বিজেপি নেতাদের মুখে স্লোগান ঘিরে শোরগোল কাঁকসায়

**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** বিজেপির পরিবর্তন যাত্রা কর্মসূচি সফল করতে কাঁকসায় বিজেপি কর্মীরা একটি বাইক মিছিল করেন। সেই মিছিল শুরু হওয়ার আগেই কর্মী, সমর্থকরা স্লোগান দিতে থাকেন। স্লোগান দিতে গিয়ে বিজেপি নেতাদের মুখ ফসকে বেরিয়ে যায় দলের বিরুদ্ধে স্লোগান। যাকে নিয়ে রীতিমতো শোরগোল পড়ে গিয়েছে কাঁকসা ব্লক জুড়ে। কাঁকসা গ্রাম পঞ্চায়েতের সদস্য তথা বিরোধী দলনেতা আনন্দ কুমার সমাজমাধ্যমে একটি ভিডিও পোস্ট করেন। সেই ভিডিওতে দেখা যায়, আনন্দ কুমার দলের একটি কর্মসূচিতে যোগ দিয়ে স্লোগান দিতে গিয়ে বলছেন, 'পাল্টানো দরকার', আর পেছন থেকে কর্মী, সমর্থকেরা আওয়াজ তুলছেন, 'বিজেপির সরকার'। বিজেপির ঝান্ডা হাতে বিজেপির কর্মী, সমর্থকদের এই ধরনের স্লোগান দেওয়া ভিডিও নিজেই নিজের ফেসবুক একাউন্টে পোস্ট করেন। মুহূর্তের মধ্যে সেই ভিডিও ভাইরাল হয়ে যায়। তৃণমূলের কর্মী, সমর্থকেরা সেই ভিডিও শেয়ার করে রীতিমতো বিজেপিকে কটাক্ষ করতে শুরু করেছে। এই বিষয়ে কাঁকসা ব্লকের তৃণমূলের নেতা পিরু খান বলেন,

'বিজেপি কর্মী, সমর্থকেরা বুঝে গেছেন যে, আগামী বিধানসভা নির্বাচনে বাংলায় বিজেপির আর কোনও স্থান নেই। যার কারণে নিজেরাই সত্য কথাটা মুখ থেকে বলে ফেলেছেন। এই বিষয়ে আশ্চর্য হওয়ার কোনও কিছুই নেই।' যদিও বিজেপি কর্মীরা দাবি করেছেন, 'ভাষাগত বোঝার ভুলে এই বিভ্রান্তি ছড়িয়েছে। শেষে নাকি তাঁরা বিষয়টি পরিষ্কার করে বলেছেন।'

# বারাসাতে শান্তিনিকেতনের ছোঁয়া, নির্মিত হল রবীন্দ্র মুক্তমঞ্চ

**নিজস্ব প্রতিবেদন, বারাসাত:** বারাসাতের সংস্কৃতি প্রিয় মানুষদের দেওয়া প্রতিশ্রুতি পূরণ করলেন বারাসাতের চারবারের সাংসদ ডা. কাকলি ঘোষ দস্তিদার। সাংসদের সাংসদ তহবিলের ২৫ লক্ষ টাকা ব্যয়ে বারাসাত পুরসভার ১০ নম্বর ওয়ার্ডে পায়োনিয়ার পার্ক এলাকায় নির্মিত হল শান্তিনিকেতন প্রার্থনা গৃহের অনুকরণে রবীন্দ্র মুক্ত মঞ্চ। যার নাম দেওয়া হয়েছে গীতবিতান। নিজ হাতে রবীন্দ্র মুক্ত মঞ্চের উদ্বোধন করলেন সাংসদ ডা. কাকলি ঘোষ দস্তিদার। উপস্থিত ছিলেন পুরপ্রধান সুনীল মুখার্জি, উপ পুরপ্রধান তাপস দাসগুপ্ত, স্থানীয় পুরপিতা দেবব্রত পাল, চম্পক দাস, অভিজিৎ নাগ চৌধুরী, অরুণ ভৌমিক, লিঙ্কন মল্লিক, দেবাশিস মিত্র, সোহম পাল-সহ অন্যান্যরা।

২০০৯ সালে সংসদ হওয়ার পর থেকেই ডা. কাকলি ঘোষ দস্তিদার চেয়ে আসছিলেন বারাসাত পায়োনিয়ার সংলগ্ন অঞ্চলে একটি রবীন্দ্র মুক্ত মঞ্চ তৈরি করতে। বিগত দিনে এই ওয়ার্ড বামপন্থীদের দ্বারা পরিচালিত হওয়ার জন্য একবার এই বিষয়ে অর্থ অনুমোদিত হয়েও কাজে বাধা পড়ায় সেই টাকা ফেরত চলে যায়। বামপন্থীদের সদিচ্ছার অভাব এই অঞ্চলের রবীন্দ্র প্রেমী, সাংস্কৃতি প্রিয় মানুষদের রবীন্দ্র মুক্ত মঞ্চ থেকে বহুদিন বঞ্চিত ছিলেন। ২০২২ সালে তৃণমূল কংগ্রেসের টিকিটে দেবব্রত পাল জয়ী হওয়ার পরে সাংসদের ইচ্ছা পূরণ হল। সাংসদের অর্থে, স্থানীয় পুরপিতা দেবব্রত পালের উদ্যোগে এবং পায়োনিয়ার কো-অপারেটিভ সোস্যাইটির দেওয়া জমিতে অবশেষে তৈরি হল রবীন্দ্র মুক্ত মঞ্চ। সাংসদ ও পুরপিতার এই উদ্যোগে খুশি বারাসাতবাসী।

# ছাতনায় তৃণমূল-সিপিএম ছেড়ে বিজেপিতে যোগ একাধিক কর্মীর

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যজুড়ে বিজেপির পরিবর্তন যাত্রা অব্যহত। সেই কর্মসূচির অংশ হিসেবে বিজেপির পরিবর্তন যাত্রার রথ রবিবার সন্ধ্যা নাগাদ বাঁকুড়া জেলার ছাতনা ব্লকের কমলপুর গ্রামে পৌঁছায়। রথ গ্রামে পৌঁছাতেই বিজেপি কর্মী-সমর্থকদের ভিড় ছিল চোখে পড়ার মতো। এদিন কমলপুরে পরিবর্তন যাত্রার মঞ্চে তৃণমূল ও সিপিএম থেকে বেশ কিছু কর্মী বিজেপিতে যোগদান করেন। এরপর কমলপুর গ্রাম থেকে রথটি লোহাগড় মোড় হয়ে ছাতনা কামারকুলি মোড়ের উদ্দেশ্যে রওনা দেয়।

এ প্রসঙ্গে বাঁকুড়া জেলা বিজেপির সাধারণ সম্পাদক স্বপন মুখার্জি বলেন,



'১০০টি পরিবার এদিন তৃণমূল ও সিপিএম ছেড়ে বিজেপির দলীয় পতাকা হাতে নিয়ে যোগদান করেছেন। মানুষ পরিবর্তন চাইছেন ও বিজেপির পক্ষে আছেন।' অন্যদিকে এ প্রসঙ্গে বাঁকুড়া জেলার তৃণমূল কিষাণ ক্ষেতমজদুর সেলের সভাপতি শংকর চক্রবর্তী বলেন, 'ভোটের পরেই রথে করে ওই বিজেপিকে বিদায় করব, তৃণমূল কংগ্রেসের কোনও নেতৃত্ব কর্মী বিজেপিতে যোগদান করেনি।'

# শান্তিপূর্ণ ভাবেই শুরু রাজ্য বার কাউন্সিলের নির্বাচন

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** সোমবার থেকে রাজ্যজুড়ে শুরু হয়েছে রাজ্য বার কাউন্সিলের নির্বাচন। দু'দিন ব্যাপী অর্থাৎ ৯ ও ১০ই মার্চ চলবে ভোট। এই নির্বাচনে রাজ্যের মোট ৭৮টি আদালতে ভোটগ্রহণ চলছে। সেই তালিকায় রয়েছে দুর্গাপুর মহকুমা আদালতও। জানা গিয়েছে, এবারের নির্বাচনে রাজ্যজুড়ে মোট ৭৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। দুর্গাপুর মহকুমা আদালত থেকে প্রার্থী রয়েছেন দু'জন বিনিময় সরকার এবং সৌরিন দাস। ভোটগ্রহণকে কেন্দ্র করে আদালত চত্বরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা



হয়েছে। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। প্রার্থীদের দাবি, এখন পর্যন্ত নির্বাচন শান্তিপূর্ণভাবেই চলছে এবং কোথাও কোনও অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

# অপরাজিতার পথ চলা শুরু বাঁকুড়ায়

**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** সমাজসেবী সংগঠন ক্ষত্রিয় সমাজ বন্ধু-এর পরিচালনায় এবং মশিয়াড়া গ্রামবাসীদের সহযোগিতায় হিড়বাঁধ ব্লকের মশিয়াড়া গ্রামে একটি রক্তদান শিবির ও মহিলাদের জন্য বিনামূল্যে সেলাই প্রশিক্ষণ কেন্দ্র 'অপরাজিতা'-র শুভ উদ্বোধন করা হল। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের সম্পাদক, সহ-সভাপতি এবং অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ। এই রক্তদান শিবিরে মোট ৫০ জন মহিলা ও পুরুষ স্বেচ্ছায় রক্তদান করেন। পাশাপাশি ১২০ জন শিক্ষার্থীকে নিয়ে মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যে 'অপরাজিতা' সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের পথচলা শুরু হল।

# গ্যাসের মূল্যবৃদ্ধিতে মাটির উনুনে রান্নার বার্তা স্বপন দত্ত বাউলের

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** মধ্যপ্রাচ্যের যুদ্ধের আঁচ, কোপ এবার ভারতের রান্নাঘরে। রান্নার গৃহস্থ গ্যাসের চড়া মূল্য বৃদ্ধি, তার উপর গ্যাসের যোগানের অভাব, রান্নাঘরের হেঁসেলে মা বোনদের মাথায় হাত। সাধারণ মধ্যবিত্ত মানুষ দৈনন্দিন জীবনে, জ্বালানি গ্যাসের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি নিয়ে গ্যাস যন্ত্রণায় অতিষ্ঠ। ঠিক এই অবস্থায় ভারতের জনগণ ও বাংলার মানুষের পাশে, মা বোনদের পাশে দাঁড়ালেন, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত শিল্পী ডক্টর স্বপন দত্ত বাউল। স্বপন বাউল হুগলি জেলার উত্তরপাড়া থেকে সারা বাংলার মানুষের উদ্দেশ্যে বাউল গানে বার্তা দেন, 'মা বোনেরা বাড়ির বউ মেয়েরা সকলেই আবার কাঠের উনানে, মাটির উনানে জ্বালানি কাঠ, কয়লা, ঘুঁটে, গুলের আগুনের রান্নাবান্নাকে ফিরিয়ে আনুন। তাহলে রান্নার গ্যাস চড়া দামে কিনতে হবে না। গ্যাসের যোগান কম হলেও চিন্তা থাকবে না।' অপরদিকে গানে গানে



বলেন, 'বাণিজ্যিক গ্যাসের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে হোটেল রেস্তোরাঁ মালিকরা আশঙ্কায় রয়েছেন। বাণিজ্যিক গ্যাসের দাম এত বাড়লে, প্রয়োজনীয় গ্যাস না পাওয়া গেলে হোটেল রেস্তোরাঁ বন্ধ হয়ে যেতে পারে। এরফলে বহু মানুষ যারা হোটেল রেস্তোরাঁয় কাজ করেন তাঁরা কাজ হারাবেন। পেট্রোল ডিজেলের মূল্য বৃদ্ধির ফলে পরিবহণ ব্যবস্থা, ব্যবসা, বাণিজ্য, শিল্প, কলকারখানা সকল সংস্থাই আশঙ্কায় রয়েছে।' স্বপন বাউল বক্তব্যে বলেন, 'এই গৃহস্থ জ্বালানি গ্যাসের চড়া মূল্য বৃদ্ধি ও মানুষের নিত্য প্রয়োজনীয় রান্নার গ্যাস না পাওয়ার ফলে মানুষ দুশ্চিন্তায় ভুগছে। যত দিন না গ্যাসের সমস্যার সমাধান হচ্ছে, গ্যাসের দাম কমছে, গ্যাসের যোগান বাড়ছে ততদিন গৃহস্থ জ্বালানির জন্য রান্নার গ্যাসের বিকল্প সেই পুরনো পদ্ধতি কাঠের বা মাটির উনান আবার চালু করুন। গ্যাসের সংকট অনেকটাই মোচন হবে।'


ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI Relationship beyond banking

**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ০৩৪২-২৬৬৫৭০৩

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট ৪ [দ্রষ্টব্য রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন ২০০২ এর ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **৩১.১০.২০২৫ তারিখে** ঋণগ্রহীতা **নব কুমার দাস** কে নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ **১০,৪৩,১১৩.৯৮ টাকা (দশ লাখ তেতাল্লিশ হাজার একশ তেরো টাকা এবং আটানব্বই পয়সা)** এবং ২৯.১০.২০২৫ থেকে ১০.৮৫ শতাংশ হারে পরবর্তী সুদ সহ নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণকে বিজ্ঞাপিত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন **৭ মার্চ ২০২৬ তারিখে।**
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** নিকট বকেয়া পরিমাণ **১০,৪৩,১১৩.৯৮ টাকা (দশ লাখ তেতাল্লিশ হাজার একশ তেরো টাকা এবং আটানব্বই পয়সা)** এবং ২৯.১০.২০২৫ থেকে ১০.৮৫ শতাংশ হারে পরবর্তী সুদ সহ।
**ঋণগ্রহীতার অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি **শ্রী নব কুমার দাস** এর নামে, একতলা বসবাসের ভবন অবস্থিত মৌজা : মন্তেশ্বর, জেএল নং ৪১, থানা : মন্তেশ্বর, জেলা : বর্ধমান, মন্তেশ্বর গ্রাম পঞ্চায়েত অধীন, উল্লেখ্য আরএস এবং এলআর প্লট নং ৬১৭৪, আরএস খতিয়ান নং ৬২০, এলআর খতিয়ান নং ৪৭২৯, শ্রেণি : বাস্তু, পরিমাপ এরিয়া : ১৯১৫.১২ বর্গফুট /০.০৪৩৯ একর, বাস্তু জমি। **চৌহদ্দি :** উত্তরে : সন্তোষ রায়ের জমি সম্পত্তি। দক্ষিণে : সুদর্শন মন্ডলের জমি সম্পত্তি। পূর্বে : খোকন দাসের ভবন। পশ্চিমে : ৭ ফুট চওড়া গ্রামীণ রোড।

তারিখ : ০৭.০৩.২০২৬ স্থান : সাতগাছিয়া — অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অব ইন্ডিয়া



SBI

**স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ II , কলকাতা**
'জীবনদীপ বিল্ডিং' ১১তম তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০০৭১
ইমেল ঃ sbi.18192@sbi.co.in

**ই-নিলাম নোটিশ**

অনুমোদিত অফিসারের বিস্তারিত ঃ নাম ঃ শ্রী এন কে লাকরা, ইমেল আইডি ঃ clo3.samb2kol@sbi.co.in মোবাইল নং ঃ ৯৬৭৪৭২১০০৪/৯৬৭৪৭১৯৪৬১

পরিশিষ্ট ৪এ
[রুল ৮(৬) সংস্থান দ্রষ্টব্য]
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিনকস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর এবং অস্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ

**ই-নিলামের তারিখ এবং সময় ঃ তারিখ ঃ ২৮.০৩.২০২৬**
সময় ঃ ৩০০ মিনিট সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ প্রতিটি ডাকের জন্য সহ
ইএমডি জমার শেষ তারিখ এবং সময় : তারিখ : ২৮.০৩.২০২৬ এবং সময় : দুপুর ৩.৩০ মিনিট

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ) কে বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর এবং অস্থাবর সম্পত্তি যা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক কার্যকরী দখলীকৃত **২৮.০৩.২০২৬** তারিখে 'যেখানে যেমন আছে', যেখানে যা আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে' বিক্রি করা হবে **৪৭,৫৬,৬৮,৩৩২.০০ টাকা (সাতচল্লিশ কোটি ছাপান্ন লাখ আটষট্টি হাজার তিনশ বত্রিশ টাকা) টাকা** ৩১.০১.২০১৮ অনুযায়ী এবং ০১.০২.২০১৮ থেকে পরবর্তী সুদ এবং চুক্তি মোতাবেক হারে এবং অন্যান্য শুল্ক সহ জামিন অধীনে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া ঋণদাতার নিকট বকেয়া ঋণগ্রহীতা **মেসার্স সূর্যচক্র পাওয়ার কর্পোরেশন লি.** রেজিস্টার্ড অফিস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ এবং **ডিরেক্টরগণ এবং জামিনদাতাগণ ১. ডা. সূর্য মণিক্কাম মানেপল্লী** পিতা প্রয়াত শেশাবাথরম মানেপল্লী নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ **২. শ্রী বিজয় কুমার কোপালকার** নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ **৩. মানেপল্লী মানগাতরু** নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ ৪. **শ্রী বাল্লা পাল বিজয় রাও,** নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ **৫. শ্রীরাম মূর্তি রামারাজু,** নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ **৬. শ্রী শেশাবাথরম মানেপল্লী,** পিতা ডা. সূর্য মাণিক্যম মানেজপল্লী, নিবাস সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ এবং **কর্পোরেট জামিনদাতাগণ : ১. মেসার্স মুক্তিকা এনার্জি প্রা. লি. রেজিস্টার্ড অফিস** সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ **২. মেসার্স মানেপল্লী ইনভেস্টমেন্ট প্রা. লি.** সূর্যচক্র হাউস, প্লট নং ৩০৪-এল-৩ রোড নং ৭৮, ফিল্ম নগর, জুবিলি হিলস হায়দরাবাদ তেলেঙ্গানা - ৫০০০৯৬ কাছ থেকে আদায় করা হবে।
**সম্পত্তি পর্যবেক্ষণ তারিখ এবং সময় : ২০.০৩.২০২৬, সময় : সকাল ১১ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত।**

| জ্ঞাত দায়বদ্ধতা সহ স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ, যদি থাকে | সংরক্ষিত মূল্য | বায়না জমা (ইএমডি) |
|---|---|---|
| খালি শহুরে বসবাসের প্লট নং ৭৪, পরিমাপ ৩৫০ বর্গ গজ, সার্ভে নং ৩০০ পি, ৩০২, ৩০৯পি, অবস্থিত কৃষ্ণজা হিলস, গ্রাম বাচুপল্লি, মন্ডল-কুতুবুল্লাপুর, জেলা -রঙ্গ রেড্ডি, হায়দরাবাদ, তেলেঙ্গানা। **দলিল নং ১৫১৩৮/২০০৮ (স্বত্বাধীনে)** **চৌহদ্দি :** উত্তরে : ৪০ ফুট চওড়া রোড। দক্ষিণে : প্লট নং ৫৯। পূর্বে : প্লট নং ৭৫। পশ্চিমে : প্লট নং ৭৩। | ২,৮৭,০০,০০০.০০ টাকা | ২৮,৭০,০০০.০০ টাকা |
| | ডাক বর্ধিতকরণ পরিমাণ : ১,০০,০০০.০০ টাকা | |

ক)বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in-এ প্রদত্ত লিঙ্ক এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য তৈরি নির্দিষ্ট লিঙ্কটি দেখুন https//BAANKNET.com
খ) আগ্রহী দরদাতা/দের নিলামের তারিখের অনেক আগে পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেডের সাথে রক্ষিত তার দরদাতা অ্যাকাউন্টে তৈরি চালানের মাধ্যমে তাদের ইএমডি পরিমাণ স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের অনেক আগে NEFT/RTGS স্থানান্তরের মাধ্যমে। যেকোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে support.baanknet@psballiance.com-এ বা ৮২৯১২২০২২০ নম্বরে যোগাযোগ করুন।

তারিখ : ১০.০৩.২০২৬
স্থান : কলকাতা
কোনও বিতর্কের ক্ষেত্রে ইংরাজি মাধ্যম প্রাধান্য পাবে
অনুমোদিত অফিসার, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া



**ই-নিলাম বিক্রয় নোটিশ**
২০১৬ সালের ইনসলভেন্সি এবং ব্যাঙ্করাপ্টসি কোড, অধীনে
সিলভারটন স্পিনার্স লিমিটেড (দেউলিয়াগ্রস্ত)
CIN : L18101WB1994PLC063733
রেজিস্টার্ড অফিস : ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, সেক্টর নং - ৪, ফলতা, ২৪ পরগনা (দক্ষিণ)-৭৪৩৫০৪, পশ্চিমবঙ্গ

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, ২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড অধীনে এবং বিধিমালা অধীনে সিলভারটন স্পিনার্স লিমিটেড (দেউলিয়াগ্রস্ত) **(কর্পোরেট ডেটর) (পূর্বতন প্যাসিফিক কটস্পিন লিমিটেড)** এর সম্পদ চালু সংস্থা হিসেবে বিক্রির প্রস্তাব করা হয়েছে রেগুলেশন ৩২,-ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অব ইন্ডিয়া (লিকুইডেশন প্রসেস) রেগুলশেনস ২০১৬ অধীনে, **"যেখানে যেমন আছে", "যা আছে", "যে অবস্থায় আছে" এবং "পরিবর্ত ভিত্তি ব্যতীত"** ই-নিলাম প্ল্যাটফর্ম মাধ্যমে। উক্ত প্রস্তাব কোনও প্রতিশ্রুতি বা নিশ্চিন্ততা ব্যতীতই। নিম্নোক্ত সারণিতে বর্ণিত সম্পদ এর ডাক সম্পাদিত হবে ব্যাঙ্কনেট, এক বৈদ্যুতিন নিলাম প্ল্যাটফর্ম বোর্ড কর্তৃক তালিকাভুক্ত ভায়া ওয়েবসাইট **https://ibbi.baanknet.com/eauction-ibbi** মাধ্যমে।

| | |
|---|---|
| আবশ্যক ফর্ম, হলফনামা, ঘোষণা ইত্যাদি দাখিল | ১০.০৩.২০২৬ থেকে ২৩.০৩.২০২৬ পর্যন্ত |
| সাইট পর্যবেক্ষণ/পর্যবেক্ষণ তারিখ | ১০.০৩.২০২৬ থেকে ২২.০৩.২০২৬ (সকাল ১০ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত সকল কাজের দিনে) |
| ইএমডি দাখিলের শেষ তারিখ | ২৩.০৩.২০২৬ দুপুর ১২.৩০টার মধ্যে। |

**নিম্নোক্ত সম্পদ ই-নিলাম মাধ্যমে বিক্রয়ের জন্য উপলব্ধ -২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি বোর্ড অব ইন্ডিয়া (লিকুইডেশন প্রসেস) রেগুলশেনসের রেগুলেশন ৩২ অধীনে :**

**নিলামের তারিখ এবং সময় : ২৫.০৩.২০২৬, দুপুর ১২.৩০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত**
**(প্রতিটি অসীমায়িত ৫ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ সাপেক্ষে)**

| সম্পদের বিস্তারিত | সংরক্ষিত মূল্য (আইএনআর) | বায়না জমা দাখিল (আইএনআর) | বর্ধিতকরণ মূল্য (আইএনআর) | সময় |
|---|---|---|---|---|
| **বিকল্প ১ (ব্লক-এ)** পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনার ফলতায় কর্পোরেট ঋণগ্রহীতার কারখানা এলাকার জমি সহ সমগ্র সম্পদের বিক্রয়। | ১৩,৮৫,১০,০০০ | ১,৩৮,৫১,০০০ | ৫,০০,০০০ | দুপুর ১২.৩০ টা থেকে দুপুর ২.৩০ টা পর্যন্ত। |
| **বিকল্প ২ (ব্লক বি (১)-** প্ল্যান্ট এবং মেশিনারি বৈদ্যুতিক সম্পদ সহ-বৈদ্যুতিক বন্টন ব্যবস্থা -সমুদয় লট বৈদ্যুতিক কেবলস, কন্ট্রোল প্যানেলস, ডিস্ট্রিবিউশন বোর্ড, ২ টি, ২০০০ কেভিএ ট্রান্সফর্মার, বৈদ্যুতিক সরঞ্জাম প্ল্যান্টের জন্য, সমুদয় নন-আরসিসি ফ্যাক্টরি শেড -ক্লিয়ার -স্প্যান মেটাল স্ট্রাকচারাল এবং সিটিং, ওয়ার্কশপ মেশিনারি,-টুলস এবং স্পেয়ারস, ব্যবহারযোগ্য দ্রব্যাদি, ল্যাব সরঞ্জাম/স্ক্র্যাপ, অফিস সরঞ্জাম/স্ক্র্যাপ, অফিস আসবাব এবং সমুদয় পড়ে থাকা স্ক্র্যাপ এবং একটি ভেহিকেল (আরসিসি ফ্যাক্টরি ভবন এবং ২ টি গুদাম) ব্যতীত)। **সফল নিলাম ক্রেতাকে বিক্রয় সার্টিফিকেট ইস্যুর পর সর্বোচ্চ ৪ মাসের মেয়াদে সমুদয় ব্লক বি-(১) সম্পদ এবং প্রেমিসেস খালি করার সময় অনুমোদন করা হবে।** | ১১,২৫,৫৭,৬০০ | ১,১২,৫৫,৭৬০ | ৫,০০,০০০ | দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত |
| **বিকল্প ৩ (ব্লক বি-(২)** সংশ্লিষ্ট সকল অংশ লিজধারী জমি (৯৯ বছরের লিজ শুরু ৬ অক্টোবর ১৯৯৪ থেকে) এরিয়া পরিমাণ আনুমানিক ৪.৯৩১২ একর (কমবেশি) জমি এবং তদস্থিত আরসিসি ফ্যাক্টরি ভবন এবং ২ টি গুদাম অবস্থিত ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, সেক্টর -৪ মৌজা : রামনগর, জেএল নং ১৮, গ্রাম পঞ্চায়েত -কলাতলাহাট, থানা : রামনগর, জেলা : দক্ষিণ ২৪ পরগনা। সংশ্লিষ্ট সকল অংশ লিজধারী জমি এরিয়া পরিমাণ আনুমানিক ১.০১৪৭ একর (কমবেশি) জমি এবং তদস্থিত সমুদয় পূর্ত নির্মাণ, অবস্থিত প্লট নং এল ৫,এল ৬, এল ৭, এল ১৩, এল ১৪ এবং এল ১৫, ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, সেক্টর -৪, মৌজা : রামনগর, জেএল নং ১৮, গ্রাম পঞ্চায়েত-কলাতলাহাট, থানা : রামনগর, জেলা : দক্ষিণ ২৪ পরগনা। **সংশ্লিষ্ট ক্ষেত্রে সফল নিলাম ক্রেতা প্ল্যান্ট এবং মেশিনারি ক্রেতার থেকে পৃথক, সংশ্লিষ্ট জমি হস্তান্তর করা হবে চারমাস পরে, প্রেমিসেস থেকে ব্লক বি-(১) অধীন সম্পদ অপসারণের পর। ১ শতাংশ হস্তান্তর ফি লিজধারী জমির ক্ষেত্রে প্রযোজ্য। বিস্তারিত ই-নিলাম প্রক্রিয়া জ্ঞাতব্য নথিতথ্যে উল্লেখ থাকবে।** | ৫,২৪,৮৮,০০০ | ৫২,৪৮,৮০০ | ৫,০০,০০০ | দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত |

***এতদ্বারা বিশ্লেষণাত্মক মতে পছন্দ ১(ব্লক এ) এর সম্পদের জন্য ই-নিলাম,অর্থাৎ সমুদয় কর্পোরেট ডেটরের বিক্রয় চালু সংস্থা হিসেবে সফল হয় তবে সমুদয় সম্পদ পছন্দ ২ এবং পছন্দ ৩ এর ই-নিলাম করা হবে না।**
আগ্রহী আবেদনকারীদের ই-নিলাম বিড আবেদনপত্র, ঘোষণাপত্র এবং আন্ডারটেকিং, অন্যান্য ফর্ম এবং সম্পদ বিক্রয় সম্পর্কিত শর্তাবলী সম্পর্কিত বিশদ সম্বলিত সম্পূর্ণ ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথিটি দেখতে হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় বিস্তারিত নথিপত্র, প্রযোজ্য সমস্ত শর্তাবলী সহ সম্ভাব্য দরদাতারা BAANKNET ওয়েবসাইট https://ibbi.baanknet.com/eauction-ibbi-এর মাধ্যমে অথবা silvertonspinners.liquidation@gmail.com-এ একটি ইমেল লিখে পেতে পারেন। সফল দরদাতার ইএমডি বিক্রয় বিবেচনার অংশ হিসাবে সংরক্ষণ করা হবে এবং ব্যর্থ দরদাতাদের ইএমডি ফেরত দেওয়া হবে। ইএমডি -তে কোনও সুদ থাকবে না। সফল বিডের পরিমাণের পেমেন্ট সময়সূচীর জন্য অনুগ্রহ করে ই-নিলাম প্রক্রিয়া তথ্য নথিটি দেখুন।
সম্ভাব্য দরদাতাদের একটি অঙ্গীকারপত্র জমা দিতে হবে যে প্রযোজ্য ক্ষেত্রে তারা কোডের ধারা ২৯এ এর অধীনে কোনও অযোগ্যতার সম্মুখীন নন এবং যদি কোনও পর্যায়ে অযোগ্য বলে প্রমাণিত হয়, তাহলে বায়না জমা বাজেয়াপ্ত করা হবে।
লিকুইডেটর কোনও কারণ ছাড়াই যেকোনো সময় যেকোনো দরপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান বা বাতিল করার অথবা ই-নিলামের যেকোনো শর্তাবলী সম্প্রসারণ বা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন। লিকুইডেটর কোনও কারণ ছাড়াই যেকোনো সময় ই-নিলাম বাতিল করার অধিকারও সংরক্ষণ করেন। ইচ্ছুক দরদাতাদের, তাদের দরপত্র জমা দেওয়ার আগে, স্থান পরিদর্শনের সময় সম্পদের মালিকানা এবং রক্ষণাবেক্ষণের চার্জ, যদি থাকে, সম্পর্কে তাদের স্বাধীন অনুসন্ধান করা উচিত এবং তাদের নিজস্ব খরচে সম্পদ পরিদর্শন করে নিজেদের সন্তুষ্ট করা উচিত।

প্রতীম বয়াল
সিলভারটন স্পিনার্স লিমিটেড- লিকুইডেটর বিষয় সম্পর্কিত
রেজি. নং IBBI/IPA-003/IP-N00213/2018-19/12385
প্রকল্প-নির্দিষ্ট যোগাযোগের ঠিকানা : ৭০৮, ৮ম তল, সেন্ট্রাল প্লাজা, ২/৬ শরৎ বোস রোড, কলকাতা-৭০০০২০
যোগাযোগ নম্বর : (+৯১) ৯৯০৩৮৮৬৭৮২
ইমেল আইডি (প্রক্রিয়া নির্দিষ্ট) silvertonspinners.liquidation@gmail.com

রেজি. অফিস ঠিকানা : ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার, সেক্টর নং - ৪, ফলতা, ২৪ পরগনা (দক্ষিণ)৭৪৩৫০৪ পশ্চিমবঙ্গ
তারিখ : ১০.০৩.২০২৬
স্থান : কলকাতা

## এসআইআরের জেরে বধূর মৃত্যু! অনাথ হল দুই সন্তান

**নিজস্ব প্রতিবেদন, বাদুড়িয়া:** আবারও এসআইআরের কারণে মৃত্যু গৃহবধূর। বাবা আগেই মারা গিয়েছিল, এবার এসআইআরের কারণেই মা-কে হারিয়ে সম্পূর্ণ অভিভাবকহীন হয়ে গেল দুই ভাই। নিজের দুই ছেলের নাম ভোটার লিস্টে 'ডিলিট', নিজের নাম 'বিচারাধীন', সেই দুশ্চিন্তায় আত্মহত্যা করেছেন বলেই অভিযোগ। মৃত বধূর ৫০-এর রিনা রানি কুণ্ডু। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার বাদুড়িয়া পশ্চিম চণ্ডীপুর এলাকার ২৭ নম্বর বুথে। নতুন ভোটার লিস্টের খসড়া তালিকা বেরোনোর পর থেকেই রিনা রানি কুণ্ডু চিন্তায় ছিলেন। স্বামী মারা গিয়েছেন আগেই। তাঁর নাম বিচারাধীনের তালিকায় এবং তাঁর দুই ছেলে শুভজিৎ কুণ্ডু ও সৌমেন কুণ্ডুর নাম ভোটার তালিকা থেকে ডিলিট করে দেওয়া হয়েছে। আগামী দিনে কি হবে এই নিয়ে বেশ কয়েকদিন ধরে মানসিক যন্ত্রণায় ও চিন্তিত ছিলেন রিনা রানি। সোমবার সকালে দুই ছেলে ৬ নম্বর ফর্ম জমা করতে গিয়েছিলেন। বাড়িতে কেউ না থাকার সুযোগে তিনি আত্মহত্যা করেন। তাঁর দুই ছেলে বাড়িতে এসে দেখে ঘরে দরজা দেওয়া। মাকে বহুবার ডাকার পরেও সাড়াশব্দ না মেলায় দরজা ভেঙে মাকে ঝুলন্ত অবস্থায় দেখে। খবর পেয়ে এলাকার মানুষ ঘটনাস্থলে উপস্থিত হয় এবং বাদুড়িয়া থানায় খবর দেওয়া হলে পুলিশ এসে দেহটি উদ্ধার করে রুদ্রপুর হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে নিয়ে গেলে ডাক্তাররা মৃত বলে ঘোষণা করেন। বাবা নেই, শিক্ষিত দুই ছেলের নাম ওঠেনি এবং নিজের নাম বিচারাধীন, তাদের কি হবে এই দুশ্চিন্তাতেই আত্মহত্যা করেছে বলে তাঁর দুই ছেলের দাবি। স্থানীয় পঞ্চায়েত সদস্য মেহেবুব আলম খবর পেয়েই পরিবারের সঙ্গে দেখা করেন এবং পাশে থাকার প্রতিশ্রুতি দেন।

## কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চ শ্যামলা অঞ্চলে



**নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর:** সপ্তাহের প্রথম দিনেই ভারী বুটের আওয়াজ শোনা গেল পাণ্ডবেশ্বর থানার শ্যামলা অঞ্চলে। সোমবার পাণ্ডবেশ্বর থানার অন্তর্গত শ্যামলা অঞ্চলের ভুঁড়ি ও ফরফরি গ্রামে দেখা গেল কেন্দ্রীয় বাহিনীর টহলদারি। দু'টি গ্রামের বিভিন্ন অলিগলি ঘুরে দেখেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। এদিন কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে ছিল পাণ্ডবেশ্বর থানার সাব ইন্সপেক্টর পলাশ মল্লিক। এলাকার জনসাধারণের সঙ্গে সরাসরি জনসংযোগ করেন প্রশাসন এবং সব ধরনের সহযোগিতারও আশ্বাস দেন। পুলিশ সূত্রে জানানো হয়, নির্বাচনী প্রাক্কালে যাতে এলাকায় কোনরকম কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে এবং শান্তি-শৃঙ্খলা বজায় থাকে সে কারণেই এই রুট মার্চ। এছাড়াও প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, এলাকায় কোন রকম কোন অশান্তির বাতাবরণ সৃষ্টি হলে সরাসরি স্থানীয় থানার সঙ্গে যোগাযোগ করুন, আমরা সব সময় আপনাদের সহযোগিতা করার জন্য প্রস্তুত।

## আলুর ন্যায্য দামের দাবিতে কৃষক বিক্ষোভ গোঘাটে



**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** আলুর ন্যায্য দাম না পাওয়ার প্রতিবাদে এবার রাস্তায় নেমে বিক্ষোভে সামিল হলেন আলু চাষিরা। জাতীয় পতাকা হাতে নিয়ে রাস্তায় আলু ঢেলে পথ অবরোধ করে প্রতিবাদ জানালেন তাঁরা। ঘটনাটি ঘটেছে হুগলি জেলার গোঘাটের শান্তিপুর এলাকায়। এদিন সকাল থেকেই শান্তিপুর এলাকায় বদনগঞ্জ, আরামবাগ রাজ্য সড়কে জড়ো হন বহু আলু চাষি। এরপর জাতীয় পতাকা হাতে নিয়ে রাস্তায় আলু ঢেলে পথ অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন। এরফলে কিছু সময়ের জন্য ওই গুরুত্বপূর্ণ সড়কে যান চলাচল ব্যাহত হয়। বিক্ষোভকারী চাষিদের দাবি, আলুর উৎপাদন খরচ গত কয়েক বছরে ব্যাপকভাবে বেড়ে গেছে। রাসায়নিক সার, বীজ, কীটনাশক সহ কৃষিকাজের বিভিন্ন সামগ্রীর দাম বেড়ে যাওয়ায় আলু চাষ করা এখন অত্যন্ত ব্যয়বহুল হয়ে দাঁড়িয়েছে। চাষিদের অভিযোগ, বাজারে সার ও কীটনাশকের কালোবাজারি চলছে, যার ফলে উৎপাদন খরচ আরও বৃদ্ধি পাচ্ছে। চাষিদের বক্তব্য, এত বিপুল খরচ করে আলু উৎপাদন করার পরও তাঁরা ন্যায্য দাম পাচ্ছেন না। বর্তমানে ব্যবসায়ীরা অনেক ক্ষেত্রেই ৪০০ টাকা ক্যুইন্টাল হিসেবেও আলু কিনতে চাইছেন না। এতে করে বিঘা প্রতি প্রায় ১৫ হাজার টাকা পর্যন্ত লোকসানের মুখে পড়তে হচ্ছে চাষিদের। এক বিক্ষোভকারী আলু চাষির কথায়, 'আমরা রাজনীতি করতে আসিনি। আমরা চাষ করি, পরিশ্রম করে আলু ফলাই। কিন্তু বাজারে সেই আলুর দামই পাচ্ছি না। সরকার যদি আমাদের কাছ থেকে ন্যায্য দামে আলু না কেনে, তাহলে আমরা চাষ করে কীভাবে বাঁচব?'

উল্লেখ্য, রাজ্য সরকার চাষিদের কাছ থেকে সরকারিভাবে কুইন্টাল প্রতি ৯৫০ টাকা দরে আলু কেনার ঘোষণা করেছে। তবে বিক্ষোভকারী চাষিদের অভিযোগ, বাস্তবে সেই উদ্যোগ এখনও চোখে পড়েনি। চাষিদের আরও দাবি, সরকারকে অবিলম্বে ক্যুইন্টাল প্রতি সর্বনিম্ন ১২০০ টাকা সহায়ক মূল্য ঘোষণা করে সরাসরি চাষিদের কাছ থেকে আলু কিনতে হবে। তা না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের পথে হাঁটতে বাধ্য হবেন তারা।

## জামালপুরে বিজেপির 'পরিবর্তন যাত্রা'য় ভাটা

**নিজস্ব প্রতিবেদন, জামালপুর:** 'পাল্টানো দরকার, চাই বিজেপি সরকার'। এই স্লোগানকে সামনে রেখে রাজ্যজুড়ে পরিবর্তনের ডাক দিয়েছে ভারতীয় জনতা পার্টি। কিন্তু পূর্ব বর্ধমানের জামালপুরে সেই যাত্রার সুর কাটল জনহীনতায়। খোদ দলের কেন্দ্রীয় পদাধিকারী দিলীপ ঘোষ এবং প্রাক্তন আইপিএস নেত্রী ভারতী ঘোষের উপস্থিতিতেও দেখা গেল না প্রত্যাশিত জনজোয়ার। যা নিয়ে বর্তমানে জেলার রাজনৈতিক মহলে শুরু হয়েছে জোর চর্চা। কর্মসূচি ঘিরে গত কয়েকদিন ধরেই গেরুয়া শিবিরের অন্দরে সাজ সাজ রব ছিল। প্রচারের পারদ চড়িয়ে যে বিপুল জনসমাগমের 'হাইপ' তৈরি করা হয়েছিল, বাস্তবের মাটিতে তার প্রতিফলন ছিল যৎসামান্য। রাজ্যস্তরের হেভিওয়েট নেতারা যখন মঞ্চে ভাষণ দিচ্ছেন, তখন সামনের সারিতে উপস্থিতির সংখ্যা হাতেগোনা শতাধিক মাত্র। যা দেখে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, প্রচারের ঢক্কানিনাদ থাকলেও সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল একেবারেই নিম্নমুখী। দিলীপ ঘোষের মতো নেতা এবং ভারতী ঘোষের মতো পরিচিত মুখ থাকা সত্ত্বেও কেন এই জনশূন্যতা? এই প্রশ্ন এখন বিজেপির অন্দরেই ঘুরপাক খাচ্ছে। জেলা সংগঠনের শক্তি ও সমন্বয় নিয়ে উঠতে শুরু করেছে বড়সড় প্রশ্নচিহ্ন। স্থানীয়দের একাংশের দাবি, দলীয় কোন্দল এবং সঠিক রণকৌশলের অভাবেই এই 'পরিবর্তন যাত্রা' জামালপুরের মাটিতে কার্যত লক্ষ্যভ্রষ্ট হয়েছে। এই পরিস্থিতিকে হাতিয়ার করে আসরে নেমেছে শাসকদল তৃণমূল কংগ্রেস। জামালপুরের তৃণমূল নেতৃত্বের দাবি, বিজেপি যে জনবিচ্ছিন্ন একটি দল, তা এদিনের কর্মসূচিতেই প্রমাণিত। মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের সঙ্গে আছে, তাই বিজেপির ভাঁওতাবাজিতে কেউ পা দেয়নি।'

## দাদা হুজুরকে সরকারি সম্মান দেওয়ার দাবি ঈসালে সওয়াবে

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** সোমবার সকালে ফুরফুরা শরীফের ঐতিহাসিক ঈসালে সওয়াব সমাপ্ত হল। শেষ দোয়া করেন পীরজাদা সওবান সিদ্দিকী। পীরজাদা মওলানা ইমরান সিদ্দিকী জেকেরের মজলিস পরিচালনা করেছেন। পাঁচ হুজুরের দরবারে পীরসাহেবগণ মানুষের খেদমত করেন। দরবারে শেষ দিনে ব্যপক ভিড় হয়। দাদা হুজুর প্রতিষ্ঠিত ১৩৫ বছরের এই মাহফিলে বেশ কিছু রাজনৈতিক নেতারা এসেছিলেন পীরসাহেবদের কাছে দোয়া নিতে। যুগ সংস্কারক দাদা হুজুর পীর ছিলেন সম্প্রীতির সেতু। শেষ দোয়ায় বার্তা দেওয়া হয় সম্প্রীতির। এসআইআর নিয়ে সাধারণ মানুষ এবং মুসলমানদের হয়রানির জন্য এদিন ক্ষোভ প্রকাশ করেন পীরসাহেবগণ। অন্যায় যুদ্ধের জন্য বর্বর ইজরায়েল ও আমেরিকার বিরুদ্ধে প্রতিবাদ করা হয়। পাশাপাশি সমগ্র মানবজাতির কল্যাণের জন্য দোয়া করা হয়। সভায় রাজ্য সরকারে বিভিন্ন সহযোগিতা মানুষের নজর কাড়ে। পীর হযরত দাদা হুজুরকে সরকারি সম্মান দেওয়ার দাবি জানান অনেক পীরসাহেব। পীরসাহেব দাদা হুজুর উপমহাদেশের যুগ সংস্কারক ছিলেন। বাংলার সাম্প্রদায়িক সম্প্রীতি-সহ মানুষের জন্য কল্যাণকর কাজ করেছিল। সমগ্র বাঙালি জাতির অস্তিত্ব টিকিয়ে রাখতে তিনি বিরামহীন কাজ করে দেশকে শিক্ষার আলোয় আলোকিত করেছিলেন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-9331059060

### SBI — হোম লোন সেন্টার রাজারহাট (১৬৮২২) — সাধারণ বিজ্ঞপ্তি

বেঞ্চমার্ক, সিটি সেন্টার - ২-এর নিকট, নিউ টাউন, সন্তোষ চেম্বার, ব্লক -এ, ৩য় তল, রাজারহাট নিউটাউন, বাইপাস রোড, নোয়াপাড়া, পো - হাতিয়ারা, কলকাতা - ৭০০১৬১ ইমেল : sbi.16822@sbi.co.in

**মূল স্বত্ব দলিল নং ১-৮৭ -২০১৭ সালের , রেজিস্ট্রিকৃত এডিএসআরও বারাকপুর, সম্পত্তি শ্রী জয় প্রকাশ এর নামে হারিয়ে যাওয়া প্রসঙ্গে।**

নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিজ্ঞাপিত করছেন যে, উল্লিখিত **স্বত্ব দলিল নং ১-৮৭ -২০১৭ সালের রেজিস্ট্রিকৃত এডিএসআরও বারাকপুর, সম্পত্তি শ্রী জয় প্রকাশ,** ঠিকানা : লিভিং প্যারাডাইস, ফ্ল্যাট নং এ, ৪র্থতল, ৩২(২৫) বি টি রোড, বারাকপুর, থানা : টিটাগড়, জেলা উত্তর ২৪ পরগনা যথাযথভাবে সম্পাদিত এবং রেজিস্ট্রিকৃত এডিএসআর শিয়ালদহ, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া, এইচএলসি রাজারহাট হেফাজত থেকে ২০.০২.২০২৬ তারিখ থেকে পাওয়া যাচ্ছে না।

সংশ্লিষ্ট দলিলের নিখোঁজ/হারিয়ে যাওয়ার বিষয়ে **ইকো পার্ক থানায়** জেনারেল ডায়েরি **উল্লেখ্য জিডিই নং ১০৮৮ তারিখ ২৩.০২.২০২৬** দায়ের করা হয়েছে। কোনও ব্যক্তির উক্ত সম্পত্তি/দলিলে কোনওরূপ দাবি, অধিকার, স্বত্ব এবং/বা স্বার্থ থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে জানাতে অনুরোধ করা হচ্ছে অন্যথায় ব্যর্থ হলে কোনও দাবি গ্রাহ্য হবে না।

তারিখ : ১০.০৩.২০২৬ — স্থান : কলকাতা — অনুমোদিত অফিসার, এসবিআই, এইচএলসি, রাজারহাট

### ব্যাঙ্ক অফ ইন্ডিয়া / Bank of India BOI — Relationship beyond banking — বর্ধমান জোনাল অফিস

৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২

**তারিখ : ১৬.০৩.২০২৬ থেকে ২০.০৩.২০২৬**

**মেগা সমঝোতা ক্যাম্পেন**

ব্যাঙ্ক অব ইন্ডিয়া আয়োজন করেছে **"মেগা সমঝোতা ক্যাম্পেন" ১৬ থেকে ২০ মার্চ -২০২৬ সময়ে** ঋণগ্রহীতাগণের এনপিএ লোন অ্যাকাউন্ট সমাধানের জন্য ওয়ান টাইম সেটেলমেন্ট (ওটিএস) অধীনে সংশ্লিষ্ট সকল শাখা/জোন এবং এফজিএমওএস সারা দেশে। সমঝোতা দিবস এনপিএ ঋণগ্রহীতাগণর ব্যবসায়িক/শারীরিক অবস্থা বা অন্য কোনও উপযুক্ত কারণ বিবেচনায় যারা সময়ে তাদের ঋণপরিমাণ পরিশোধে ব্যর্থ হয়েছেন। আমাদের ব্যাঙ্ক বিশেষ ওটিএস স্কিম এর মাধ্যমে ক্ষুদ্র মূল্য অ্যাকাউন্ট এবং মাঝারি অ্যাকাউন্ট বিশেষ ছাড়ের প্রস্তাবের মাধ্যমে যাদের এনপিএ অ্যাকাউন্ট রয়েছে তাদের জন্য সমাধানের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। আমরা আবেদন জানাইতেছি যেসকল ঋণগ্রহীতার অ্যাকাউন্ট এনপিএ অধীনে **"মেগা সমঝোতা ক্যাম্পেণ" ১৬ থেকে ২০ মার্চ ২০২৬** সময়ে সমাধানের জন্য সুবর্ণ সুযোগ গ্রহণ করতে।

**সংশ্লিষ্ট বিশেষ সুযোগ গ্রহণের জন্য অনুগ্রহ করে আপনার নিকটবর্তী শাখা/অফিশে অবিলম্বে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।**

### অ্যাক্সিস ফিনান্স লিমিটেড

(CIN : U65921MH1995PLC212675)
অ্যাক্সিস হাউস, সি-২, ওয়াদিয়া ইন্টারন্যাশনাল সেন্টার, পান্ডুরঙ্গ বুধকর মার্গ, ওরলি, মুম্বই - ৪০০ ০২৫

ই-পাবলিক নিলাম-তথা-বিক্রয় নোটিশ

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্স মেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) এবং রুল ৯(১) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ। এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/গণ, জামিনদাতা/গণ এবং বন্ধকদাতা/গণের প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে যে নিম্নে বর্ণিত নির্ধারিত ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি, অ্যাক্সিস ফিনান্স লিমিটেডের অনুমোদিত অফিসার কর্তৃক **প্রতীকী দখলীকৃত**, নির্ধারিত ঋণদাতা, **"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে", "যেমন অবস্থায় আছে" এবং "কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত" ২৭.০১.২০২৬ তারিখে, ২,৯২,৭৪,৫০০ টাকা (দুই কোটি বিরানব্বই লাখ চুয়াত্তর হাজার পাঁচশ টাকা)** ০৫.১২.২০২৫ অনুযায়ী [দাবি নোটিশ তারিখ ৩০.০৮.২০২৫ অনুযায়ী বকেয়া সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে ইস্যুকৃত--আইএনআর **২,৮২,২৬,৫৩৮ টাকা (দুই কোটি বিরাশি লাখ ছাব্বিশ হাজার পাঁচশ আটত্রিশ টাকা) ০৫.০৮.২০২৫ অনুযায়ী বকেয়া]** চুক্তি মোতাবেক হারে পরবর্তী সুদ সহ খেলাপি/জরিমানা সুদ এবং অন্যান্য চার্জ সহ চূড়ান্ত আদায়/উশুল পর্যন্ত ঋণগ্রহীতা/বন্ধকদাতাগণ/ জামিনদাতাগণের কাছ থেকে যেমন **(১) ভিশন ইন্টেরিয়রস (২) বিকাশ গোপাত ৩) সুনীতি গোপাত** কাছ থেকে বকেয়া আদায়ের জন্য। সম্পদের বিবরণ, সংরক্ষিত মূল্য (আরপি), বায়না জমা (ইএমডি) এবং বিক্রয়ের বিস্তারিত নিম্নোক্ত মতে :

তপশিল -১

**জামিনদত্ত স্থাবর সম্পদের বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ অফিস স্পেস পরিমাপ আনুমানিক ১২০০ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) একতলায় (উত্তর পশ্চিম গেট) শ্রী সদন এর , ২ টি ঢাকা কার পার্কিং স্পেস চিহ্নিত ৫ এবং ৬, মোট পরিমাপ আনুমানিক ২৭০ বর্গফুট(বিল্ট আপ এরিয়া) (১৩৫ বর্গফুট প্রতিটি) ভবনে নির্মিত প্লট জমি পরিমাপ আনুমানিক ৮ কাঠা ১৪ ছটাক অবস্থিত পুরসভা প্রেমিসেস নং ৪, এস এন রায় রোড,কলকাতা- ৭০০০৩৮, থানা -বেহালা, জেলা -দক্ষিণ ২৪ পরগনা, পুরসভা ওয়ার্ড নং ১১৭, কলকাতা পৌর সংস্থা অধীন। ভবন/প্লটের চৌহদ্দি : পুর্বে র শিওনাত অয়েল মিল। পশ্চিমে : ১০ ফুট চওড়া সাধারণ চলার পথ এস এন রায় রোড থেকে। উত্তরে : কেএমসি রোড। দক্ষিণে : এডিবিওয়াইএ এস্টেট।

তপশিল -২
ই-নিলামের বিস্তারিত

| | | |
|---|---|---|
| সম্পত্তি/গুলির বিস্তারিত | তপশিল -১ অনুযায়ী | |
| ই-নিলামের তারিখ এবং সময় | ২৭.০৩.২০২৬ সময় : বেলা ১১ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত প্রতিটি ৫ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ সাপেক্ষে | |
| টেন্ডার দাখিলের তারিখ এবং সময় | ২৫.০৩.২০২৬ বিকেল ৪ টার মধ্যে | |
| সংরক্ষিত মূল্য : | | |
| জামিনদত্ত সম্পদ | ১,৩১,৪০,০০০ টাকা | এক কোটি একত্রিশ লাখ চল্লিশ হাজার টাকা। |
| *সংশ্লিষ্ট মূল্যের কমে ফ্ল্যাট/সম্পত্তিগুলি বিক্রি হবে না। | | |
| বায়না জমা (আরপি এর ১০ শতাংশ) : | | |
| জামিনদত্ত সম্পদ | ১৩,১৪,০০০ টাকা | তেরো লাখ চৌদ্দ হাজার টাকা। |
| ডাক বর্ধিতকরণ পরিমাণ : ১,০০,০০০ (এক লাখ টাকা) টাকা | | |
| যোগাযোগের ব্যক্তির বিস্তারিত এবং মোবা. নং : শ্রী সার্থক শর্মা, মো : ৯৮১০১৬৩৩১২ | | |

বিক্রির নিয়ম এবং শর্তাদির বিস্তারিত জানতে অনুগ্রহ করে দেখুন ওয়েবসাইট : https://www.auction.infolarge.com এবং www.axisfinance.in।

সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬)/ রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ ১৫ দিনের বিক্রয় নোটিশ।

সংশ্লিষ্ট এই নোটিশ ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬)/রুল ৯(১) অধীনে ঋণগ্রহীতাগণ, জামিনদাতাগণ এবং বন্ধকদাতাগণের প্রতি উক্ত ঋণ বিষয়ক এবং উক্ত উল্লিখিত তারিখ অনুযায়ী ই-নিলাম বিক্রয় নোটিশ।

তারিখ : ০৯.০৩.২০২৬ — স্থান : নিউ দিল্লি — অনুমোদিত অফিসার, অ্যাক্সিস ফিনান্স লিমিটেড

### SBI — স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, সাউথ বেঙ্গল — ই-নিলাম বিক্রয় নোটিশ

জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১
ফোন - (০৩৩) ২২৮৮ ৪৪৩৭, ফ্যাক্স - (০৩৩) ২২৮৮ ৪৩০২, ই-মেল - sbi.15196@sbi.co.in

অনুমোদিত অফিসারের বিস্তারিত - নাম - তপন কুমার রায়, ই-মেল আইডি -sbi.15196@sbi.co.in মোবাইল - ০৮০০১২০৭৮১১

স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের **রুল ৯(১) এবং রুল ৮(৬)** অধীনে স্থাবর সম্পত্তির ক্ষেত্রে।

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধকদত্ত নিম্নোক্ত বিস্তারিত মতে স্থাবর সম্পত্তি জামিন অধীনে ঋণদাতা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত অফিসার কর্তৃক **স্বত্ব দখলীকৃত** এবং **'যেখানে যা আছে', 'যেখানে যেমন আছে' এবং 'যেখানে যে অবস্থায় আছে'** ভিত্তিতে বকেয়া আদায়ের জন্য বিক্রয় করা হবে নিম্নোক্ত তারিখ মোতাবেক।

**ই-নিলামের তারিখ এবং সময় - তারিখ - ২৭.০৩.২০২৬**
**নিলামের সময় - সকাল ১১টা থেকে বিকেল ৪টে পর্যন্ত প্রতিটি অসীমামিয়ত ১০ মিনিটের সম্প্রসারণ সহ**

| ক্রম নং | ইউনিট/ঋণগ্রহীতা/ জামিনদাতাগণের নাম | বিক্রয়দত্ত সম্পত্তির বিস্তারিত | বকেয়া পরিমাণ | ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি ১০ শতাংশ গ) ডাক বর্ধিত পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | **ঋণগ্রহীতা : প্রয়াত বাসুদেব দাস, আইন উত্তরাধিকারী/জামিনদাতা দ্বারা প্রতিনিধিত্বকারী : ক) শ্রীমতি কল্পনা দাস** (প্রয়াত বাসুদেব দাসের আইনি উত্তরাধিকারী এবং স্ত্রী এবং ব্যক্তিগত জামিনদাতা) **খ) শ্রী আশিস দাস** (প্রয়াত বাসুদেব দাসের পুত্র এবং আইনি উত্তরাধিকারী), **গ) শ্রী দেবাশিস দাস** (প্রয়াত বাসুদেব দাসের পুত্র এবং আইনি উত্তরাধিকারী), **ঘ) শ্রীমতি অনিমা দাস** (স্বামী তপন দাস এবং প্রয়াত বাসুদেব দাস এর কন্যা এবং আইনি উত্তরাধিকারী)। | ১. সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি তদস্থিত পাকা নির্মাণ পরিমাপ আনুমানিক ৭ ডেসিমেল অবস্থিত মৌজা- কাকদ্বীপ, জেএল নং ৩৯, তৌজি নং ২৭৩২, সাবেক দাগ নং ৪৩১ এবং ৪৩৩, আরএস দাগ নং ৭৩৭/৮৯৪, খতিয়ান নং ৫০১, থানা - কাকদ্বীপ, জেলা -দক্ষিণ ২৪ পরগনা রেজিস্ট্রিকৃত **উল্লেখ্য দলিল নং আই-২৫৭৮- ১৯৯৬ সম্পত্তি প্রয়াত বাসুদেব দাস এর নামে।** ২. সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি তদস্থিত পাকা নির্মাণ পরিমাপ আনুমানিক ৫.৫ ডেসিমেল অবস্থিত মৌজা- কাকদ্বীপ, জেএল নং - ৩৯ তৌজি নং ২৭৩২, সাবেক দাগ নং ৫১৭, হাল দাগ নং ৭৩৭, খতিয়ান নং ৫১৬, থানা : কাকদ্বীপ, জেলা দক্ষিণ ২৪ পরগনা, রেজিস্ট্রিকৃত **উল্লেখ্য দলিল নং আই-১২০-১৯৯৩ সালের সম্পত্তি প্রয়াত বাসুদেব দাস এর নামে।** ৩. সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি তদস্থিত পাকা নির্মাণ পরিমাপ আনুমানিক ৬ ডেসিমেল অবস্থিত মৌজা-কাকদ্বীপ, জেএল নং ৩৯, তৌজি নং ২৭৩২, সাবেক দাগ নং ৫১৭, হাল দাগ নং ৭৩৭, খতিয়ান নং ৫১৬, থানা -কাকদ্বীপ, জেলা -দক্ষিণ ২৪ পরগনা, রেজিস্ট্রিকৃত **উল্লেখ্য দলিল নং আই-১২২-১৯৯৩ সালের, সম্পত্তি প্রয়াত বাসুদেব দাস এর নামে।** ৪. সংশ্লিষ্ট সকল অংশ বাস্তু জমি তদস্থিত পাকা নির্মাণ পরিমাপ আনুমানিক ৫.৫ ডেসিমেল অবস্থিত মৌজা - কাকদ্বীপ, জেএল নং ৩৯, তৌজি নং ২৭৩২, সাবেক দাগ নং ৫১৭, হাল দাগ নং ৭৩৭, খতিয়ান নং ৫১৬, থানা -কাকদ্বীপ, জেলা -দক্ষিণ ২৪ পরগনা, রেজিস্ট্রিকৃত **উল্লেখ্য দলিল নং আই-১২১-১৯৯৩ সালের, সম্পত্তি প্রয়াত বাসুদেব দাস এর নামে। সম্পত্তি ব্যাঙ্কের স্বত্ব দখলীকৃত।** | ১,০৬,২২,১০৬.৯২ টাকা (এক কোটি ছয় লাখ বাইশ হাজার একশ ছয় টাকা এবং বিরানব্বই পয়সা) ১৬.০৭.২০২৪ অনুযায়ী এবং ১৭.০৭.২০২৪ থেকে পরবর্তী সুদ, তাৎক্ষণিক ব্যয়, মূল্য, চার্জ ইত্যাদি সহ বকেয়া | ক) ৪৫,০০,০০০.০০ টাকা খ) ৪,৫০,০০০.০০ টাকা গ) ২৫,০০০.০০ টাকা; যোগাযোগের ব্যক্তি ৮০০১২০৭৮১১ ৭০১৯২২৩৬৯৬; পর্যবেক্ষণের তারিখ ২০.০৩.২০২৬ এবং ২১.০৩.২০২৬ |

ক) বিক্রয়ের বিশদ নিয়ম এবং শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সিকিউরড ক্রেডিটরের ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-নিলামের জন্য নির্দিষ্ট লিঙ্কে দেওয়া লিঙ্কটি দেখুন https://BAANKNET.com
খ) ইচ্ছুক দরদাতা/গণ তার ইএমডির পরিমাণ PSB Alliance Pvt. Ltd. সাথে রক্ষণাবেক্ষণ করা তার বিডার অ্যাকাউন্টে তৈরি করা চালানের মাধ্যমে স্থানান্তর করতে হবে। নিলামের তারিখের আগে তার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে NEFT/RTGS স্থানান্তর করে। কোনও জিজ্ঞাস্য থাকলে অনুগ্রহ করে support.baanknet@psballiance.com বা যোগাযোগ করুন ৮২৯১২২০২২০ নম্বরে

ই-নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণের পূর্বে আগ্রহী ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে উক্ত ওয়েবসাইটে সংযুক্ত নিয়ম এবং শর্তাদি অনুধাবন করতে

তারিখ : ১০.০৩.২০২৬ — স্থান : কলকাতা — কোনও অসুবিধার ক্ষেত্রে ইংরাজি মাধ্যম প্রাধান্য পাবে — অনুমোদিত অফিসার, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া

### ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank — ইলাহাবাদ ALLAHABAD — স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ (এসএএমএল)
কলকাতা শাখা, ১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, ২য় তল, ইন্ডিয়ান ব্যাঙ্ক বিল্ডিং, কলকাতা - ৭০০ ০০১
ই-মেইল: samlkolkata@indianbank.bank.in
ফোন নং: (০৩৩) ২২৩১ ১৪৭১

**পরিশিষ্ট -৪-এ [রুল ৮(৬) ও ৯(১) -এতে বন্দোবস্ত দেখুন]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১) -এর বন্দোবস্তের সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি।**

সাধারণভাবে জনগণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) কে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নীচে বর্ণিত সুরক্ষিত উত্তমর্ণের কাছে বন্ধকিকৃত/চার্জড স্থাবর সম্পত্তিগুলির **বাস্তবিক দখলদারী** গৃহীত হয়েছে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ কলকাতা শাখার (সুরক্ষিত পাওনাদার)** অনুমোদিত আধিকারিক দ্বারা, যা **"যেখানে যেমন আছে", "যা যেমন আছে"** এবং **"সেখানে যা কিছু আছে"**-এর ভিত্তিতে বিক্রি করা হবে **২৭.০৩.২০২৬** তারিখে **ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ কলকাতা শাখা (সুরক্ষিত পাওনাদার)** -এর বকেয়া পাওনা অর্থ **৪,০৬,১৬,২৫২.০০ টাকা** (চার কোটি ছয় লক্ষ ষোলো হাজার দুইশত বাহান্ন টাকা মাত্র) **২০.০৭.২০২২** অনুযায়ী তদুপরি পরবর্তী সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ **মেসার্স রিলায়েবল কনস্ট্রাকশন (ঋণগ্রহীতা), স্বত্বাধিকারী: শ্যাম সুন্দর বশিষ্ঠ,** ২বি/১৫, রাশিয়ান কলোনি, পোঃ- কাঠারা, জেলা- বোকারো, থানা- বোকারো থার্মাল, পিন- ৮২৯১১৬, ঝাড়খণ্ড। **বিকল্প ঠিকানা-** ৯, ড্যাক্রেস লেন, ১ম ফ্লোর (উপরের অংশ), রুম নং- ১০২, কলকাতা- ৭০০০৬৯ এবং ১, ক্রুকেড লেন, ২য় ফ্লোর, রুম নং- ২১৫, কলকাতা- ৭০০০৬৯ -এর কাছ থেকে পুনরুদ্ধার করার জন্য।

ই-অকশন পদ্ধতিতে বিক্রয়ের জন্য উদ্দিষ্ট সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে তালিকাবদ্ধ করা হলো:

| ক্র নং | ক) অ্যাকাউন্ট / ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত পাওনাদারের বকেয়া পাওনা | ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) সম্পত্তি আইডি ঙ) সম্পত্তির উপর দায়বদ্ধতা চ) দখলের ধরন |
|---|---|---|---|---|
| ১. | **ক) ১. মেসার্স রিলায়েবল কনস্ট্রাকশন (ঋণগ্রহীতা) স্বত্বাধিকারী- শ্যাম সুন্দর বশিষ্ঠ** ২বি/১৫, রাশিয়ান কলোনি, পোঃ- কাঠারা, জেলা- বোকারো, থানা- বোকারো থার্মাল, পিন- ৮২৯১১৬, ঝাড়খণ্ড। **বিকল্প ঠিকানা:** ৯, ড্যাক্রেস লেন, ১ম ফ্লোর (উপরের অংশ), রুম নং- ১০২, কলকাতা- ৭০০০৬৯ **এবং** ১, ক্রুকেড লেন, ২য় ফ্লোর, রুম নং- ২১৫, কলকাতা- ৭০০০৬৯ **২. শ্রী শ্যাম সুন্দর বশিষ্ঠ (স্বত্বাধিকারী / জামিনদার / বন্ধকদাতা)** ২বি/১৫, রাশিয়ান কলোনি, পোঃ- কাঠারা, জেলা- বোকারো, থানা- বোকারো থার্মাল, পিন- ৮২৯১১৬, ঝাড়খণ্ড। **বিকল্প ঠিকানা:** ৯, ড্যাক্রেস লেন, ১ম ফ্লোর (উপরের অংশ), রুম নং- ১০২, কলকাতা- ৭০০০৬৯ **এবং** ৬বি, মেঘদূত, ১২ রোল্যান্ড রোড, পোঃ- লালা লাজপত রায় সরণি, থানা- ভবানীপুর, কলকাতা- ৭০০ ০২০। **খ) স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট লার্জ কলকাতা শাখা** | সংশ্লিষ্ট সকল অংশ সমুদয় এরিয়া ২য়তল, পরিমাপ সুপার বিল্ট আপ এরিয়া আনুমানিক ৫০০০ বর্গফুট বাণিজ্যিক শ্রেণির কমবেশি , এক হল রুম, এক বাথ রুম, প্রিভি সহ এবং এক কিচেন টাইল মেঝেসহ, লিফট ব্যতীত এবং এক পৃথক ব্যক্তিগত সিঁড়ি এবং এক সকলের ব্যবহারের সিঁড়ি উক্ত ভবনে সকল সুবিধা এবং পরিষেবা ভোগ দখলের অধিকার সহ অবস্থিত আরএস এবং এলআর দাগ নং ৭২৮ (অংশ), এলআর খতিয়ান নং ২৩৩৩, জেএল নং ১৮১, মৌজা- কৃষ্ণপুর মদনপুর, ব্লক-বারাসত ২, খামারপাড়া গ্রাম পঞ্চায়েত অধীন, পো : কৃষ্ণপুর মদনপুর, থানা: মধ্যমগ্রাম, এডিএসআরও -বারাসত অধিক্ষেত্রে, কলকাতা - ৭০০১২৮, জেলা উত্তর ২৪ পরগনা, সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাপ এরিয়া আনুমানিক ১২ ডেসিমেল (কিন্তু প্রকৃত পরিমাপ আনুমানিক ১৪ ডেসিমেল কমবেশি)। **উক্ত জমির চৌহদ্দি :** উত্তরে : প্রতাপ কুমার ঘোষের জমি। দক্ষিণে : প্রতাপ কুমার ঘোষের জমি। পূর্বে : প্রতাপ কুমার ঘোষের জমি। পশ্চিমে : ২২ ফুট চওড়া কৃষ্ণপুর মদনপুর রোড। **উক্ত সম্পত্তি শ্রী শ্যাম সুন্দর বশিষ্ঠ এর নামে** দলিল নং ১৯০৪০৪৮৪৮/২০১৮। | **৪,০৬,১৬,২৫২.০০ টাকা** (চার কোটি ছয় লক্ষ ষোলো হাজার দুইশত বাহান্ন টাকা মাত্র) **২০.০৭.২০২২** অনুযায়ী তদুপরি পরবর্তী সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয় সহ | **ক) ৮৩,৫০,০০০.০০ টাকা (*)** (তিরাশি লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) **খ) ৮,৩৫,০০০.০০ টাকা** (আট লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) **গ) ৫০,০০০.০০ টাকা** (পঞ্চাশ হাজার টাকা মাত্র) **ঘ) IDIB30259344603A ঙ) ব্যাংকের জানা নেই চ) বাস্তবিক দখল** |

**যোগাযোগের ব্যক্তি: মৃত্যুঞ্জয় প্রসাদ সিং (অনুমোদিত অফিসার), মোবাইল : ৮০১৭০ ০৭৬৩২**

**(*) বিক্রয় মূল্য সংরক্ষিত মূল্যের উপর হতে হবে**

**পরিদর্শনের তারিখ : ২৩.০৩.২০২৬ থেকে ২৬.০৩.২০২৬; সময় : সকাল ১১.০০টা থেকে বিকাল ০৪.০০টা**
**ই-অকশনের তারিখ ও সময়: তারিখ : ২৭.০৩.২০২৬; সময় : সকাল ১১.০০টা থেকে বিকাল ০৪.০০টা**
**ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম : https://baanknet.com**

জানা যাচ্ছে, রবিবার সন্ধ্যায় বন্ধুদের সঙ্গে পার্কে ঘুরতে গিয়েছিলেন আক্রান্ত তরুণী। অভিযোগ, সেই সময়েই একদল কিশোর তাঁদের উদ্দেশে আপত্তিকর মন্তব্য এবং অঙ্গভঙ্গি করতে থাকে। তরুণী তার প্রতিবাদ করতেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। অভিযোগ, কিশোরেরা ওই তরুণীকে মারধর করে এলাকা থেকে পালিয়ে যায়। রবিবার সন্ধ্যায় ওই ঘটনার পর পরই তাঁকে নিয়ে যাওয়া হয় দিল্লির সফদরজং হাসপাতালে। সেখানেই তাঁর শারীরিক পরীক্ষা এবং চিকিৎসা হয়। সূত্রের খবর, তাঁর আঘাত গুরুতর নয়। হাসপাতাল থেকে শীঘ্রই ছুটি দিয়ে দেওয়া হতে পারে বলেও জানাচ্ছে ওই সূত্র। রবিবারের ঘটনাকে কেন্দ্র করে ইতিমধ্যে প্রশ্ন তুলতে শুরু করেছেন দেশের উত্তর-পূর্বাঞ্চলের রাজনীতিকেরা।

# মধ্যপ্রাচ্যের যুদ্ধের আগুনে পুড়ছে শেয়ার বাজার

# একধাক্কায় ২০০০ পয়েন্ট পড়ল সেনসেক্স

**নয়াদিল্লি, ৯ মার্চ:** যুদ্ধের আগুন পুড়ছে শেয়ার বাজার। সোমবার সকালে একধাক্কায় ২০০০ পয়েন্টের বেশি নেমে সেনসেক্স হয়েছে ৭৬,৭৪১.২৯। পাল্লা দিয়ে পতন হয়েছে নিফটিরও। বিশেষজ্ঞদের বক্তব্য, যুদ্ধের ফলে জ্বালানি তেল পরিবহণের প্রধান রুট হরমুজ প্রণালী বন্ধ। এই অবস্থায় বাড়ছে অপরিশোধিত তেলের দাম। যার ব্যাপক প্রভাব পড়ছে ভারতের বাজারে। এছাড়াও বিশ্বব্যাপী বাণিজ্যের ঝুঁকি তীব্রতর হওয়ায় বিদেশী বিনিয়োগকারীরা ভারতের বাজার থেকে অর্থ তুলে নিচ্ছেন। বিনিয়োগকারীদের এই মনোভাবই প্রতিফলিত হচ্ছে শেয়ার বাজারে।

ইরান-ইজরায়েল যুদ্ধের আবহে গোটা বিশ্বের তেলের বাজার ক্ষতিগ্রস্ত। একে তো মধ্যপ্রাচ্যের তেল উৎপাদনকারী দেশগুলিও সংঘাতে জড়িয়ে পড়েছে, অন্যদিকে বন্ধ হয়ে গিয়েছে হরমুজ প্রণালী। ফলে নতুন করে কোনও তেলবাহী জাহাজ ভারত মহাসাগরে ঢুকতে



পারছে না। সব মিলিয়ে বিশ্বব্যাপী বাণিজ্যের ঝুঁকি বাড়ছে। সাবধানী বিনিয়োগকারীরা বাজার থেকে অর্থ তুলে নিচ্ছেন। এই সব কিছুই প্রতিফলিত হচ্ছে শেয়ার বাজারে। সোমবার সকাল ৯টা বেজে ১৮ মিনিট অবধি সেনসেক্স পড়েছে ২,১৭৭.৬১ পয়েন্ট। এর ফলে সেনসেক্স দাঁড়িয়েছে ৭৬,৭৪১.২৯ পয়েন্টে। অন্যদিকে নিফটি ৬৪৭.৬০ পয়েন্টে পড়ে হয়েছে ২৩,৮০২.৮৫ পয়েন্ট। শেয়ার বাজার সূত্রে জানা গিয়েছে, যুদ্ধের বাজারে সবচেয়ে বেশি করে রক্তাক্ত হয়েছে ব্যাঙ্কিং, আইটি সেক্টর এবং ধাতব সংস্থার স্টকগুলি। উল্লেখ্য, গত ২৮ ফেব্রুয়ারি ইরানের মাটিতে যৌথ হামলা চালায় আমেরিকা ও ইজরায়েল। কার্যত তছনছ হয়ে গিয়েছে তেহরান-সহ ইরানের একাধিক অঞ্চল। হামলায় মৃত্যু হয়েছে আয়াতোল্লা আলি খামেনেইর। জবাবে মধ্যপ্রাচ্য জুড়ে ছড়িয়ে থাকা আমেরিকার একাধিক সেনাঘাঁটি ও ইজরায়েলে হামলা চালাচ্ছে ইরান।

ময়দান

# অপেক্ষার অবসান ! অবশেষে বিশেষ বিমানে দেশে ফিরছে দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজ

**নিজস্ব প্রতিবেদন:** টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ হলেও সহজে দেশে ফিরতে পারছিল না দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দল। যুদ্ধ পরিস্থিতির কারণে আন্তর্জাতিক বিমান চলাচলে বাধা তৈরি হওয়ায় কলকাতায় কয়েক দিন আটকে থাকতে হয় দুই দলের ক্রিকেটার ও সাপোর্ট স্টাফদের। শেষ পর্যন্ত বহু জটিলতার পর বিশেষ চার্টার্ড বিমানের অনুমতি মিলেছে, যার মাধ্যমে মঙ্গলবার দেশে ফিরবেন দুই দলের সদস্যরা।

বিশ্বকাপের অভিযান শেষ হওয়ার পর থেকেই কলকাতার একটি হোটেলে অবস্থান করছিল দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজ দল। ওয়েস্ট ইন্ডিজের বিশ্বকাপ যাত্রা শেষ হয় গত রবিবার, আর দক্ষিণ আফ্রিকা সেমিফাইনালে হেরে বিদায় নেয় তারও কয়েক দিন আগে। সাধারণ নিয়মে টুর্নামেন্ট শেষ হওয়ার পর ক্রিকেটাররা দ্রুত নিজেদের দেশে ফিরে যান। কিন্তু এবার পরিস্থিতি ভিন্ন ছিল। পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির কারণে দুবাই বা দোহা হয়ে যাওয়া একাধিক আন্তর্জাতিক উড়ান বন্ধ হয়ে যায়। ফলে প্রচলিত বিমানপথ ব্যবহার করে দেশে ফেরা সম্ভব হচ্ছিল না।

এই পরিস্থিতিতে আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা বিকল্প ব্যবস্থা করার চেষ্টা শুরু করে। দুই দলকে দেশে ফেরাতে একটি চার্টার্ড বিমানের ব্যবস্থা করা হয়। কিন্তু সেই বিমান ছাড়ার অনুমতি পেতেও দেরি হচ্ছিল। ফলে অনিশ্চয়তা আরও দীর্ঘায়িত হয়। অবশেষে প্রয়োজনীয় অনুমতি মেলায় সোমবার গভীর রাতে কলকাতা থেকে উড়বে সেই বিশেষ বিমান।

একই বিমানে রওনা দেবেন দক্ষিণ আফ্রিকা ও ওয়েস্ট ইন্ডিজ দলের ক্রিকেটাররা। প্রথমে বিমানটি দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে নামবে। সেখানে দক্ষিণ আফ্রিকার ক্রিকেটাররা নেমে যাবেন। এরপর সেই বিমানই ওয়েস্ট ইন্ডিজ দলের সদস্যদের নিয়ে অ্যান্টিগুয়ার উদ্দেশে রওনা দেবে।

তবে দক্ষিণ আফ্রিকার পুরো দল একসঙ্গে ফিরছে না। দলের তিন ক্রিকেটার; জর্জ লিন্ডে, জেসন স্মিথ ও কেশব মহারাজ; এবং কয়েকজন সাপোর্ট স্টাফ আগেই অন্য একটি বিমানে করে নিউ জ়িল্যান্ডে পৌঁছে গিয়েছেন। কারণ আগামী ১৫ মার্চ থেকে দক্ষিণ আফ্রিকা ও নিউ জ়িল্যান্ডের মধ্যে পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু হওয়ার কথা রয়েছে। সেই সিরিজের প্রস্তুতির জন্যই তাঁরা আগেভাগে রওনা দেন।

কলকাতায় দীর্ঘ সময় আটকে থাকার কারণে দুই দলের ক্রিকেটারদের মধ্যে অসন্তোষও তৈরি হয়। ওয়েস্ট ইন্ডিজের কোচ ড্যারেন স্যামি এবং দক্ষিণ আফ্রিকার কয়েকজন ক্রিকেটার, যেমন কুইন্টন ডি কক ও ডেভিড মিলার, সামাজিক মাধ্যমে নিজেদের বিরক্তি ও হতাশার কথা প্রকাশ করেন। তাঁদের বক্তব্য ছিল, এত বড় আন্তর্জাতিক টুর্নামেন্ট শেষ হওয়ার পরেও দ্রুত দেশে ফেরার ব্যবস্থা না হওয়াটা হতাশাজনক। পরিস্থিতি আরও বিতর্কিত হয়ে ওঠে যখন দেখা যায় ইংল্যান্ড দল তুলনামূলক দ্রুত দেশে ফিরে যেতে পেরেছে। ভারতীয় দলের কাছে সেমিফাইনালে হারার পর ইংল্যান্ড দলকে যদিও দু’দিন মুম্বইয়ে অপেক্ষা করতে হয়েছিল, তবুও শেষ পর্যন্ত শনিবার সন্ধ্যাতেই তারা ভারত ছাড়ে।

# সূর্যদের কুর্নিশ জানিয়ে ইডেন চত্বরের বাইরে বিশাল ব্যানার সিএবির

**নিজস্ব প্রতিবেদন:** ভারতের অপারেশন সিঁদুরের পর, সিএবি বিশাল ব্যানারে ইডেন চত্বরের বাইরে সেনাবাহিনীকে কুর্নিশ জানাতে বিশাল ব্যানার টাঙিয়েছিল। ভারতের বিশ্বজয়ও তো কম কৃতিত্বের নয়, তাই সিএবি সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়, বাবলু কোলেদের উদ্যোগে টি২০ বিশ্বকাপ জয়ের পর ব্যানার টাঙানো হল সূর্যদের কুর্নিশ জানিয়ে। এই ইডেনেই সুপার এইটে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে সেমিফাইনালের টিকিট পায় টিম ইন্ডিয়া। বাকি ইতিহাস মুম্বই ও আহমেদাবাদে। তবে সিএবিও গর্বিতও ভারতের এই জয়গাঁথার অংশীদার হয়ে।




**SHORT TENDER NOTICE**

**NABADWIP MUNICIPALITY**

e-Tender are invited by the Chairman Nabadwip Municipality.
**LE/NM/NIQ-01e/2025-26.**
**Tender ID: 2026_MAD_1020117_1.**
Last Date of submitting tender **16.03.2026 at 09:00 AM hours.** N.B. Any other information may be had on enquiry from office of Chairman Nabadwip Municipality in working day and gov web site **http://wbtenders.gov.in** this advertisement is also given **http://nabadwipmunicipality.in**
Sd/- **Chairman**
**Nabadwip Municipality**

**সাধারণ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, কোটাক মহিন্দ্র ব্যাঙ্ক নিম্নোক্ত ভেহিকেলের জন্য এক নিলামের ব্যবস্থা করেছে।

**বিক্রয়ের জন্য ভেহিকেলসমূহ**

১. মডেল নং : **VE3015_PRO**
ভেহিকেল নং **WB29C1678**
নির্মাণ বর্ষ : ২০২২,
সংরক্ষিত মূল্য : **১২৬৯৯১৩.৩ টাকা**

২. মডেল নং **TACEGOLDSL**
ভেহিকেল নং **WB33F3148**
নির্মাণ বর্ষ : ২০২৪,
সংরক্ষিত মূল্য : **৩৪১০১৫.১ টাকা**

৩. মডেল নং : **ALDOSTGD**
ভেহিকেল নং **WB19M1570**
নির্মাণ বর্ষ : ২০২৪,
সংরক্ষিত মূল্য : **৫০৫৪৪০ টাকা**

৪. মডেল নং : **AL4825**
ভেহিকেল নং **WB51C5768**
নির্মাণ বর্ষ : ২০২২,
সংরক্ষিত মূল্য : **২১৩২৩২৫ টাকা**

৫. মডেল নং : **CB_Tata_3118**
ভেহিকেল নং **WB31A2318**
নির্মাণ বর্ষ : ২০১৮,
সংরক্ষিত মূল্য : **৯৬৫০০০ টাকা**

৬. মডেল নং : **MAHBLAZO48**
ভেহিকেল নং **WB23G3133**
নির্মাণ বর্ষ : ২০২৪,
সংরক্ষিত মূল্য : **২৪৭৪৫৫০ টাকা**

৭. মডেল নং : **MAHBLAZO48**
ভেহিকেল নং **WB23G4270**
নির্মাণ বর্ষ : ২০২৪,
সংরক্ষিত মূল্য : **২৪৭৪৫৫০ টাকা**

দায়বদ্ধ :
**মেসার্স কোটাক মহিন্দ্রা ব্যাঙ্ক লি,**
বিক্রয় অধীন ‘‘যে অবস্থায় আছে ভিত্তিতে’’। আগ্রহী পক্ষগণ তাদের কোটেশন দিতে পারেন এই বিজ্ঞপ্তি প্রকাশের ৭ দিনের মধ্যে।

**কোটাক মহিন্দ্রা ব্যাঙ্ক লি,**
**২২,ক্যামাক স্ট্রিট, ৬ষ্ঠ তল, বি ব্লক, কলকাতা -৭০০০১৬**
বা
যোগাযোগ :
গৌতম সাহা : ৯৮৩৬১০৯৩১৭/
সুমিত বর্মা : (৯৮৭৫৪০৪৮৪৭)

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- মোবাইল**
৯৩৩১০৫৯০৬০/
৯০০৭২৯৯৩৫৩/
৯৮৭৪০ ৯২২২০

‘‘ফর্ম নং ইউআরসি-২’’

**অধ্যায় ২১ এর অংশ ১ অধীনে নথিভুক্তি সম্পর্কিত নোটিশ এর বিজ্ঞাপন**
**(২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৭৪(বি) এবং ২০১৪ সালের কোম্পানি (অথরাইজড টু রেজিস্টার) রুলসের রুল ৪(১) অনুযায়ী)**

১. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ৩৬৬ এর উপ-ধারা (২) অনুসারে, রেজিস্ট্রার অফ কোম্পানিজ সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), মানেসর, প্লট নং ৬, ৭ এবং ৮, সেক্টর-৫, আইএমটি মানেসর, জেলা গুরগাঁও, হরিয়ানা-১২২০৫০-এর রেজিস্ট্রারের কাছে একটি আবেদন করা হয়েছে যে ‘‘নমস্ত এন্টারপ্রাইজ’’ একটি অংশীদারিত্ব সংস্থা যা কোম্পানি আইন ২০১৩ এর অধ্যায় XXI এর অংশ I এর অধীনে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসাবে নিবন্ধিত হতে পারে।
২. কোম্পানির মূল উদ্দেশ্যগুলি নিম্নরূপ :
ক. ক্রিম, লোশন, জেল, বাম, পাউডার, স্প্রে, তেল, সাবান, ক্লিনজার, সিরাম, টোনার এবং অন্যান্য সৌন্দর্য ও সুস্থতা পণ্য, প্রাকৃতিক, ভেষজ, আয়ুর্বেদিক, ঔষধযুক্ত বা রাসায়নিক-ভিত্তিক, সহ কিন্তু সীমাবদ্ধ নয়, ফটকিরির কাঠি, ফটকিরি পাথর, আন্ডারআর্ম রোল-অন, ডিওডোরেন্ট, অ্যান্টিপারস্পাইরেন্ট, সুগন্ধি, ব্যক্তিগত স্বাস্থ্যবিধি পণ্য, প্রসাধনী এবং ত্বকের যত্ন পণ্যের নির্মাতা, ব্যবসায়ী, পাইকারী বিক্রেতা, খুচরা বিক্রেতা, পরিবেশক, মজুতদার, আমদানিকারক, রপ্তানিকারক, ক্রেতা, বিক্রেতা, বিপণনকারী এবং ডিলারদের ব্যবসা পরিচালনা করা।
খ. প্রযোজ্য আইন ও বিধি সাপেক্ষে, উপরোক্ত উদ্দেশ্যগুলির সাথে সম্পর্কিত সকল আনুষঙ্গিক বা আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা করা, যার মধ্যে পণ্যের উৎস, মান নিয়ন্ত্রণ, বাজার গবেষণা, প্রচার, অনলাইন এবং অফলাইন বিক্রয়, ই-কমার্স কার্যক্রম, ফ্র্যাঞ্চাইজি এবং ডিলারশিপ ব্যবস্থা অন্তর্ভুক্ত।
৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া স্মারকলিপি এবং সংস্থার নিবন্ধনের একটি অনুলিপি ১৯, পঞ্চানন্তলা রোড, বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১২০১-এ অংশীদারিত্ব সংস্থার নিবন্ধিত অফিসে পরিদর্শন করা যেতে পারে।
৪. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে এই আবেদনের প্রতি আপত্তিকারী যে কোনও ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে একুশ (২১) দিনের মধ্যে রেজিস্ট্রার অফ কোম্পানিজ, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), মানেসর, প্লট নং ৬, ৭ এবং ৮, সেক্টর- ৫, আইএমটি মানেসর, জেলা গুরগাঁও, হরিয়ানা-১২২০৫০-এর রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারেন, এবং একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে জমা দিতে পারেন।
তারিখ ১০ মার্চ, ২০২৬
আবেদনকারীর নাম (গুলি)
১. রাহুল ডোকানিয়া (অংশীদার)
২. নেহা মারদা আগরওয়াল (অংশীদার)
৩. সুমিত মারদা (অংশীদার)

**BOLPUR MUNICIPALITY**
**Bolpur, Birbhum**
**NOTICE INVITING e- TENDER NO: WBMAD/ULB/ BM/PW/Development Fund/ NIT– 60/2025-2026 Memo No.- 4514/ PWD/BM/2025-2026, Dated-24.02.2026**
**Number of Work:-45 (Forty Five) Sl. No. 1-45. Different types of Civil and Electric works at different words in Bolpur Municipality. Last Date of Submission 23.03.2026 at 9:00 A.M. for details see Bolpur Municipality Notice Board & Website www.wbtenders.gov.in**
**Sd/-**
**Chairman**
**Bolpur Municipality**

**দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার**

**টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ই-টেন্ডার/২০২৬/০৯, তারিখ ০৬.০৩.২০২৬।** ভারতের রাষ্ট্রপতির তরফে ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার (ইঞ্জি), দঃপূঃ রেলওয়ে, খড়গপুর-৭২১৩০১ নিম্নলিখিত কাজের জন্য প্রতিটি আইটেমের ক্ষেত্রে উল্লিখিত তারিখে **দুপুর ৩টের পূর্বে** ই-টেন্ডার আহ্বান করছেন এবং টেন্ডারগুলি **দুপুর ৩.৩০ মিনিটে খোলা হবে।** **ক্রঃ নং ও টেন্ডার নং.; কাজের বিবরণ; টেন্ডার মূল্য; বায়না মূল্য ঃ (১) ই-কেজিপি-সাউথ-০৬-২০২৬;** সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার (দক্ষিণ)/ খড়গপুরের অধিকার ক্ষেত্রের অধীনে হল্দীপদা, রানীতাল, বস্তা, বেনাপুর ও লক্ষ্মণনাথ রোডে বর্তমান পুরনো ফুট ওভার ব্রিজের পরিবর্তে নতুন ৩.০ মিটার চওড়া ফুট ওভারব্রিজ নির্মাণ এবং বাখরাবাদ স্টেশনে প্ল্যাটফর্ম নং ৩/৪-এর সাথে সংযোগ করতে বর্তমান ৩.০ মিটার চওড়া ফুট ওভারব্রিজের সম্প্রসারণ; ২৩,৪৫,৬৭,৭৯৫.২৮ টাকা; ১৩,২২,৮০০ টাকা। **(২) ই-কেজিপি-ওয়েস্ট-০৭-২০২৬;** খড়গপুর ঃ অ্যাসিস্ট্যান্ট ডিভিসনাল ইঞ্জিনিয়ার/পশ্চিম/খড়গপুরের অধীনে ওভাররান লাইন, ডেড এন্ড ও স্যান্ড হাম্পের উন্নয়ন ও স্ট্যান্ডার্ডাইজেশন (৪র্থ কল); ১,৩৭,০২,৪২৪.১৩ টাকা; ২,১৮,৫০০ টাকা। **(৩) ই-কেজিপি-সাউথ- ০৭-২০২৬;** কাজ সম্পাদন ঃ (১) সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/পি. ওয়ে/হিজলীর অধীনে সেস মেরামতি ও ব্যাংকের শক্তিবৃদ্ধি এবং সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/পি. ওয়ে/দাঁতনের অধীনে বেলদা-নেকুরসেনির মধ্যে সেন্ট্রাল ড্রেন নির্মাণ। (২) অ্যাসিস্ট্যান্ট ডিভিসনাল ইঞ্জিনিয়ার (দক্ষিণ)/ খড়গপুরের অধীনে হিজলী ও দাঁতনে আরজিএম সাইডিংয়ে সুযোগ-সুবিধা বৃদ্ধি। (২য় কল); ২,৯৪,৮১,১৬৪.১৭ টাকা; ২,৯৭,৪০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্য ঃ** প্রতিটির জন্য ০.০০ টাকা। **খোলার তারিখ ঃ** ১৯.০৩.২০২৬ তারিখ ক্রঃ নং ১-এর জন্য, ২৭.০৩.২০২৬ তারিখ ক্রঃ নং ২-এর জন্য এবং ০২.০৪.২০২৬ তারিখ ক্রঃ নং ৩-এর জন্য। **কাজ শেষ করার মেয়াদ ঃ** ১৮ মাস ক্রঃ নং ১ ও ৩-এর জন্য এবং ১২ মাস ক্রঃ নং ২-এর জন্য। **বিডিং শুরুর তারিখ ঃ** ০৫.০৩.২০২৬ থেকে ১৯.০৩.২০২৬ তারিখ দুপুর ৩টা পর্যন্ত ক্রঃ নং ১-এর জন্য, ১৩.০৩.২০২৬ থেকে ২৭.০৩.২০২৬ তারিখ দুপুর ৩টা পর্যন্ত ক্রঃ নং ২-এর জন্য এবং ১৯.০৩.২০২৬ থেকে ০২.০৪.২০২৬ তারিখ দুপুর ৩টা পর্যন্ত ক্রঃ নং ৩-এর জন্য। টেন্ডারের সম্পূর্ণ বিবরণ/স্পেসিফিকেশনের জন্য আগ্রহী টেন্ডারদাতারা **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন এবং অনলাইনে তাঁদের বিড জমা করতে পারেন। কোনও ক্ষেত্রেই এই কাজগুলির জন্য ম্যানুয়াল টেন্ডার গৃহীত হবে না। **বি.দ্র. ঃ** সম্ভাব্য বিডদাতারা সকল টেন্ডারে অংশগ্রহণ করতে নিয়মিতভাবে **“www. ireps.gov.in”** দেখতে পারেন। **(PR-1276)**

**BASULDANGA GRAM PANCHAYAT**
**DIAMOND HARBOUR-I BLOCK**
**DIAMOND HARBOUR, SOUTH 24 PARGANAS**
**Memo No.3374/BGP** **Date- 09/03/2026**
On behalf of Basuldanga Grampanchayat of Diamond Harbour I block under south 24 parganas dist invites bids through open e-tender process for the vide NIT No 3374/BGP UNTIED 3 Nos Scheme under 15th CFC of Basuldanga Gram panchayat Dated **05 /03/2026**
Details are available in the website **wb tenders.gov.in**
**Sd/- Pradhan**
**Basuldanga Gram Panchayat**

**শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১**

**NOTICE INVITING PRE- QUALIFICATION - CUM - TENDER**
E-bid is hereby invited on the behalf of the prodhan, Kumra (GP) 1 (One) no. of civil works **NIT No.: WBNPG04/KGP-0325/ 2025-26, Dated: 09-03-2026. Total Amount-339997.00/-.** Details contact P&RD website: **http://wbtenders.gov.in** Notice from: Prodhan, Kumra G.P.
Sd/- **Prodhan, Kumra G.P**
**P.O.-Kumra Kashipur, North 24 Parganas**

**BONGAON MUNICIPALITY**
Construction of Surface drain, in ward no.-20, within Bongaon Municipality, under AMADER PARA AMADER SAMADHAN scheme.
**Tender reference: WBMAD/NIeT/359/BM/2025-26/APAS, Date: 07.03.2026**
**TENDER ID: 2026_MAD_5013499_1**
1. Bid Submission Start date **09.03.2026 at 18.55.** 2. Prebid meeting date **12.03.2026 at 14.00.** 3. End date **16.03.2026 at 18:55.** 4. Bid opening date: **18.03.2026 at 18:55.** All other information will be available in the office of the Bongaon Municipality.
Sd/- **Chairman**
**Bongaon Municipality.**

‘‘ফর্ম নং ইউআরসি-২’’
**অধ্যায় ২১ এর অংশ ১ অধীনে নথিভুক্তি সম্পর্কিত নোটিশ এর বিজ্ঞাপন**
(২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৭৪(বি) এবং ২০১৪ সালের কোম্পানি (অথরাইজড টু রেজিস্টার) রুলসের রুল ৪(১) অনুযায়ী)
১. এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, ২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৬৬ এর উপ ধারা (২) অধীনে **‘জগন্নাথ ক্রিয়েটিভ আইডিয়াস এলএলপি’** এক ব্যবসায়িক সংস্থা শেয়ার দ্বারা লিমিটেড কোম্পানি হিসেবে ২০১৩ সালের কোম্পানি আইনের অধ্যায় ২১ এর অংশ ১ অধীনে নথিভুক্তির জন্য পনেরো দিন পর কিন্তু ত্রিশ দিন অতিক্রান্ত হওয়ার পূর্বে রেজিস্ট্রার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করছে।
২. কোম্পানির মূল উদ্দেশ্যসমূহ নিম্নোক্ত মতে :
ক. ভারত ও বিদেশে ব্যবস্থাপনা, কৌশল, ব্যবসায় প্রশাসন, পরিচালনা, অর্থ, বিপণন, সাংগঠনিক উন্নয়ন এবং ব্যবসায়িক প্রক্রিয়া সম্পর্কিত ব্যক্তি, সংস্থা, কোম্পানি, কর্পোরেট সংস্থা, সমিতি, প্রতিষ্ঠান এবং সরকারি বা আধা-সরকারি কর্তৃপক্ষকে পরামর্শ, সহায়তা এবং সমাধান প্রদানের ব্যবসা পরিচালনা করা।
খ. গবেষণা, বিশ্লেষণ, অধ্যয়ন, সম্ভাব্যতা প্রতিবেদন, প্রকল্প ব্যবস্থাপনা, প্রশিক্ষণ এবং অন্যান্য সম্পর্কিত পেশাদার পরিষেবা সহ পেশাদার, প্রযুক্তিগত এবং অন্যান্য পরামর্শ এবং পরামর্শমূলক পরিষেবা প্রদান করা এবং এর সাথে সম্পর্কিত সমস্ত আনুষঙ্গিক বা আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনা করা।
৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া স্মারকলিপি এবং সংস্থার নিবন্ধের একটি অনুলিপি রুম নং ৮, ২য় তল, ২৩এ নেতাজি সুভাষ রোড, কলকাতা - ৭০০০০১ অফিসে কর্মদিবসে সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যেতে পারে।
৪. এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে এই আবেদনের বিরুদ্ধে আপত্তি জানাতে চাইলে যে কোনও ব্যক্তি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসর, জেলা গুরগাঁও (হরিয়ানা), পিন কোড ১২২০৫০-এর রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাদের আপত্তি জানাতে পারেন, এবং একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসে পাঠাতে পারেন।
**জগন্নাথ ক্রিয়েটিভ আইডিয়াস এলএলপি**-এর পক্ষে
স্বা/-
**অনিতা তাঁতিয়া**
স্থান : কলকাতা (ডেজিগনেটেড পার্টনার)
তারিখ : ১০-০৩-২০২৬ ডিপিআইএন : ০৩০৮৭৯৮০

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/2146/25-26 Dated 09.03.2026 | Upgradation of Surface Drain & Culvert at Sukanta Pally H/O Prabir Deb To H/O Dilip Kundu & H/O Sukanta Residency To H/O Manu Acharya via Club of Ward No.- 32 under Rajpur-Sonarpur Municipality. | Rs.9,47,685.00 |

Bid Submission end date: **17.03.2026 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- /- E.O., Rajpur-Sonarpur Municipality**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/2145/25-26 Dated 09.03.2026 | Construction of Concrete Road from Swapan Purkait House to Gaur Halder House at Bhowmikpark and Jamai's Shop to Smritikana Goswami House at Bhowmik Gate in Ward No. - 09 under Rajpur-Sonarpur Municipality. | Rs.11,25,988.00 |

Bid Submission end date: **25.03.2026 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**TENDER NOTICE**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/2090/ 25-26/2nd Call Dated 09.03.2026 | Reparing of Bituminous Road Near Jagannathpara old Masjid in Ward No. 08 within Rajpur-Sonarpur Municipality | Rs.2,76,996.00 |

Bid Submission end date: **17.03.2026 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন**
৪, মহাত্মা গান্ধি রোড, হাওড়া - ৭১১১০১
ফোন ০৩৩ ২৬৩৮ ৩২১১/১২/১৩ দেখুন **www.hmcgov.in**
ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট (জল সরবরাহ)
**Memo No. ED/WS/159/25-26** তারিখ : ০৭.০৩.২০২৬
সংশোধনী নোটিশ
ই-টেন্ডার নোটিশ নং **WB-HMC/TN/ED/WS/20/25-26** তারিখ : ২৫.০২.২০২৬
**ই-টেন্ডার ওয়েবসাইটের টেকনিক্যাল সমস্যার কারণে উক্ত টেন্ডারের তারিখগুলি নিম্নোক্ত মতে পরিবর্তিত হবে :**
অনলাইনে টেন্ডার দাখিলের শেষ তারিখ : ১১.০৩.২০২৬ সন্ধে ৬ টা পর্যন্ত, ০৬.০৩.২০২৬ সন্ধে ৬ টার পরিবর্তে।
প্রযুক্তিগতভাবে যোগ্যতাসম্পন্ন ডাকদাতাদের (অনলাইন) সংযুক্তির তারিখ : ১২.০৩.২০২৬ বেলা ২ টা- ০৯.০৩.২০২৬ বেলা ২ টার পরিবর্তে।
অন্যান্য সকল নিয়ম এবং শর্তাদি উক্ত টেন্ডার নোটিশের অপরিবর্তিত থাকবে।
৩২৪(২)/২৫-২৬ অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ডব্লুএস)
৯.৩.২৬ হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন

**NOTICE INVITING E-TENDER**

| N.I.T No. | Name of Work | Estimated Amount |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/2147/25-26 Dated 09.03.2026 | Construction of Concrete Road from H/O Tapan Halder to Monosha Mandir at Srikhanda Sonapotha in Ward No. - 05 under Rajpur-Sonarpur Municipality. | Rs.4,04,561.00 |
| WBMAD/ULB/ RSM/2148/25-26 Dated 09.03.2026 | Construction of Sal Ballah piles work beside Navashakti Sangha at Kamrabad Naskarpara in Ward No.-09 under Rajpur-Sonarpur Municipality. | Rs.4,28,956.00 |

Bid Submission end date: **17.03.2026 at 11-00 hrs**. For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- E.O., Rajpur-Sonarpur Municipality**

**BARRACKPORE MUNICIPALITY**
**B.T. ROAD, TALPUKUR, KOLKATA-700123.**
**TENDER NOTICE**
**No. 71/25-26/AMR2/T Dated 09.03.2026.**
e-tender is invited by the Chairman, Barrackpore Municipality from the eligible agency for Different Development Works. Last date of submission of tender: **18.03.2026 up to 12 noon.** The detail tender notice may be seen in the **www.wbtenders.gov.in,** Notice Board of Barrackpore Municipality, SDO, Barrackpore, Station Manager, Barrackpore Railway Station.
**S/d. Uttam Das.**
**Chairman**
**Barrackpore Municipality**

**NIT Corrigendum**

| NIT No. | Name of Work | Value of Work |
|---|---|---|
| WBMAD/ULB/ RSM/2136/25-26 Dated 27.02.2026 | Installation OF 4 NOS OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT 1) Rabindrapally Taramamore 2) Rabindrapally Jorapost, 3)Natunpally Purbapara, 4) A.P nagar Paschimpara, 5) Natunpally Paschimpara at 12 no ward. E-office scan no-302217/2026/ DPLO(proposal). | Rs.4,78,317.00/- |

Due to administrative reasons, the name of work is modified. The modified version of NIT.
**Name was:** Installation OF 9 MTR OCTAGONAL MINI MAST STREET LIGHT **1)** Rabindrapally Taramamore, **2)** Rabindrapally Jorapost, 3) Natunpally Purbapara, **4)** A.P Nagar Paschimpara, **5)** Natunpally Paschimpara at 12 no ward.
**E-office scan no-302217/2026/DPLO (proposal, estt).**
All other terms and conditions of the NIT will remain unchanged.
For more information please visit **http://www.wbtenders.gov.in**
**Sd/- Chairman., Rajpur-Sonarpur Municipality**

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
**( A Govt. Undertaking )**
**Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001**
**648 to 659/2025-2026 Dated- 09-03-2026**
e-Tenders are invited by the Executive Engineer/ General Manager on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil and Electricall works at Mursidabad, South 24 PGS, Malda, Birbhum, Paschim and Purba Medinipur District and Tender document may be downloaded from. **http://wbtenders.gov.in** Bid submission start date- **10-03-2026 after 10.00 am.** Bid submission end date- **24-03-2026 and 30-03-2026 upto 3.00 pm**
**Date: 09.03.2026** **Sd/- Executive Engineer/ General Manager**

**NOTICE**
**offline Short Sealed BID-04 of 2025-26 of EE, P.W.D., BD-II for (i)** Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of **Daulatabad PS (phase-II),** in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D. (ii) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of Raninagar PS (phase-II), in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D. (ii) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of Jalangi PS (phase-II) in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D.(iv) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of Lalgola PS(phase-II) in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D. (v) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of Murshidabad PS(phase-II), in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D.(vi) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of **Bhagwangola PS (phase-II),** in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D.(vii) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of **Ranitala PS(phase-II),** in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D.(viii) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of Islampur PS (phase-II) in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D. (ix) Emergent erection of temporary structure of Kitchen and Dining shed etc. for providing logistic supports and accommodation of CAPF/SPF at several location of **Sagarpara PS (phase-II)** in the district of Murshidabad in connection with ensuing West Bengal Legislative Assembly election 2026 under BD-II, P.W.D. **from contractor having credential of doing such type work in any Govt Organization. Date of Publication of BID:- 09.03.2026. Last date and time of application for quotation documents:- 11.03.2026 Upto 1:00 p.m. Last Date and time of issuance of Quotation documents:- 11.03.2026 upto 2.00 pm. Last date and time of receipt of quotations in sealed envelope :- 12.03.2026 Upto 4:00 p.m. Opening of the Quotations:- 12.03.2026 upto 5.00 PM. The details can be obtained from the website http://www.wbpwd.gov.in and office notice board.**
**Executive Engineer, P.W.D.**
**Berhampore Division No.II**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**






# টার্গেট

মঙ্গলবার ● ১০ মার্চ ২০২৬ ● পেজ ৮


## যুদ্ধের আঁচে রক্তাক্ত শেয়ার বাজার



**শামীম হক মণ্ডল**

গত শনিবার, ইসরাইলের ডেল্টা ফোর্স ও মার্কিন বাহিনীর যৌথ অভিযানে নিহত হন ইরানের সর্বোচ্চ নেতা ইমাম খোমেনি। জবাব স্বরূপ ইরানের ইসলামি বিপ্লবী রক্ষীবাহিনী (Islamic Revolutionary Guard Corps) ইসরাইল ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ বিশেষ করে সংযুক্ত আরব আমিরাত, ওমান, সৌদিআরবে অবস্থিত মার্কিন যুদ্ধ ঘাঁটি লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছোঁড়ে। আমেরিকা ও ইসরাইল পাল্টা হামলা চালায়। এককথায় মধ্যপ্রাচ্যের ভূ-রাজনীতির পারদ ক্রমশ উর্ধ্বমুখী।

সেই যুদ্ধের আঁচ এসে পড়েছে বিশ্ব বাজারে।যুদ্ধ দীর্ঘ হওয়ার সাথে সাথে ইরান পারস্য উপসাগরের চারপাশে অবস্থিত আরব দেশগুলোতে আক্রমণের মাত্রা বাড়িয়ে দেওয়ায় স্টক এবং বন্ডগুলির মূল্য হ্রাস পাচ্ছে । অপরদিকে তেল ও গ্যাসের দাম বৃদ্ধি পাওয়ায়, বিনিয়োগকারীরা মার্কিন ডলার এবং সোনার দিকে ঝুঁকতে শুরু করেছে। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা গেছে বিশ্বব্যাপী তেলের ব্যারেলের দাম ১৩ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে, অপরদিকে এমএসসিআই ওয়ার্ল্ড ইনডেক্স প্রায় ১.১ শতাংশ হ্রাস পেয়েছে।

আকাশপথে হামলার পাশাপাশি, ইরান হরমুজ প্রণালিতে তেলের ট্যাংকার লক্ষ্য করে হামলা চালিয়েছে। বর্তমানে হরমুজ প্রণালী প্রায় বন্ধ করে দেওয়ায় বিশ্ব বাজারে তেলের যোগানে টান পড়েছে । কারণ, ইরাক, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত এবং কুয়েত থেকে আমদানিকৃত তেল ও প্রাকৃতিক গ্যাসের একটি বড় অংশই ( প্রায় ২০ শতাংশ) আসে এই হরমুজ প্রণালী দিয়ে । অপরদিকে, লোহিত সাগরে জাহাজ চলাচল করলে হামলার ঘোষণা দিয়েছে ইরানের বন্ধুস্থানীয় ইয়েমেনের হুথি গোষ্ঠী। এমতো পরিস্থিতিতে, সোজা রাস্তা ছেড়ে ঘুরপথে আফ্রিকার দক্ষিণ প্রান্ত হয়ে দেশে ঢোকা ছাড়া পথ নেই । এই পথে আমদানি বিলম্বিত হচ্ছে, সেই সাথে পরিবহন খরচাও বাড়ছে । সোজাকথায়, তেলের জোগানে টান পড়ায়, অপরিশোধিত তেলের ব্যারেলের দাম উর্ধ্বমুখী । ৪ ফেব্রুয়ারি, আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ১.৪ শতাংশ বেড়ে হয়েছে ৮২. ৫৩ ডলার।

একদিকে, যুদ্ধ থামার নাম গন্ধ নেই, অপরদিকে জ্বালানি জোগানের ঘাটতির সম্ভাবনা- এই দুই আশঙ্কায় ধস নেমেছে শেয়ার বাজারে । নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জ (এন এস ই) হোক বা বোম্বে স্টক এক্সচেঞ্জে (বি এস ই), দুই বাজারই নিম্নগামী। বিশ্বব্যাপী তেলের লাগামহীন মূল্যবৃদ্ধি, হঠাৎ মুদ্রাস্ফীতি এবং সুদের হার কমানোর কোনো আশা না দেখতে পাওয়ায় শেয়ার সূচকগুলি দৃশ্যমান পতনের মুখে। সাধারণত, উপসাগরীয় শেয়ার বাজারগুলি, তেলের দাম এবং ভূ-রাজনৈতিক অস্থিরতার ওপর নির্ভরশীল। ফলে যুদ্ধকালীন আবহাওয়ায় দিনশেষে সূচক লাল হয়ে যাচ্ছে। যেমন সৌদি আরবের প্রধান সূচকটি গত সোমবার ইন্ট্রাডে ২ শতাংশ ক্ষতির মুখ দেখে । অন্যদিকে কাতারে মিসাইল হানার পর বাজার আরও নিম্নগামী। সাধারণত তেলের দাম বেশী থাকলেও বিনিয়োগকারীরা যুদ্ধের ঝুঁকি, নিষেধাজ্ঞার পরিস্থিতি নিয়ে রীতিমতো উদ্বিগ্ন।

এদিকে ভারতের শেয়ার বাজার ও রক্তাক্ত; ২ মার্চ সেনসেক্স ১,০০০ পয়েন্ট (১.২৯) নেমে ৮০, ২৩৮-এ পৌছায়, এবং নিফটি ১.২৪ শতাংশ হ্রাস পেয়ে ২৪,৮৬৫-এসে ঠেকে। পরেরদিন বাজারের অবস্থা আরো ভয়াবহ রূপ নেয়-সেনসেক্স ১,৭৪১ পয়েন্ট (২.১৭ শতাংশ) এবং নিফটি ২৪,৩৫০-এর নিচে নেমে যায়।অতএব, বাজার যে ক্রমশ অনিশ্চিত অস্থিরতার দিকে এগোচ্ছে, তা স্পষ্ট । এই সময়, মিড-ক্যাপ এবং স্মল-ক্যাপ কোম্পানি গুলি তীব্রভাবে সংশোধন করেছে। এরমধ্যেই, বিদেশি বিনিয়োগকারীরা প্রায় সাড়ে সাত হাজার কোটি টাকার শেয়ার বিক্রি করায় বাজারের মূলধন থেকে ১১ লক্ষ কোটি টাকা উধাও হয়ে গেছে; কেবলমাত্র দেশীয় কিছু স্টক কেনাবেচায় যুদ্ধকালীন এই পতন আংশিকভাবে প্রশমিত করা গেছে । এনএসই-এর সমস্ত সেক্টরই প্রায় রক্তাক্ত, কেবলমাত্র প্রতিরক্ষা সেক্টর ছাড়া ।

এমতাবস্থায় সাধারণ বিনিয়োগকারীদের কি সিদ্ধান্ত নেওয়া উচিত?

এ ব্যাপারে অর্থনৈতিক বিশেষজ্ঞরা ধীরে চলার পরামর্শ দিচ্ছেন অযথা আতঙ্কিত হয়ে, এই মুহূর্তে সব শেয়ার বিক্রি না করাই ভালো, কারণ যেকোনো ভূ-রাজনৈতিক পালাবদলের পর বাজারগুলি প্রায়শই ধাক্কা খেয়ে ঘুরে দাঁড়ায়। অন্তত, অতীতে তাই দেখা গেছে । তবে ব্যাক্তিগত পোর্টফোলিওতে বৈচিত্র্য আনতে সোনার প্রতি মনোনিবেশ করা যেতে পারে। পরিস্থিতি কোনদিকে মোড় নেবে, তা নির্ভর করছে যুদ্ধ কতদিন চলে তার ওপর; যদি যুদ্ধ দীর্ঘস্থায়ী হয়, তবে মুদ্রাস্ফীতির ঝুঁকি নিয়ে বাজারে যে গভীর সংশোধন হবে, তা আর বলার অপেক্ষা রাখেনা।

## ঘরে ও বাইরে: শিশুর সার্বিক বিকাশে প্রথাগত ও প্রথাবহির্ভূত শিক্ষার মেলবন্ধন

**পার্থজিৎ বণিক**



যুগ যুগ ধরে আমাদের সমাজে একটি ধারণা বদ্ধমূল হয়ে আছে যে, শিক্ষা মানেই হলো প্রতিদিন সকালে পিঠে ভারী ব্যাগ ঝুলিয়ে স্কুলে যাওয়া, ক্লাসরুমের বেঞ্চে বসে শিক্ষকের কথা শোনা এবং খাতায় তা টুকে নেওয়া। আমরা ধরেই নিই, যে শিশুটি স্কুলে যাচ্ছে না, সে বোধহয় কিছুই শিখছে না। কিন্তু শিক্ষা কি সত্যিই কেবল বিদ্যালয়ের চার দেওয়ালে আর পাঠ্যবইয়ের পাতাতেই আবদ্ধ? প্রকৃত শিক্ষা কোনো নির্দিষ্ট গণ্ডিতে আটকে থাকে না। এটি ক্লাসরুমের ভিতরে যেমন ঘটে, তেমনি ক্লাসরুমের বাইরেও অনবরত চলতে থাকে।

বিদ্যালয়ের ক্লাসরুমের একটি নিজস্ব এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এটি হলো শিশুর আনুষ্ঠানিক বা প্রথাগত শিক্ষার মূল কেন্দ্র। ক্লাসরুমে শিশু প্রথম নিয়মশৃঙ্খলা শেখে। নির্দিষ্ট সময়ে স্কুলে আসা, শিক্ষকের কথা মন দিয়ে শোনা, সহপাঠীদের সাথে মিলেমিশে থাকা, এই অভ্যাসগুলো তাকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করে। অক্ষর পরিচয়, গণিতের প্রাথমিক হিসাব, বিজ্ঞানের সূত্র কিংবা ইতিহাসের ঘটনাপ্রবাহ; এসবের কাঠামোগত জ্ঞান শিশু শ্রেণিকক্ষ থেকেই লাভ করে। ক্লাসরুমে একজন দক্ষ শিক্ষক কেবল তথ্য দেন না, তিনি শিশুর মেধা ও আগ্রহ অনুযায়ী তাকে সঠিক পথ দেখান। গ্লোব ঘুরিয়ে যখন শিক্ষক পৃথিবীর মানচিত্র চেনান, তখন শিশুর মনে এক নতুন জগতের জানালা খুলে যায়।

তবে, কেবল চার দেওয়ালের মাঝেই যদি শিক্ষাকে আটকে রাখা হয়, তাহলে তা হয়ে ওঠে পুঁথিগত এবং অনেকাংশেই মুখস্থবিদ্যা-নির্ভর। এখানেই আসে ক্লাসরুমের বাইরের শিক্ষার গুরুত্ব।

স্বামী বিবেকানন্দ বলেছিলেন, 'শিক্ষা হলো মানুষের অন্তর্নিহিত পরিপূর্ণতার বিকাশ।' এই পরিপূর্ণতার বিকাশ কেবল বই পড়ে হয় না, এর জন্য প্রয়োজন বাস্তব পৃথিবীর সংস্পর্শ। ক্লাসরুমের বাইরে প্রতিটি মুহূর্তই হলো শেখার এক নতুন সুযোগ।

প্রকৃতির চেয়ে বড় শিক্ষক আর কেউ নেই। বইয়ের পাতায় ভূগোলের সংজ্ঞা পড়ার চেয়ে, খোলা আকাশের নীচে দাঁড়িয়ে মেঘের আনাগোনা দেখা, বৃষ্টির জলে মাটি ভেজার গন্ধ নেওয়া বা একটি বীজ থেকে কীভাবে অঙ্কুরোদ্গম হয় তা স্বচক্ষে দেখা; শিশুর মনে অনেক বেশি স্থায়ী রেখাপাত করে। পরিবেশ সচেতনতার পাঠ কেবল বই পড়ে হয় না। যখন কোনো শিশু নিজের হাতে গাছ লাগায় বা 'জল ধরো, জল ভরো'- এর মতো উদ্যোগগুলো নিজের চোখে দেখে ও শেখে, তখনই প্রকৃত শিক্ষা অর্জিত হয়।

পাশাপাশি পরিবার হলো শিশুর প্রথম বিদ্যালয়। মা-বাবার কাছ থেকে শিশু শেখে সততা, ভালোবাসা, এবং দায়িত্ববোধ। অন্যদিকে, সমাজ তাকে শেখায় কীভাবে বিভিন্ন মানুষের সাথে মিশতে হয়। খেলার মাঠে যখন শিশুরা একসাথে খেলে, তখন তারা অলক্ষ্যেই দলবদ্ধভাবে কাজ করা, হার মেনে নেওয়া এবং অন্যকে সম্মান করার মতো দক্ষতা গুলো শিখে নেয়, যা কোনো সিলেবাসে থাকে না। ক্লাসরুমে শেখা তত্ত্ব যখন শিশু বাস্তবে প্রয়োগ করতে পারে, তখনই শিক্ষার বৃত্ত সম্পূর্ণ হয়।

এখন প্রশ্ন উঠতে পারে, কোনটি বেশি জরুরি; ক্লাসরুমের শিক্ষা নাকি বাইরের শিক্ষা? উত্তর হলো, দুটোরই সমান প্রয়োজন রয়েছে।

ক্লাসরুম শিশুকে তত্ত্ব শেখায়, আর বাইরের পৃথিবী তাকে সেই তত্ত্বের প্রয়োগ করতে শেখায়। ক্লাসরুম শিশুকে দেয় তথ্য, আর বাইরের পরিবেশ তাকে দেয় সেই তথ্যকে জ্ঞানে রূপান্তর করার অভিজ্ঞতা। একটি পাখির যেমন উড়তে গেলে দুটি ডানার প্রয়োজন, তেমনি একটি শিশুর 'সার্বিক বিকাশ' এর জন্য প্রথাগত এবং বাস্তবমুখী; উভয় শিক্ষারই সুষম মেলবন্ধন অত্যন্ত জরুরি।

শিক্ষা কোনো চার দেওয়ালের বন্দি বিষয় নয়, এটি এক নিরবচ্ছিন্ন ও জীবনব্যাপী প্রক্রিয়া। একজন ভবিষ্যৎ শিক্ষক, সচেতন অভিভাবক এবং সমাজের একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে আমাদের সবার উচিত শিশুদের কেবল বইয়ের পাতায় আটকে না রাখা।

তাদের প্রশ্ন করতে দিন, চারপাশের জগতকে পর্যবেক্ষণ করতে দিন। খাতায় আঁকা ছবির রঙের বাইরেও যে পৃথিবীতে কত রং ছড়িয়ে আছে, তা তাদের দেখতে দিন। যেদিন আমরা বুঝতে পারব যে, শিক্ষা শ্রেণিকক্ষের দরজা পেরিয়ে খেলার মাঠ, পরিবার, সমাজ এবং প্রকৃতির বিস্তীর্ণ আঙিনায় ছড়িয়ে আছে, সেদিনই আমাদের শিক্ষাব্যবস্থা তার প্রকৃত উদ্দেশ্য সাধনে সফল হবে। আসুন, আমরা আমাদের শিশুদের জন্য এমন এক মুক্ত পরিবেশ গড়ে তুলি, যেখানে তারা কেবল পরীক্ষার্থী নয়, বরং জীবনের সত্যিকারের শিক্ষার্থী হয়ে উঠবে।




## নির্বাচনে জয় পেতে সংগঠনই মূলমন্ত্র বিজেপির

**শুভাশিস বিশ্বাস**





২০২৬ সালের বিধানসভা নির্বাচনের আগে ইস্তেহার তৈরিতে পকেটভিত্তিক সূক্ষ্ম থেকে সূক্ষ্মতম ইস্যুগুলিতে বিশেষ জোর দিচ্ছে বঙ্গ বিজেপি। রাজ্যের বিভিন্ন অঞ্চলের আলাদা চাহিদা ও সমস্যাকে সামনে রেখেই খসড়া ইস্তেহার চূড়ান্ত করার প্রক্রিয়া চলছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। এই প্রসঙ্গে দলের এক রাজ্য কমিটির সদস্য জানান, বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে কিছু বৃহত্তর ইস্যু সারা রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য হলেও, বিভিন্ন অঞ্চল বা 'পকেট'-ভিত্তিক বিশেষ সমস্যা রয়েছে। এবার আমাদের লক্ষ্য সেই সূক্ষ্ম পকেটভিত্তিক সমস্যাগুলিকে চিহ্নিত করে ইস্তেহারে তার নির্দিষ্ট সমাধানের রূপরেখা তুলে ধরা।

পাশাপাশি বঙ্গ বিজেপির তরফ থেকে একইসঙ্গে উত্তরবঙ্গের আটটি জেলা;কোচবিহার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং, কালিম্পং ও মালদহ; নিয়ে আলাদা একটি মিনি-ইস্তাহার প্রকাশের ভাবনাও রয়েছে। রাজ্যজুড়ে সাধারণ ইস্যু নিয়ে পূর্ণাঙ্গ ইস্তেহার তো থাকবেই, তবে উত্তরবঙ্গের বিশেষ দাবি ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে পৃথক নথি আনার চেষ্টা করা হচ্ছে বলেও বঙ্গ বিজেপির অন্দরের খবর। এই প্রসঙ্গে বিজেপি বিধায়কদলের চিফ হুইপ ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ বলেন, উত্তরবঙ্গের মানুষের প্রয়োজন, দাবি ও আকাঙ্ক্ষাকে সামনে রেখেই এই পরিকল্পনা। তিনি জানান, দল 'সংকল্প পত্র পরামর্শ যাত্রা' কর্মসূচির মাধ্যমে রাজ্যের বিভিন্ন জায়গায় ড্রপ বক্স বসিয়ে মানুষের মতামত সংগ্রহ করছে। উত্তরবঙ্গের ড্রপ বক্সে প্রাপ্ত গুরুত্বপূর্ণ প্রস্তাবগুলির ভিত্তিতেই আলাদা উত্তরবঙ্গ-কেন্দ্রিক ইস্তাহারের চিন্তাভাবনা করা হচ্ছে। এই প্রসঙ্গে রাজনৈতিক বিশ্লেষকদের ধারনা, এই কৌশলের পেছনে নির্বাচনী বাস্তবতাও কাজ করছে। দক্ষিণবঙ্গে যেখানে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস তুলনামূলকভাবে এগিয়ে, সেখানে উত্তরবঙ্গে বিজেপির শক্ত অবস্থান রয়েছে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনে উত্তরবঙ্গের ৫৪টি আসনের মধ্যে ৩০টিতে জয় পেয়েছিল বিজেপি। সেই প্রাধান্য বজায় রাখা ২০২৬ নির্বাচনেও অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছে গেরুয়া শিবির।

পর্যবেক্ষকদের মতে, উত্তরবঙ্গের জন্য পৃথক ইস্তাহার আনার উদ্যোগ বিজেপির নির্বাচনী কৌশলেরই অংশ, যাতে আঞ্চলিক ইস্যুগুলিকে আরও স্পষ্টভাবে তুলে ধরে ভোটারদের কাছে পৌঁছানো যায়। এর পাশাপাশি বঙ্গ বিজেপি সূত্রে এ খবর অনেক আগে থেকেই মিলেছে যে পশ্চিমবঙ্গ বিজেপি ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের জন্য ডেটা-নির্ভর রণকৌশল তৈরি করেছে। দলীয় নেতারা জানান, সাম্প্রতিক ভোটের ফলাফলের আসনভিত্তিক বিশ্লেষণে জোর দেওয়া হচ্ছে। এর মধ্য দিয়ে অতীতের ভোটের হিসাবকে কাজে লাগিয়ে নির্বাচনী জয়ের অভিষ্টে পৌঁছানো যায়। এই মূল্যায়নে ২০১৯ ও ২০২৪ সালের লোকসভা এবং ২০২১ সালের বিধানসভা নির্বাচনের ফলাফল ও ভোটের ব্যবধানের তথ্য ব্যবহৃত হচ্ছে। মূলত, জয়ী বা প্রতিদ্বন্দ্বিতামূলক আসনগুলি অগ্রাধিকার পাবে। কারণ, বিজেপি বুঝতে পারছে প্রায় ৫০টি সংখ্যালঘু-অধ্যুষিত আসন কাঠামোগত ভাবে কঠিন। অর্থাত, এই সব আসনে বুথ এজেন্ট মোতায়েন, সাংগঠনিক উপস্থিতি ও স্থানীয় নেটওয়ার্কের মোকাবিলা সেখানে চ্যালেঞ্জিং। এই প্রসঙ্গে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্যকে বলতে শোনা গেছে, 'বাংলার মানুষ তৃণমূলের অপশাসনে বিরক্ত, তাঁরা পরিবর্তন চান। আমরা নতুন ও অতীতে জয়ী বা স্থিতিশীল ভোট ভাগ থাকা আসনগুলোতে মনোযোগ দেব।'

**বঙ্গ বিজেপির তরফ থেকে একইসঙ্গে উত্তরবঙ্গের আটটি জেলা;কোচবিহার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং, কালিম্পং ও মালদহ;নিয়ে আলাদা একটি মিনি-ইস্তাহার প্রকাশের ভাবনাও রয়েছে। রাজ্যজুড়ে সাধারণ ইস্যু নিয়ে পূর্ণাঙ্গ ইস্তেহার তো থাকবেই, তবে উত্তরবঙ্গের বিশেষ দাবি ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে পৃথক নথি আনার চেষ্টা করা হচ্ছে বলেও বঙ্গ বিজেপির অন্দরের খবর। এই প্রসঙ্গে বিজেপি বিধায়কদলের চিফ হুইপ ও শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ বলেন, উত্তরবঙ্গের মানুষের প্রয়োজন, দাবি ও আকাঙ্ক্ষাকে সামনে রেখেই এই পরিকল্পনা।**

এদিকে বিজেপির অন্দরের খবর, অভ্যন্তরীণ পর্যালোচনা অনুযায়ী, বিজেপি ২০১৯ ও ২০২৪ সালের লোকসভা এবং ২০২১ সালের বিধানসভা ভোটে ৬০টি বিধানসভা আসনে জিতেছিল বা এগিয়ে ছিল। অতিরিক্ত ৪০টি আসনে তিনটির মধ্যে দুটিতেই দল এগিয়ে ছিল। একই সময়ে, আরও ৬০টি আসনে বিজেপি অন্তত একবার জয় বা লিড পেয়েছিল, মোট ১৬০টি কেন্দ্র চিহ্নিত হয়েছে। অশোকনগর (১৯৯৯ উপনির্বাচন) ও বসিরহাট দক্ষিণে (২০১৪ উপনির্বাচন) বিজেপির জয়ও সম্ভাব্য অধিগ্রহণ তালিকা-য় রাখা হয়েছে। এর ফলে মোট সংখ্যা দাঁড়ায় ১৬২, যা ২৯৪ সদস্যের বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার জন্য প্রয়োজনীয় ১৪৮ আসনের থেকে ১৪টি বেশি। প্রসঙ্গত, ২০২১ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি ৭৭টি আসনে জয়লাভ করে ৩৮ শতাংশ ভোট পেয়েছিল।

এই প্রসঙ্গে রাজ্য বিজেপির এক বর্ষীয়ান নেতা এও জানিয়েছেন, এই আসনগুলোতে গত নির্বাচনে বিজেপি ও তৃণমূলের সম্মিলিত ভোটের পার্থক্য ১০ লক্ষের কম ছিল। সঙ্গে তিনি এও জানান, প্রতি আসনে প্রায় ৩,০০০-৩,৫০০ ভোটের গড় বৃদ্ধি ফলাফলে উল্লেখযোগ্য পরিবর্তন আনতে পারে। বিজেপি নেতাদের মতে, এই ভোট-অঙ্কই ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআর-এর মূল কারণ। বঙ্গ বিজেপির দৃঢ় বিশ্বাস, এসআইআর-এর মাধ্যমে অযোগ্য বা নকল নাম বাদ পড়লে শাসক তৃণমূলের ভোটের ব্যবধানে আঘাত হানা সম্ভব। এটি রাজ্য জুড়ে শাসক দলের সঙ্গে তাদের ব্যবধান কমাতেও সহায়ক হতে পারে, এমনকী জয় পাওয়াও অসম্ভব নয়। ভৌগোলিকভাবে, বিজেপি উত্তরবঙ্গ ও মতুয়া-অধ্যুষিত অঞ্চলগুলিতে আত্মবিশ্বাসী। বনগাঁ ও রানাঘাট লোকসভা কেন্দ্রের অধীনে ১৪টি বিধানসভা আসনের মধ্যে, বিজেপি তিনটি নির্বাচনেই ১২টিতে জিতেছিল বা এগিয়ে ছিল। আবার উত্তরবঙ্গের ধূপগুড়ি, ময়নাগুড়ি, ডাবগ্রাম-ফুলবাড়ি, আলিপুরদুয়ার, মাদারিহাট, কালচিনি, ফালাকাটা, এবং মালদার ইংরেজবাজার, পুরাতন মালদা, হবিবপুরের মতো আসনগুলিতে বারবার জয় দেখা গিয়েছে। এই প্রসঙ্গে বিজেপির অপর এক বর্ষীয়ান নেতা এও জানান, এই জয় হঠাত আসেনি। এগুলো সামাজিক বিন্যাস ও রাজনৈতিক আচরণে ধারাবাহিক পরিবর্তনের ইঙ্গিত দেয়। ২০২১ সালের প্রতিকূলতা সত্ত্বেও বিজেপি কলকাতা ও আশেপাশের এলাকাগুলিকে গুরুত্বহীন মনে করছে না। জোড়াসাঁকো, শ্যামপুকুর, বিধাননগর ও হাবরার মতো বিধানসভা আসনগুলিতে বিজেপি ২০১৯ ও ২০২৪ সালের লোকসভা নির্বাচনে এগিয়ে ছিল, যদিও গত বিধানসভা নির্বাচনে তারা হেরে যায়। আর ভবানীপুর, রাসবিহারী, মানিকতলা, বারাসত, বহরমপুর, জঙ্গিপুরের মতো আসনে লিড প্রমাণ করে যে এই আসনগুলি কাঠামোগতভাবে বিজেপির প্রতিকূল নয়।

এই সব কারণেই ২০২১ সালের প্রচারণার থেকে এবারের কৌশল ভিন্ন। এখন উচ্চপর্যায়ের দলবদল, চার্টার্ড ফ্লাইটে দলবদলুদের আনা ও বিশাল জনসভা আয়োজনের পরিবর্তে 'সংগঠন'-ই নতুন মূলমন্ত্র। এই লক্ষ্য পূরণের জন্য বিজেপি ২০২৬-এর জন্য তিনটি কার্যকরী স্তম্ভ চিহ্নিত করেছে। প্রথমটি হলো নির্বাচনী স্বচ্ছতা। যেখানে রয়েছে কঠোর কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, কঠোর নির্বাচনী পর্যবেক্ষক ও ভোটগ্রহণ-গণনা প্রক্রিয়ার নিবিড় পর্যবেক্ষণ। এই প্রসঙ্গে নেতাদের যুক্তি, বুথ-স্তরে ভীতি প্রদর্শন নিষ্ক্রিয় করা গেলেই ডজনখানেক প্রান্তিক আসনে ফলাফল পরিবর্তন সম্ভব। দ্বিতীয় স্তম্ভটি ভোট সুসংহতকরণ। যেখানে বিজেপি বাম ও কংগ্রেসের ভোটব্যাঙ্কে আরও ভাঙনের আশা করছে। যদিও এই ধরনের স্থানান্তরের মাত্রা ও গতিপথ অনুমান করা কঠিন। এক রাজ্য নেতা জানান, 'ওই ভোট তৃণমূলের কাছে যাবে না। ঐতিহাসিকভাবে, তারা আমাদের সঙ্গেই একত্রিত হয়েছে।'তৃতীয় স্তম্ভটি নেতৃত্বের বার্তা। কেন্দ্রীয় বিজেপি নেতাদের দলের প্রধান প্রচারক হিসেবে থাকার কথা। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূলের উপর নিরন্তর আক্রমণ চালিয়ে যাবেন। আর শমীক ভট্টাচার্যকে দলের সাংস্কৃতিক, অর্থনৈতিক ও সুশাসনের কণ্ঠস্বর হিসেবে তুলে ধরা হচ্ছে, যিনি বিনিয়োগ, কর্মসংস্থান ও প্রশাসনিক সংস্কারকেন্দ্রিক একটি ভিশন তুলে ধরবেন।